# পাচন-সংগ্রহ।

## আয়ুর্ব্বেদীয় সহজ রোগ চিকিৎসা।


কবিরাজ

শ্রীহরলাল গুপ্ত কবিরত্ন কর্ত্তৃক সংগৃহীত।



কলিকাতা।

২নং হরিমোহন বসুর লেন,—'নূতন কলিকাতা যন্ত্রে'

শ্রীবিহারীলাল দাস দ্বারা মুদ্রিত ও প্রকাশিত

সন ১৩০১ সাল।

মূল্য ১৲ এক টাকা।

140. f. d. 47n 1.

# পাচন-সংগ্রহ।

## আয়ুর্ব্বেদীয় সহজ রোগ চিকিৎসা।

কবিরাজ
শ্রীহরলাল গুপ্ত কবিরত্ন কর্ত্তৃক সংগৃহীত।

কলিকাতা।

২নং হরিমোহন বস্থর লেন,—"নূতন কলিকাতা যন্ত্রে"
শ্রীবিহারীলাল দাস দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

সন ১৩০১ সাল।

21. JAN. 39

# বিজ্ঞাপন।

—*—

আজকালে যে সমস্ত আয়ুর্ব্বেদীয় পুস্তক মুদ্রিত হইতেছে, তৎসমুদায়ই মূল্যাধিক্য প্রযুক্ত সর্ব্বসাধারণে ক্রয় করিতে সমর্থ হয়েন না যাহাতে গৃহস্থ লোক মাত্রেই গৃহে বসিয়া অল্প ব্যয়ে ও অনায়াসে স্বয়ং ঔষধ প্রস্তুত পূর্ব্বক সেবন করিয়া রোগ হইতে মুক্তি লাভ করিতে পারেন, তজ্জন্য আমি বহু পরিশ্রম স্বীকার করিয়া চরক সংহিতা, সুশ্রুত-সংহিতা, হারীত সংহিতা শার্ঙ্গধর সংহিতা, অষ্টাঙ্গ-হৃদয়-সংহিতা ( বাগ্ভট ), চক্রদত্ত, ভাবপ্রকাশ, ভৈষজ্য রত্নাবলী ও বৈদ্য জীবন প্রভৃতি প্রসিদ্ধ প্রাচীন আয়ুর্ব্বেদীয় গ্রন্থ হইতে সমস্ত রোগের আশু ফলপ্রদ পাচন সকল আহরণ পূর্ব্বক এই "পাচন সংগ্রহ" বা "আয়ুর্ব্বেদ মতে সহজ রোগ চিকিৎসা" নামক ক্ষুদ্র পুস্তকখানি জন সমাজে প্রকাশ করিলাম। আয়ুর্ব্বেদ শাস্ত্রে তৈল, ঘৃত, বটীকা, পাচন, অবলেহ প্রভৃতি যতপ্রকার ঔষধ আছে, তন্মধ্যে "পাচন"ই সর্ব্বোৎকৃষ্ট (অর্থাৎ পাচন প্রয়োগ দ্বারাই শীঘ্র রোগ আরোগ্য হয় ) বলিয়া মুনিগণ কর্ত্তৃক কথিত হইয়াছে এই পুস্তকে নিদানোক্ত প্রায় প্রত্যেক রোগের পাচন ক্রমান্বয়ে, প্রস্তুত প্রণালী ও সেবনবিধি সমেত যথাস্থানে সন্নিবেশিত হইয়াছে। এক্ষণে এই ক্ষুদ্র পুস্তকখানি সর্ব্বজন সমক্ষে সমাদৃত হইলে যত্ন ও পরিশ্রম সার্থক জ্ঞান করিব উপসংহার কালে সুবিজ্ঞ পাঠকমণ্ডলী সমীপে বিনীত ভাবে নিবেদন এই যে, এই পুস্তকে যখন যাঁহার বিবেচনায় ও দৃষ্টিতে যে কোন ভ্রম প্রমাদ বা অর্থ বৈষম্য পরিলক্ষিত ও বিবেচিত হইবে, তিনি অনুগ্রহ পূর্ব্বক আমাকে জানাইলে পুনর্ম্মুদ্রাঙ্কণ কালে সংশোধন পূর্ব্বক মুদ্রিত করিয়া সাধারণ সমীপে প্রকাশ করিব। ইতি সন ১৩০১ সাল, ১০ই বৈশাখ।

কলিকাতা,
আয়ুর্ব্বেদ-বিহিত ঔষধালয় } শ্রীহরলাল গুপ্ত।

# সূচীপত্রম্।


| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ | বিষয়াঃ | পত্রাঙ্কাঃ |
| --- | --- | --- | --- |
| নমস্কার সূত্রম্ | ১ | পিপ্পল্যাদিঃ | ৯ |
| গুরুবন্দনা | „ | বিশ্বাদি ক্কাথঃ | ১০ |
| পাচনস্থ নিরুক্তিঃ | „ | কণ্টাদি ক্কাথঃ | „ |
| পাচনস্ত শ্রেষ্ঠতা | ২ | গুড়ূচ্যাদি ক্কাথ কালিঙ্গ ক্কাথৌঃ | ১১ |
| পাচন-দ্রব্যাঙ্গী গ্রহণং | „ | পিত্ত জ্বরে— | |
| দ্রব্য জল পরিমাণং | „ | যব পটোলম্ | ১১ |
| জ্বর চিকিৎসা (নবজ্বরে) | | পর্পটকাদিঃ | „ |
| ষড়ঙ্গপানীয়ম্ | ৩ | নাগরাদিঃ | ১২ |
| গুড়ূচ্যাদিঃ | „ | অমৃতাদিঃ | „ |
| পথ্যাদিঃ | „ | বিদারিকাদি ক্কাথঃ | „ |
| ধান্য-পটোলম্ | ৪ | হ্রীবেরাদি ক্কাথঃ | ১৩ |
| নাগরাদিঃ | „ | ধান্য শর্করা | „ |
| আরগ্বধাদিঃ | „ | পটোলাদিঃ | „ |
| মুস্তাদিঃ | ৫ | শ্রী পর্ণ্যাদিঃ | ১৪ |
| নাগরাদিঃ | „ | বিশ্বাদিঃ | „ |
| বৃশ্চীরাদিঃ | „ | দ্রাক্ষাদিঃ | „ |
| মুস্ত-পর্পটকাদিঃ | „ | পর্পটাদিঃ | ১৫ |
| কিরাত তিক্তকাদিঃ | ৬ | তিক্তাদি ক্কাথঃ | „ |
| বাত জ্বরে— | | গুড়ূচ্যাদি ক্কাথঃ | „ |
| কিরাতাদিঃ | ৬ | মহাদ্রাক্ষাদি ক্কাথঃ | ১৬ |
| বিল্বাদিঃ | „ | ভূনিম্বাদি ক্কাথঃ | „ |
| বৃহৎপঞ্চমূলাদিঃ | ৭ | ধন্যাক ক্কাথঃ | ১৭ |
| বৃহদ্ গুড়ূচ্যাদিঃ | „ | গুড়ূচ্যাদি ক্কাথঃ | „ |
| রাস্নাদিঃ | ৮ | মৃদ্বীকাদিঃ | „ |
| গুড়ূচ্যাদিঃ | „ | দুরালভাদ্যঃ | ১৮ |
| শতপুষ্পাদিঃ | ৮ | ত্রায়মাণাদিঃ | „ |
| দশ মূলাদি ক্কাথঃ | ৯ | কফ জ্বরে— | |
| শালপর্ণ্যাদিঃ | „ | নিম্বাদিঃ | ১৯ |

| বিষযাঃ। | পত্রাঙ্কাঃ |
|---|---|
| সিন্ধুবাব ক্বাথঃ | ১৯ |
| সপ্তচ্ছদাদ্যঃ | ,, |
| বাসাদি ক্বাথঃ | ,, |
| ভূনিম্বাদিঃ | ২০ |
| পিপ্পল্যাদিগণ ক্বাথঃ | ,, |
| মরিচ্যাদি ক্বাথঃ | ২১ |
| সারিবাদিঃ | ,, |
| আমলক্যাদিঃ | ,, |
| হবিদ্রাদিঃ | ২২ |
| অভয়াদিঃ | ,, |
| মুস্তাদিঃ | ,, |
| ব্যাঘ্রাদিঃ | ,, |
| কটুত্রিকাদ্যঃ | ২৩ |
| পটোলাদিঃ | ,, |
| ত্রিফলাদিঃ | ,, |
| বাতপৈত্তিকজ্বরে— | |
| নবাঙ্গঃ | ২৪ |
| নিদিগ্ধিকাদিঃ | ,, |
| কিরাতাদি ক্বাথঃ | ,, |
| বৃহৎ কিবাতাদি ক্বাথঃ | ২৫ |
| ভার্গ্যাদিঃ | ,, |
| গুড়ূচ্যাদিঃ | ২৬ |
| বৃহদ্ গুড়ূচ্যাদিঃ | ,, |
| পঞ্চভদ্র ক্বাথঃ | ,, |
| ঘন চন্দনাদিঃ | ২৭ |
| মুস্তাদিঃ | ,, |
| ত্রিফলাদি ক্বাথঃ | ,, |
| মধুকাদ্য পাচনম্ | ২৮ |
| অমৃতাদিঃ | ,, |
| পিত্তশ্লেষ্মজ্বরে— | |
| অমৃতাষ্টকঃ | ২৯ |

| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ |
|---|---|
| পটোলাদিঃ | ২৯ |
| ধান্য-পটোলম্ | ৩০ |
| নাগরাদি ক্বাথঃ | ,, |
| গুড়ূচ্যাদি ক্বাথঃ | ,, |
| ভার্গ্যাদিঃ | ,, |
| পঞ্চতিক্তম্ | ৩১ |
| কণ্টকার্য্যাদি | ,, |
| চাতুর্ভদ্রক ক্বাথঃ | ,, |
| পটোলাদ্যঃ | ৩১ |
| ভদ্রমুস্তাদিঃ | ,, |
| দ্রাক্ষাদিঃ | ,, |
| বৃহদ্ গুড়ূচ্যাদিঃ | ৩৩ |
| বাতশ্লেষ্মজ্বরে | |
| পঞ্চকোলঃ | ৩৩ |
| কিরাতাদি ক্বাথঃ | ,, |
| ক্ষুদ্রাদিঃ | ৩৪ |
| দশমূলী ক্বাথঃ | ,, |
| পিপ্পলী ক্বাথঃ | ,, |
| বৃহৎ পিপ্পল্যাদি ক্বাথঃ | ৩৫ |
| আরগ্বধাদিঃ | ৩৬ |
| ত্রিফলাদ্য কষায়ঃ | ,, |
| ক্ষুদ্রাদ্যং পাচনম্ | ,, |
| দার্ব্ব্যাদি পাচনম্ | ৩৭ |
| মুস্তাদ্য পাচনম্ | ,, |
| সন্নিপাত জ্বরে। | |
| পঞ্চমূলী কিরাতাদিঃ | ৩৭ |
| ষোড়শাঙ্গ ক্বাথঃ | ৩৮ |
| পঞ্চদশাঙ্গ ক্বাথঃ | ,, |
| দশমূলম্ | ৩৯ |
| চাতুর্ভদ্রক ক্বাথঃ | ,, |
| চতুর্দ্দশাঙ্গঃ | ৪০ |

| বিষয়াঃ। | পত্রাঙ্কাঃ। |
|---|---|
| অষ্টাদশাঙ্গ ক্বাথঃ | ৪০ |
| বৃহৎ কট্‌ফলাদিঃ | ৪১ |
| ভূনিম্বাদ্যষ্টাদশাঙ্গঃ | ” |
| দ্বাদশাঙ্গ ক্বাথঃ | ৪২ |
| শট্যাদি ক্বাথঃ | ” |
| বৃহত্যাদি ক্বাথঃ | ” |
| লঘু রাস্নাদি পাচনম্ | ৪৩ |
| বৃহৎ রাস্নাদি পাচনম্ | ” |
| বিশ্বাদি ক্বাথঃ | ৪৪ |
| পঞ্চমুষ্টিঃ | ” |
| কট্‌ফলাদিঃ | ৪৫ |
| বাতোল্বণ সন্নিপাতে | |
| পঞ্চমূলী ক্বাথঃ | ” |
| পিত্তোল্বণ সন্নিপাতে | |
| পরূষকাদি ক্বাথঃ | ” |
| কিরাতাদি সপ্তকম্ | ৪৬ |
| মুস্তাদি ক্বাথঃ | ” |
| কফোল্বণ সন্নিপাতে | |
| বৃহত্যাদি ক্বাথঃ | ৪৭ |
| বাতপিত্তোল্বণ সন্নিপাতে | |
| পঞ্চমূলী ক্বাথঃ | ” |
| পিত্তশ্লেষ্মোল্বণ সন্নিপাতে | |
| পর্পটাদি ক্বাথঃ | ৪৮ |
| বাতশ্লেষ্মোল্বণ সন্নিপাতে | |
| চাতুর্ভদ্রক ক্বাথঃ | ” |
| বাতপিত্তশ্লেষ্মোল্বণ সন্নিপাতে। | |
| যোগরাজ ক্বাথঃ | ” |
| শীতাঙ্গ সন্নিপাতে | |
| ভাস্বন্মূলাদিঃ | ৪৯ |
| প্রলাপক সন্নিপাতে | |
| তগরাদিঃ | ” |

| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ। |
|---|---|
| রক্তষ্ঠীবন সন্নিপাতে। | |
| রোহিষাদিঃ | ৫০ |
| পদ্মকাদিঃ | ” |
| জিহ্বক সন্নিপাতে | |
| শুণ্ঠ্যাদিঃ | ” |
| সন্ধিক সন্নিপাতে | |
| বচাদিঃ | ৫১ |
| মুস্তাদিঃ | ” |
| রুগ্‌দাহ সন্নিপাতে | |
| ষড়ঙ্গ পানীয়ম্ | ” |
| ধন্যাক ক্বাথঃ | ৫২ |
| চিত্তভ্রম সন্নিপাতে | |
| মৃদ্বীকাদিঃ | ” |
| কর্ণক সন্নিপাতে | |
| ভার্গ্যাদিঃ | ৫৩ |
| কর্ণকুব্জ সন্নিপাতে। | |
| ত্রায়মাণাদ্য ক্বাথঃ | ” |
| কিরাতাদি ক্বাথঃ | ” |
| অভিন্যাস জ্বরে | |
| কারব্যাদিঃ | ৫৪ |
| ত্রিবৃতাদিঃ | ” |
| মাতুলুঙ্গাদিঃ | ৫৫ |
| বোয়াদ্য পাচনম্ | ” |
| বিষম জ্বরে | |
| গুড়ূচ্যাদিঃ | ৫৫ |
| সন্ততক জ্বরে। | |
| কলিঙ্গাদিঃ | ৫৬ |
| সততকজ্বরে | |
| পটোলাদিঃ | ” |
| অন্যেদ্যুষ্ক জ্বরে। | |
| নিম্বাদিঃ | ” |

| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ |
|---|---|
| **তৃতীয়ক জ্বরে** | |
| কিরাতাদিঃ | ৫৬ |
| মহৌষধাদিঃ | ৫৭ |
| উশীরাদিঃ | ,, |
| **ঐকাহিক জ্বরে।** | |
| পটোল দিঃ | ,, |
| **চাতুর্থক জ্বরে** | |
| বাসাদিঃ | ৫৮ |
| অম্ভোধর দ্যম্ | ,, |
| মহাবলাদিঃ | ,, |
| মুস্তাদিঃ | ,, |
| মধুকাদিঃ | ৫৯ |
| ত্রিফলাদিঃ | ,, |
| স্বল্প ভার্গ্যাদিঃ | ,, |
| মধ্য ভার্গ্যাদিঃ | ৬০ |
| বৃহদ্ভার্গ্যাদিঃ | ,, |
| দাক্ষ্যাদি পাচনম্ | ৬১ |
| দার্ব্ব্যাদি পাচনম্ | ৬২ |
| **পুরাতন জ্বরে।** | |
| নিদিগ্ধিকাদিঃ | ৬৩ |
| **রাত্রিজ্বরে** | |
| গুড়ূচ্যাদিঃ | ৬৪ |
| কটুকাদিঃ | ,, |
| **পুরাতন জ্বরে** | |
| অমৃতা ক্বাথঃ | ,, |
| দ্রাক্ষাদিরষ্টাদশাঙ্গ ক্বাথঃ | ৬৫ |
| **দূষিত জল জন্য জ্বরে** | |
| পটোলাদি ক্বাথঃ | ,, |
| দশাঙ্গ ক্বাথঃ | ৬৬ |
| দ্বাত্রিংশ ক্বাথঃ | ,, |

| বিষয়াঃ। | পত্রাঙ্কাঃ |
|---|---|
| **কাম জ্বরে** | |
| বালকাদিঃ | ৬৭ |
| **জ্বরেচ্ছর্দ্দৌ।** | |
| গুড়ূচ্যাদি ক্বাথঃ, | ,, |
| **জ্বরে বিড়্গ্রহে** | |
| পথ্যাদিঃ | ,, |
| **জ্বরাতিসার চিকিৎসা** | |
| হ্রীবেরাদিঃ | ৬৮ |
| উশীরাদিঃ | ,, |
| পাঠাদিঃ | ৬৯ |
| গুড়ূচ্যাদিঃ | ,, |
| শুণ্ঠী দশমূলম্ | ৭০ |
| নাগরাদিঃ | ,, |
| পঞ্চমূল্যাদিঃ | ,, |
| বৃহৎপঞ্চমূল্যাদিঃ | ৭১ |
| কলিঙ্গাদিঃ | ,, |
| ঘন জলাদিঃ | ৭২ |
| ধন্য নাগরাদ্যম্ | ,, |
| বিল্বাদি ক্বাথঃ | ,, |
| কুটজাদিঃ | ৭৩ |
| পাঠাদিঃ | ,, |
| কিরাতাদিঃ | ,, |
| বিড়ঙ্গাদিঃ | ,, |
| শুণ্ঠ্যাদিঃ | ৭৪ |
| বৎসকাদিঃ | ,, |
| ধান্যশুণ্ঠী | ,, |
| ভূনিম্বাদিঃ | ৭৫ |
| পথ্যাদিঃ | ,, |
| বিল্বপঞ্চকম্ | ,, |

| বিষয়াঃ। | পত্রাঙ্কাঃ |
|---|---|
| কণাদি ক্বাথঃ | ৭৬ |
| দশমূলী ক্বাথঃ | ,, |
| উৎপল ষট্কম্ | ,, |
| **অতীসার-চিকিৎসা** | |
| বৎসকাদি ক্বাথঃ | ৭৭ |
| ধান্য পঞ্চকম্ | ,, |
| ধান্য চতুষ্কম্ | ,, |
| কুটজাদিঃ | ৭৮ |
| পথ্যাদি ক্বাথঃ | ,, |
| কঞ্চটাদিঃ | ,, |
| যোগত্রয়ম্ | ৭৯ |
| পটোলাদিঃ | ,, |
| বিল্বাদি ক্বাথঃ | ,, |
| চব্যাদি ক্বাথঃ | ৮০ |
| হ্রীবেরাদিঃ | ,, |
| শালপর্ণ্যাদিঃ | ,, |
| ধন্যাদ্য ক্বাথঃ | ,, |
| পঞ্চমূল্যাদিঃ | ৮১ |
| **গ্রহণী চিকিৎসা।** | |
| যমানিকাদিঃ | ৮১ |
| ধান্যকাদিঃ | ৮২ |
| পুনর্নবাদিঃ | ,, |
| শালপর্ণ্যাদিঃ | ,, |
| শুণ্ঠ্যাদিঃ | ,, |
| **অর্শোরোগ-চিকিৎসা** | |
| চন্দনাদি ক্বাথঃ | ৮৩ |
| পথ্যাদিঃ | ,, |
| বিড়ঙ্গাদিঃ | ৮৪ |
| যোগঃ | ,, |

| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ |
|---|---|
| **অগ্নিমান্দ্য-চিকিৎসা** | |
| ধান্য নাগরম্ | ৮৪ |
| নিম্বাদি ক্বাথঃ | ৮৫ |
| বিশ্বাদি ক্বাথঃ | ,, |
| **ক্রিমিরোগ চিকিৎসা।** | |
| মুস্তকাদিঃ | ৮৫ |
| যোগদ্বয়ম্ | ৮৬ |
| **পাণ্ডু কামলা, হলীমক-চিকিৎসা** | |
| ত্রিফলাদি ক্বাথঃ | ,, |
| পুনর্নবাদি ক্বাথঃ | ৮৭ |
| যোগদ্বয়ম্ | ,, |
| **রক্তপিত্ত—চিকিৎসা** | |
| হ্রীবেরাদিঃ | ৮৮ |
| বাসকাদিঃ | ,, |
| ধান্যকাদিঃ | ,, |
| অটরূষকাদিঃ | ৮৯ |
| **যক্ষ্মা, হিক্কা, শ্বাস, কাস ও হৃদ্রোগ-চিকিৎসা** | |
| অশ্বগন্ধাদিঃ | ৮৯ |
| পঞ্চমূলী ক্বাথঃ | ,, |
| পিপ্পল্যাদি ক্বাথঃ | ৯০ |
| দশমূলাদিঃ | ,, |
| কণ্টকার্য্যাদি | ,, |
| শট্যাদি ক্বাথঃ | ৯১ |
| বাসাদি ক্বাথঃ | ,, |
| শুণ্ঠী-ভার্গী ক্বাথঃ | ,, |
| বলাদিঃ | ৯২ |
| **স্বরভেদ, অরোচকচ্ছর্দি দাহ ও তৃষ্ণা-চিকিৎসা।** | |
| পিপ্পল্যাদিঃ | ৯২ |
| যোগদ্বয়ম্ | ,, |

| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ |
|---|---|
| পর্পটাদিঃ | ৯৩ |
| গুড়ূচ্যাদিঃ | ,, |
| ছর্দ্দিঃ ক্বাথ পঞ্চকম্ | ,, |
| ধান্যাক ক্বাথঃ | ৯৪ |
| যোগদ্বয়ম্ | ,, |
| ত্রিফলাদিঃ | ,, |
| চন্দনাদি ক্বাথঃ | ,, |
| মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ ও ভ্রম চিকিৎসা | |
| দ্রাক্ষাদি ক্বাথঃ | ৯৫ |
| দুরালভা ক্বাথঃ | ,, |
| মহৌষধাদিঃ | ৯০ |
| বাতব্যাধি চিকিৎসা। | |
| দশমূলাদিঃ | ৯৬ |
| বলাদিঃ | ,, |
| শেফালিকা ক্বাথঃ | ,, |
| যোগঃ | ৯৭ |
| এরণ্ডাদিঃ | ,, |
| সিংহাস্যাদিঃ | ,, |
| রাস্নাসপ্তক ক্বাথঃ | ৯৮ |
| মাষাদি ক্বাথঃ | ,, |
| গোক্ষুরাদিঃ | ,, |
| ক্বাথত্রয়ম্ | ৯৯ |
| পুনর্নবাদিঃ | ,, |
| বাতরক্ত-চিকিৎসা | |
| যোগঃ | ৯৯ |
| পটোলাদি ক্বাথঃ | ১০০ |
| মঞ্জিষ্ঠাদিঃ | ,, |
| এরণ্ডাদি | ,, |
| চিত্রকাদিঃ | ,, |
| অমৃতাদিঃ | ১০১ |

| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ। |
|---|---|
| ক্বাথত্রয়ম্ | ১০১ |
| নবকার্ষিক পাচনম্ | ১০২ |
| উরুস্তম্ভ-চিকিৎসা | |
| ভল্লাতকাদিঃ | ১০৩ |
| রাস্নাদি ক্বাথঃ | ,, |
| যোগত্রয়ম্ | ১০৪ |
| আমবাত চিকিৎসা | |
| রাস্নাদি দশমূলম্ | ,, |
| রাস্না সপ্তকম্ | ১০৫ |
| রাস্নাপঞ্চকম্ | ,, |
| এরণ্ডাদিঃ | ,, |
| পঞ্চকোলঃ | ১০৬ |
| শট্যাদিঃ | ,, |
| রসোনাদি ক্বাথঃ | ,, |
| মধ্যম রাস্নাদি ক্বাথঃ | ,, |
| মহারাস্নাদি ক্বাথঃ | ১০৭ |
| শূলরোগ চিকিৎসা | |
| বিশাদিঃ | ১০৮ |
| বিল্বাদিঃ | ১০৯ |
| শতমূল্যাদিঃ | ,, |
| ক্বাথত্রয়ম্ | ,, |
| ত্রিফলাদিঃ | ১ ০ |
| বলাদিঃ | ,, |
| দশমূলাদিঃ | ,, |
| যোগঃ | ১১১ |
| উদাবর্ত্তানাহ ও গুল্ম-চিকিৎসা। | |
| ব্যোষাদিঃ | ১১১ |
| পথ্যাদিঃ | ১১২ |
| তিলক্বাথঃ | ,, |
| বচাদিঃ | ,, |
| দ্রাক্ষাদিঃ | ১১৩ |

| বিষয়াঃ। | পত্রাঙ্কাঃ | বিষয়াঃ | পত্রাঙ্কাঃ। |
|---|---|---|---|
| ধাত্র্যাদিঃ | ১১৩ | মূত্রাঘাতে। | |
| যমানিকাদিঃ | ” | ক্বাথত্রয়ম্ | ১২৩ |
| ত্রিকটাদিঃ | ” | পাটলাদিঃ | ” |
| প্রমেহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাতাশ্মরী চিকিৎসা। | | ত্রিফলাদিঃ | ১২৪ |
| | | অশ্মরীরোগে | |
| আদৌ প্রমেহে— | | বরুণাদিঃ | ১২৪ |
| ফলত্রিকাদি ক্বাথঃ | ১১৪ | বৃহদ্‌বরুণাদিঃ | ১২৫ |
| কতিপয় ক্বাথঃ | ” | শুণ্ঠ্যাদি বরুণাদি-কষায়ঃ | ” |
| বিড়ঙ্গাদিঃ | ১১৫ | এলাদি ক্বাথঃ | ১২৬ |
| মুস্তকাদিঃ | ১১৬ | বীরতর্ব্বাদিগণ ক্বাথঃ | ” |
| উদকপ্রমেহে ক্বাথঃ | ' | ক্বাথদ্বয়ম্ | ” |
| রক্তপ্রমেহে ” | ” | উদর, প্লীহা, যকৃৎ ও শোথ-চিকিৎসা। | |
| পূয়প্রমেহে ” | ১১৭ | | |
| শুক্রপ্রমেহে ” | ” | দশমূলী ক্বাথঃ | ১২৭ |
| সর্পির্মেহে ” | ” | পুনর্ণবাদি ক্বাথঃ | ” |
| হস্তিমেহে ” | ” | যবক্ষারাদিঃ | ১২৮ |
| ক্ষৌদ্র ও বসামেহে ” | ১১৮ | রোহীতক্যাদিঃ | ” |
| অষ্টৌ ক্বাথাঃ | ” | শোভাঞ্জনাদিঃ | ” |
| পঞ্চৌক্বাথাঃ | ১১৮ | সিংহাস্যাদিঃ | ১২৯ |
| ষট্‌ক্বাথাঃ | ১১৯ | পুনর্নবাষ্টকঃ | ” |
| দূর্ব্বাদিঃ | ১২০ | শুণ্ঠীপুনর্নবাদিঃ | ” |
| মূত্রকৃচ্ছে। | | পটোলাদিঃ | ১৩০ |
| তৃণপঞ্চমূলম্ | ১২০ | ত্রিফলাদিঃ | ” |
| অমৃতাদিঃ | ” | ক্বাথদ্বয়ম্ | ” |
| শতাবর্য্যাদিঃ | ” | পথ্যাদি ক্বাথঃ | ১৩১ |
| | | বৃদ্ধিরোগ-চিকিৎসা | |
| ধাত্র্যাদিঃ | ১২১ | | |
| গোক্ষুর ক্বাথঃ | ” | রাস্নাদিঃ | ১৩১ |
| বৃহদ্ধাত্র্যাদিঃ | ” | ত্রিকটাদিঃ | ” |
| হরীতক্যাদিঃ | ১২২ | ক্বাথদ্বয়ম্ | ১৩২ |
| ত্রিকণ্টকাদিঃ | ” | বিদ্রধি চিকিৎসা | |
| শ্বদংষ্ট্রাদিঃ | ” | পুনর্নবাদিঃ | ১৩২ |

| বিষয়াঃ | পত্রাঙ্কাঃ |
|---|---|
| ক্বাথদ্বয়ম্ | ১৩৩ |
| **উপদংশ-চিকিৎসা** | |
| পটোলাদিঃ | ১৩৩ |
| **কুষ্ঠরোগ-চিকিৎসা** | |
| ধাত্র্যাদিঃ | ১৩৪ |
| ক্বাথদ্বয়ম্ | ,, |
| আরগ্বধাদি ক্বাথঃ | ১৩৫ |
| লঘু মঞ্জিষ্ঠাদি ক্বাথঃ | ১৩৬ |
| মধ্য মঞ্জিষ্ঠাদি ক্বাথঃ | ,, |
| বৃহন্মঞ্জিষ্ঠাদি ক্বাথঃ | ১৩৭ |
| **বিসর্প ও বিস্ফোট চিকিৎসা** | |
| ভূনিম্বাদিঃ | ১৩৮ |
| মুস্তাদিঃ | ,, |
| নবকষায়ঃ | ,, |
| অমৃতাদি কষায়ঃ | ১৩৯ |
| পটোলাদিঃ | ,, |
| ত্রিফলাদিঃ | ১৪০ |
| **অম্লপিত্ত চিকিৎসা।** | |
| ক্বাথচতুষ্টয়ম্ | ১৪০ |
| যবাদিঃ | ১৪১ |
| পটোলাদিঃ | ,, |
| দশাঙ্গঃ | ১৪২ |
| ক্বাথত্রয়ম্ | ,, |
| **মসূরীরোগ-চিকিৎসা।** | |
| দশমূলাদিঃ | ১৪৩ |
| নিম্বাদিঃ | ,, |
| বাসকাদিঃ | ১৪৪ |
| চন্দনাদিঃ | ,, |
| পটোলাদিঃ | ,, |
| **মুখরোগ চিকিৎসা।** | |
| পঞ্চযোগাঃ | ১৪৫ |

| বিষয়াঃ। | পত্রাঙ্কাঃ |
|---|---|
| সপ্তচ্ছদাদিঃ | ১৪৬ |
| পটোলাদিঃ | ,, |
| **নেত্ররোগ-চিকিৎসা** | |
| বাসকাদিঃ | ১৪৭ |
| বৃহদ্বাসকাদিঃ | ,, |
| ধাত্যাদিঃ | ১৪৮ |
| **স্ত্রীরোগ-চিকিৎসা।** | |
| আদৌপ্রদরে— | |
| দার্ব্ব্যাদিঃ | ১৪৮ |
| অশোক ক্বাথঃ | ১৪৯ |
| প্রদরান্তকঃ | ,, |
| **গর্ভিণী-চিকিৎসা** | |
| এরণ্ডাদিঃ | ১৪৯ |
| হ্রীবেরাদিঃ | ১৫০ |
| মধুকাদিঃ | ,, |
| চন্দনাদিঃ | ,, |
| ক্বাথদ্বয়ম্ | ১৫১ |
| **সূতিকারোগ চিকিৎসা।** | |
| অমৃতাদিঃ | ১৫১ |
| সূতিকাদশমূলম্ | ১৫২ |
| সহচরাদিঃ | ,, |
| দেবদার্ব্ব্যাদি ক্বাথঃ | ,, |
| ক্বাথত্রয়ম্ | ১৫৩ |
| **বালরোগ-চিকিৎসা** | |
| মুস্তকাদিঃ | ১৫৪ |
| হরিদ্রাদিঃ | ,, |
| সমঙ্গাদিঃ | ১৫৫ |
| নাগরাদিঃ | ,, |
| বিল্বাদিঃ | ,, |
| পটোল্যাদিঃ | ,, |
| পঞ্চমূল্যাদিঃ | ১৫৬ |
| বিল্বাদিঃ | ,, |

# পাচন-সংগ্রহঃ।

বা

## আয়ুর্ব্বেদ মতে সহজ রোগ চিকিৎসা।

অব্যক্তং জগদাধারং নির্ম্মুক্তং পরমাত্মকম্।
নমামি সচ্চিদানন্দং পুরুষং বিশ্বকারণম্॥

যিনি অব্যক্ত, জগতের আধার স্বরূপ, নির্মুক্ত এবং বিশ্বকারণ, এমন যে পরম পুরুষ সচ্চিদানন্দ, তাঁহাকে আমি নমস্কার করি।

নত্বা গুরু পদদ্বন্দং দৃষ্ট্বা গ্রন্থাণ্যনেকশঃ।
রোগানীক বিনাশায় যত্নতঃ ক্রিযতে ময়া॥

গুরুর পাদপদ্মদ্বয়ে নমস্কার করতঃ সমস্ত রোগ বিনাশের নিমিত্ত, যত্ন সহকারে বহুশঃ গ্রন্থ দৃষ্টি পূর্ব্বক, মৎ কর্তৃক এই গ্রন্থখানি সংগৃহীত হইল।

যৎ পচত্যামমাহারং পচেদামং রসঞ্চযৎ।
যদপক্কান্ পচেদ্দোষান্ তদ্ধি পাচন মুচ্যতে॥

যদ্দারা অপক্ক আহার, অপক্ক রস এবং অপক্ক দোষের পরিপাক হয়, তাহাকে পাচন বলা যায়।

সর্ব্বৌষধেষু পাচনংমুষিভিঃ শ্রেষ্ঠ মুচ্যতে।
ব্যাধি প্রপীড়িতং নরো যস্মাক্রতং সুখাভবেৎ॥

তৈল, ঘৃত, বটী, অবলেহ, চূর্ণ ও মোদক পাচন প্রভৃতি সকল প্রকার ঔষধের মধ্যে "পাচন" দ্বারাই শীঘ্র রোগ আরোগ্য হয়, তজ্জন্যই আয়ুর্ব্বেদাচার্য্য মহাত্মা ঋষিগণ পাচনকেই সকল ঔষধ অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়াছেন।

পানীয়ং ষোড়ষগুণং ক্ষুন্নে দ্রব্য পলে ক্ষিপেৎ।
মৃৎপাত্রে ক্কাথয়েদ্ গ্রাহ্যমষ্টমাংশাবশেষিতম্॥

একপল (৮তোলা)দ্রব্য কুট্টিত করতঃ ষোলগুণ জল সহযোগে মৃত্তিকা নির্ম্মিত পাত্রে জ্বাল দিয়া অষ্টভাগের একভাগ অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া লইলে কাথ ( পাচন ) প্রস্তুত হয়।

গৃহীত্বা দশরক্তিক মাষাষ্টৈ তোলকদ্বয়ম্।
ষোড়শিকং বারি দত্ত্বা গ্রাহ্যং পাদাবশেষিতম্॥

পাচনের দ্রব্য ও জলের পরিমাণ। ১০ রতিতে মাষার ৮ মাষায় যে তোলা হয়, পাচনের দ্রব্যের পরিমাণ সেই ওজনের সমস্তে সমভাগে মিলিত ২ তোলা, পাকার্থ জল ১৬ গুণ ( ৩২ তোলা ), শেষ ৮ তোলা। এইরূপ নিয়মে পাচন প্রস্তুত করিতে হয়। এই গ্রন্থোক্ত সমস্ত পাচন প্রস্তুতের এই নিয়ম

# জ্বর-চিকিৎসা। ( নবজ্বরে )।

## ষড়ঙ্গ পানীয়ম্।

মুস্ত পর্পটকোশীর চন্দনোদীচ্য নাগরৈঃ।
শৃতং শীতং জলং দেয়ং পিপাসা জ্বর শান্তয়ে॥

মুথা, ক্ষেতপাপড়া, বেণারমূল, রক্তচন্দন, বালা ও শুঁঠ; এই ৬টী দ্রব্য সমভাগে মিলিত ২ তোলা লইয়া ৴৪ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধাবশিষ্ট (৴২ সের) থাকিতে নামাইয়া শীতল হইলে রোগীকে পান করাইবে ইহাদ্বারা জ্বর ও পিপাসার শান্তি হয়।

## গুড়ূচ্যাদিঃ।

গুড়ূচী নিম্বধন্যাকং পদ্মকং রক্তচন্দনম্।
এষাং সর্ব্বান্ জ্বরান্ হন্তি গুড়ূচ্যাদিস্তু দীপনঃ॥

গুলঞ্চ, নিমছাল, ধনে, পদ্মকাঠ ও রক্তচন্দন; ইহাদের দ্বারা ক্বাথ প্রস্তুত কবিয়া পান করিলে সর্ব্বপ্রকার জ্বর প্রশমিত হয়

## পথ্যাদিঃ।

পথ্যারগ্বধ তিক্তা ত্রিবৃদামলকৈঃ শৃতং তোয়ম্।
পাচন সারক মুক্তং মুনিভির্জীর্ণজ্বরে সামে॥

হরীতকী, সোঁদাল, কট্‌কী, তেউড়ীমূল ও আমলকী; ইহাদের ক্বাথ অপক্ক-রসাশ্রিত-তরুণ জ্বরে হিতকারী। ইহা পাচক ও সারক বলিয়া মুনিগণ কর্ত্তৃক কথিত হইয়াছে

## ধান্য-পটোলম্।

দীপনং কফ বিচ্ছেদি বাত পিত্তানুলোমনম্।
জ্বরঘ্নং পাচনং ভেদি শৃতং ধান্য পটোলয়োঃ।

ধনে একতোলা ও পল্‌তা ১ তোলা একুনে ২ তোলা একত্রে কুট্টিত করিয়া ৩২ তোলা জলে সিদ্ধ করতঃ ৮ তোলা অবশিষ্ট থাকিতে নামাইয়া পান করিলে, অগ্নিবৃদ্ধি, বায়ু, পিত্ত ও কফের অনুলোমতা, জ্বরনাশ ও দাস্ত পরিষ্কার হয়

## নাগরাদিঃ।

নাগরং দেবকাষ্ঠঞ্চ ধন্যাকং বৃহতীদ্বয়ম্।
দেয়ং পাচনকং পূর্ব্বং জ্বরিতায় জ্বরাপহম্

শুঁঠ, দেবদারু, ধনে বৃহতী ও কণ্টকারী, এই পাঁচটী দ্রব্য সমভাগে মিলিত দুই তোলা, জল ৩২ তোলা শেষ ৮ তোলা। এই ক্বাথ সকল প্রকার নবজ্বরে হিতকারী

## আরগ্বধাদিঃ।

আরগ্বধ গ্রন্থিক মুস্ত তিক্ত, হরীতকীভিঃ
ক্বথিতঃ কষায়ঃ। সামে সশূলে কফবাত
যুক্তে, জ্বরেহিতো দীপন পাচনশ্চ॥

সোঁদালফল, পিপুলমূল মুথা, কট্‌কী ও হরীতকী; এই পাঁচটী দ্রব্য সমভাগে মিলিত ২ তোলা, জল ৩২ তোলা, শেষ ৮ তোলা। এই ক্বাথ আম এবং শূল সংযুক্ত বাতশ্লেষ্ম জ্বর নাশক ও অগ্নি প্রদীপক।

## মুস্তাদিঃ।

মুস্ত পর্পটকোদীচ্যচ্ছত্রাখ্যোশীর চন্দনৈঃ।
শৃতং শীতং জলং দদ্যাত্তৃড় দাহ জ্বর শান্তয়ে ॥

মুথা, ক্ষেত্পাপড়া, বালা, ধনে, বেণারমূল ও রক্তচন্দন; এই ৬টী দ্রব্য সমভাগে মিলিত ২ তোলা, জল ৩২ তোলা, শেষ ৮ তোলা। এই ক্বাথ পান করিলে তৃষ্ণা, দাহ ও জ্বর প্রশমিত হয়

## নাগরাদিঃ।

নাগরং দেবকাষ্ঠঞ্চ ধ্যামকং বৃহতীদ্বয়ম্
দদ্যাৎ পাচনকং পূর্ব্বং জ্বরিতেভ্যো জ্বরাপহম্ ॥

শুঁঠ, দেবদারু, রৌহিষ (অভাবে বেণারমূল), বৃহতী ও কণ্টকারী, ইহাদের দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ সেবন করিলে জ্বর আরোগ্য হয়।

## বৃশ্চীরাদিঃ

বৃশ্চীর বিল্ব বর্ষাভূপয়ঃ মোদক মেবচ।
পচেৎ ক্ষীরাবশেষন্তৎ পেয়ং সর্ব্বজ্বরাপহম্ ॥

শ্বেতপুনর্নবা, বেলমূলের ছাল ও রক্তপুনর্নবা; ইহাদের সহিত দুগ্ধ ও জল একত্রে পাক করিয়া দুগ্ধাবশিষ্ট থাকিতে নামাইয়া সেবন করিবে। ইহা সর্ব্ব জ্বর নাশক

## মুস্ত-পর্পটকাদিঃ।

পক্ত্বা জলে কষায়ন্বা মুস্ত পর্পটকং পিবেৎ
সনাগরং পর্পটকং পিবেদ্বা সজ্বরালভম্ ॥

মুথা, ক্ষেতপাপড়া অথবা শুঁঠ ক্ষেতপাপড়া ও দুরালভা ; ইহার কোন একটী দ্বারা কাথ প্রস্তুত করতঃ পান করিলে জ্বর বিনষ্ট হয়।

## কিরাত-তিক্তকাদিঃ।

কিরাত তিক্তকং মুস্তং গুড়ূচী বিশ্বভেষজম্।
পাঠা মুশীরং সোদীচ্যং পিবেদ্ধ জ্বরশান্তয়ে।

চিরতা, কটকী, মুথা, গুলঞ্চ, শুঁঠ আকনাদি, বেণারমূল ও বালা ; ইহাদের কাথ পান করিলে জ্বর প্রশমিত হয়

ইতি নবজ্বর চিকিৎসা।

---

# বাতজ্বরে।

## কিরাতাদিঃ

কিরাতাব্দামৃতোদীচ্য বৃহতীদ্বয় গোক্ষুরৈঃ।
ত্রিপর্ণী কলশী বিশ্বৈঃ কাথো বাতজ্বরাপহঃ।

চিরতা, মুথা, গুলঞ্চ, বালা, বৃহতী, কণ্টকারী গোক্ষুর, শালপানি, চাকুলে ও শুঁঠ, এই ১০টী দ্রব্য সমভাগে মিলিত ২ তোলা, জল ৩২ তোলা, শেষ ৮ তোলা এই কাথ পান করিলে বাতিক জ্বর নষ্ট হয়

## বিল্বাদিঃ

বিল্বাদি পঞ্চমূলী চ গুড়ূচ্যামলকে তথা।
কুস্তুম্বুরু সমোপেতঃ কষায়ো বাতিকে জ্বরে॥

বেল, শোনা, গাম্ভারী, পারুল, গণিয়ারী শুলঞ্চ ও মহতী ধনে এই সকল দ্রব্য সমভাগে মিলিত ২ তোলা, জল ৩২ তোলা, শেষ ৮ তোলা, এই কাথ সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিনষ্ট হয়।

### বৃহৎ পঞ্চমূল্যাদিঃ

পঞ্চমূলী বলা রাস্না কুলথৈঃ সংপৌষ্করৈঃ
ক্বাথো হন্যাচ্ছির কম্পং পর্ব্বভেদং মরুজ্জ্বরম্॥

পঞ্চমূল (বেল, শোনা, গাম্ভারী, পারুল, গণিয়ারী) বেড়েলা, রাস্না, কুলথকলাই ও পুষ্করমূল (অভাবে কুড়) এই দ্রব্যগুলি সমভাগে ২ তোলা লইয়া, ৩২ তোলা জলে সিদ্ধ করিয়া ৮ তোলা থাকিতে নামাইয়া পান করাইবে ইহা সেবনে শিরঃকম্প ও পর্ব্বভেদ সংযুক্ত বাতজ্বর বিনষ্ট হয়।

### বৃহদ্গুড়ূচ্যাদিঃ

গুড়ূচী চন্দনং পদ্ম নাগরেন্দ্র যবাসকম্
অভয়া ধন্বযোদীচ্য পাঠা ধাত্র্যব্দ রোহিণী
কষায়ং পায়য়েদেতৎ পিপ্পলীচূর্ণ সংযুতম্
কাস শ্বাস জ্বরান্ হন্তি পিপাসা দাহ নাশনঃ
বিণ্মূত্রানিল বিষ্টম্ভে ত্রিদোষ এ ভবেদ্ধিতঃ

গুলঞ্চ, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ, শুঁঠ, ইন্দ্রযব, দুরালভা, হরীতকী, সোঁদাল, বালা, আকনাদি ধনে, মুথা ও কট্‌কী, এই দ্রব্য গুলি সমভাগে মিলিত ২ তোলা জল ৩২ তোলা, শেষ ৮ তোলা। প্রক্ষেপ পিপুল চূর্ণ ৪ রতি এই কাথ পান করিলে

কাস, শ্বাস, জ্বর দাহ ও তৃষ্ণা নষ্ট হয় এবং মল, মূত্র ও বায়ুর সরলতা হয়। ইহা সন্নিপাতেও প্রয়োজ্য।

## রাস্নাদিঃ।

রাস্না বৃক্ষাদনী দারু সরলং সৈল বালুকম্।
কোষ্ণং সগুড় সর্পিষ্কং পিবেদ্বাত জ্বরাপহম্॥

রাস্না, পরগাছা, দেবদারু, সরলকাষ্ঠ ও এলবালুকা, এই দ্রব্যগুলি সমভাগে লইয়া ক্বাথ প্রস্তুত করিবে এই ক্বাথে গুড় ও ঘৃত মিশ্রিত করিয়া পান করিলে বাতজ্বর প্রশমিত হয়

## গুড়ূচ্যাদিঃ।

গুড়ূচী শতপুষ্পা চ প্লক্ষো রাস্না পুনর্নবা
ত্রায়মাণা কষায়শ্চ গুড়ৈর্ব্বাত জ্বরাপহঃ॥

গুলঞ্চ, শলুফ পাকুড়, রাস্ন, পুনর্নবা ও বলালতা; ইহার ক্বাথে গুড় মিশ্রিত করিয়া পান করিলে বাত্তিক জ্বর বিনষ্ট হয়।

## শতপুষ্পাদিঃ।

শতপুষ্পা বচা কুষ্ঠং দেবদারু হরেণুকা
কুস্তুম্বুরূণি নলদং মুস্তং চৈবাশু সাধয়েৎ।
ক্ষৌদ্রেণ সিতয়া চাপি যুক্তো ক্বাথেঽনিলাত্মকে।

শলুফা, বচ, কুড়, দেবদারু, রেণুক, ধনে, বেণার মূল, ও মুথা; এই ক্বাথে মধু ॰ আনা ও চিনি।॰ আনা মিশ্রিত করতঃ পান করিলে বাতজ্বর প্রশমিত হয়।

## দশমূলাদি ক্কাথঃ।

শ্রীফলঃ সর্ব্বতোভদ্রা কামদূতী চ শ্যোণকঃ
তর্কারী গোক্ষুরঃ ক্ষুদ্রা বৃহতী কলশী স্থিরা।
রাস্না কণা কণামূলং কুষ্ঠং শুণ্ঠী কিরাতকঃ
মুস্তা বলামৃতা বালা দ্রাক্ষা যাসঃ শতাহ্বিকা॥
এষাং ক্কাথো নিহন্ত্যেব প্রভঞ্জন কৃতং জ্বরম্।
সোপদ্রবঞ্চ যোগোহয়ং সর্ব্বযোগ বরঃ স্মৃতঃ॥

বেলছাল, গাম্ভারী, পারুল, শোনা, গণিয়ারী, গোক্ষুর, কণ্টকারী, বৃহতী, চাকুলে, শালপানি, রাস্না, পিপুল, পিপুলমূল, কুড়, শুঁঠ, চিরতা, মুতা, বেড়েলা, গুলঞ্চ, বালা কিস্‌মিস্‌, দুরালভা এবং শতমূলী; ইহাদের ক্কাথ পান করিলে বাতজ্বর এবং তজ্জন্য সকল উপদ্রব বিনষ্ট হয়

## শালপর্ণ্যাদিঃ।

শালপর্ণী বলা রাস্না গুড়ূচী সারিবা তথা।
আসাং ক্কাথং পিবেৎ কোষ্ণং তীব্রবাতজ্বরচ্ছিদম্॥

শালপানি বেড়েলা, রাস্না গুলঞ্চ ও অনন্তমূল, ইহাদের ক্কাথ ঈষৎ উষ্ণাবস্থায় পান করিলে অতিতীব্র বাতজ্বর প্রশমিত হয়।

## পিপ্পল্যাদিঃ।

পিপ্পলী সারিবা দ্রাক্ষা শতপুষ্পা হরেণুভিঃ।
কৃতঃ কষায়ঃ সগুড়ো হন্যাৎ শ্বসনজং জ্বরম্॥

পিপুল, অনন্তমূল, কিস্‌মিস্‌, শলুফা ও রেণুকা; ইহাদের কাথ গুড় সহ সেবন করিলে বাতজ্বর নষ্ট হয়।

## বিশ্বাদি-কাথঃ।

বিশ্বামৃতা গ্রন্থিক সিদ্ধ তোয় মরুজ্জ্বরঃ
স্যাৎ পিবতঃ কুতোঽয়ম্। কাথোঽথ কুস্তু-
ম্বুরু দেবদারু ক্ষুদ্রৌষধৈঃ পাচন মত্র চারু॥

শুঁঠ, গুলঞ্চ ও পিপ্পলীমূল দ্বারা কাথ প্রস্তুত করিয়া সেবন করিলে অথবা ধনে, দেবদারু ও কণ্টকারীর কাথ পান করিলে বাতিক জ্বর নষ্ট হয়।

## কণাদিকাথঃ।

কণা রসোনামৃতবল্লী বিশ্বা নিদিগ্ধিকা
সিন্ধুক ভূমি নিম্বৈঃ। সমুস্তকৈঃ রাচ-
রিতঃ কষায়ো হিতাশিনাংহন্তি গদানি-
মাংস্তু॥ জ্বরং মরুদ্দ্ভূষ্টি সমুদ্ভবঞ্চবলা-
সজং চানল মন্দতাঞ্চ। কণ্ঠাবরোধং
হৃদয়াবরোধং স্বেদঞ্চ রোমাঞ্চ হিমত্ত্ব মোহান্

পিপ্পলী, রসোন, গুলঞ্চ, শুঁঠ কণ্টকারী, সৈন্ধব, চিরতা ও মুথা; ইহাদের কাথ সেবন করিয়া হিতকর দ্রব্য পথ্য করিলে বাতজনিত জ্বর, অগ্নিমান্দ্য, ঘর্ম্ম ও দাহ প্রভৃতি বিনষ্ট হয়।

গুড়ূচ্যাদি ক্বাথ-কালিঙ্গক্বাথৌ।

গুড়ূচী পিপ্পলী মূল নাগরৈঃ পাচনং শৃতম্।
বাতজ্বরে তথাপেয়ং কালিঙ্গং সপ্তমেঽহনি ॥

গুলঞ্চ, পিপুলমূল ও শুঁঠ; ইহাদের কাথ বা ইন্দ্রযবের ক্বাথ বাতজ্বর রোগীকে সপ্তম দিবসে সেবন করাইবে।

ইতি বাতজ্বর-চিকিৎসা।

---

## পিত্তজ্বরে।

### যবপটোলম্।

পটোল যবনিঃক্বাথো মধুনা মধুরী কৃতঃ।
তীব্র পিত্ত জ্বরামর্দ্দী পানাত্তৃড় দাহনাশনঃ ॥

পল্‌তা ১ তোলা ও যব ১ তোলা, জল ৩২ তোলা, শেষ ৮ তোলা। এই ক্বাথে অর্দ্ধতোলা মধু মিশ্রিত করিয়া পান করিলে প্রবল পিত্তজ্বর, তৃষ্ণা ও দাহ নষ্ট হয়।

### পর্প্পটকাদিঃ।

একঃ পর্প্পটকঃ শ্রেষ্ঠঃ পিত্তজ্বর বিনাশনঃ।
কিং পুনর্যদি যুজ্যেত চন্দনোদীচ্য নাগরৈঃ ॥

একমাত্র ক্ষেৎপাপড়ার ক্বাথ সেবনে পিত্তজ্বর বিনষ্ট হয়। কিন্তু যদি ক্ষেৎপাপড়া, রক্তচন্দন, বালা ও শুঁঠ সমভাগে ২ তোলা লইয়া কাথ প্রস্তুত করতঃ সেবন করা যায় তবে আরও অধিকতর উপকারী হয়

### নাগরাদিঃ

নাগরোশীর মুস্তা চ চন্দনং কটু রোহিণী।
ধান্যকানাং ক্বাথ এব পিত্তজ্বর বিনাশকঃ।

শুঁঠ, বেণারমূল, মুথা, রক্তচন্দন, কট্‌কী ও ধনে; ইহাদের ক্বাথ সেবনে পিত্তজ্বর বিনষ্ট হয়

### অমৃতাদিঃ।

অমৃতা পর্পটো ধাত্রী ক্বাথঃ পিত্তজ্বরং হরেৎ।
সিতারগ্বধয়োর্ব্বাপি কাশ্মর্য্যস্যাথবা পুনঃ॥
দ্রাক্ষা পর্পটকং তিক্তা পথ্যারগ্বধ মুস্তকৈঃ।
ক্বাথস্তৃষ্ণা ভ্রম দাহযুক্তে পিত্ত জ্বরাপহঃ॥

১। গুলঞ্চ, ক্ষেত্‌পাপড়া, আমলকী। ২। সোন্দালু ও গাম্ভারী ইক্ষুচিনি প্রক্ষেপ দিয়া। ৩। কিস্‌মিস্, ক্ষেত্‌পাপড়া, কট্‌কী, হরীতকী, সোন্দালু, মুথা, এই তিনটী যোগের মধ্যে কোন একটীর ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে তৃষ্ণা, ভ্রম, দাহ প্রভৃতি উপদ্রব যুক্ত পিত্তজ্বর বিনষ্ট হয়।

### বিদারিকাদি ক্বাথঃ।

বিদারিকা রোধ্র দধিথকানাং স্যান্মাতুলু-
ঙ্গস্য চ দাড়িমানাং। যথানুভাবেন চ
মূলপত্রং নিহন্তি তৃট্ দাহ স মূর্চ্ছনঞ্চ॥

ভুমিকুষ্মাণ্ড, লোধ, কয়েত্‌বেল, মাতুলুঙ্গ, এবং দাড়িম;

এই সকলের মূল বা পত্রের কাথ সেবন করিলে পিত্তজ্বর, তৃষ্ণা, ও দাহ প্রভৃতি বিনষ্ট হয়।

### হ্রীবেরাদি ক্বাথঃ

হ্রীবের চন্দনোশীর ঘন পর্পট সাধিতম্।
দদ্যাৎ সুশীতলং বারি তৃট্ ছর্দ্দি জ্বর দাহনুৎ॥

বালা, রক্তচন্দন, বেণারমূল, মুথা ও ক্ষেত পাপড়ার শীতল ক্বাথ সেবন করিলে তৃষ্ণা, বমি ও পিত্তজ্বর প্রশমিত হয়।

### ধান্যশর্করা।

ব্যুষিতং ধন্যাক জলং প্রাতঃ পীতং সশর্করম্।
পুংসাম্ অন্তর্দ্দাহং শময়ত্যচিরাদ্দুর প্ররূঢ়মপি॥

২ তোলা ধনে কুটিয়া, ৮ তোলা জলে রাত্রিতে ভিজাইয়া রাখিয়া পর দিবস প্রাতে ছাকিয়া ঐ জলের সহিত ২ তোলা চিনি মিশ্রিত করিয়া পান করিলে পিত্তজ্বর ও আভ্যন্তরিক গাত্র জ্বালা নিবারণ হয়।

### পটোলাদিঃ।

পটোল যবধন্যাক মধুকং মধু সংযুতম্।
হন্তি পিত্তজ্বরং দাহং তৃষ্ণাঞ্চাতি প্রমথিনীম্॥

পলূতা, যব, ধনে ও যষ্টিমধু; ইহাদের ক্বাথ মধুসহ পান করিলে পিত্তজ্বর, দাহ ও তৃষ্ণা প্রশমিত হয়।

### শ্রীপর্ণ্যাদিঃ।

শ্রীপর্ণী চন্দনোশীর পরূষক মধুকজঃ।
শর্করা মধুরো হন্তি কষায়ঃ পৈত্তিকং জ্বরম্ ॥

গাম্ভারী, রক্তচন্দন, বেণারমূল, পরূষফল ও মউয়াফুল; ইহাদের ক্বাথ চিনিসহ সেবন করিলে পৈত্তিকজ্বর বিনষ্ট হয়।

### বিশ্বাদিঃ।

বিশ্বাম্বু পর্পটোশীর ঘন চন্দন সাধিতম্।
দদ্যাৎ সুশীতলং বারি তৃট্ ছর্দ্দি জ্বর দাহনুৎ ॥

শুঁঠ, বালা, ক্ষেত্‌পাপড়া, বেণারমূল, মুথা ও রক্তচন্দন; ইহাদের ক্বাথ শীতল করিয়া পান করিলে পিত্তজ্বর, পিপাসা ও বমি প্রশমিত হয়।

### দ্রাক্ষাদিঃ।

দ্রাক্ষা হরীতকী মুস্তা কটুকাকৃতমালকঃ।
পর্পটক কৃতঃ ক্বাথ এষাং পিত্তজ্বরাপহঃ।
মুখশোষ প্রলাপান্তর্দ্দাহ মূর্চ্ছাভ্রম প্রনুৎ।
পিপাসা রক্তপিত্তানাং শমনো ভেদনোমতঃ ॥

কিস্‌মিস্, হরীতকী, মুথা, কট্‌কী, সোণাল্ ও ক্ষেত্‌পাপড়া; ইহাদেব ক্বাথ সেবন করিলে পিত্তজ্বর এবং তজ্জনিত উপদ্রব সমূহ বিনষ্ট হয়।

## পর্পটাদিঃ।

পর্প্পটো বাসক স্তিক্তা কৈরাতো ধন্বযাসকঃ।
প্রিয়ঙ্গুশ্চ কৃতঃ ক্বাথ এষাং শর্করয়াযুতঃ॥
পিপাসা দাহ পিত্তাস্র যুতং পিত্তজ্বরং হরেৎ॥

ক্ষেৎপাপড়া, বাসক, কট্‌কী, চিরতা, দুরালভা ও প্রিয়ঙ্গু; ইহাদের ক্বাথ ইক্ষুচিনি সহ সেবন করিলে রক্তপিত্ত সংযুক্ত পৈত্তিক জ্বর ও তজ্জনিত উপদ্রব সমূহ বিনষ্ট হয়।

## তিক্তাদিক্বাথঃ।

তিক্তা মুস্তাযবৈঃ পাঠা কট্‌ফলাভ্যাং সহো-
দকম্।
পক্বং সশর্করং পীতং পাচনং পৈত্তিকেজ্বরে॥

কট্‌কী, মুথা, ইন্দ্রযব, আকনাদি, কট্‌ফল ও বালা; ইহাদের ক্বাথ চিনিসহ সেবন করিলে পৈত্তিক জ্বর প্রশমিত হয়

## গুড়ূচ্যাদি ক্বাথঃ।

গুড়ূচ্যামলকৈর্যুক্ত কেবলো বাপি পর্পটঃ।
পিত্তজ্বরং হরেত্তূর্ণং দাহশোষ ভ্রমান্বিতম্।

গুলঞ্চ ও আমলকী সংযুক্ত ক্ষেতপাপড়ার ক্বাথ অথবা কেবল ক্ষেতপাপড়ার ক্বাথ পান করিলে দাহ, শোষ ও ভ্রম সমন্বিত পিত্তজ্বর অতি শীঘ্র নষ্ট হয়।

### মহাদ্রাক্ষাদি-ক্বাথঃ।

দ্রাক্ষা চন্দন পদ্মানি মুস্তা তিক্তামৃতাপি চ।
ধাত্রী বাল মুশীরঞ্চ লোধ্রেন্দ্রযব পর্পটাঃ॥
পরূষকং প্রিয়ঙ্গুশ্চ যবাসো বাসক স্তথা।
মধুকং কুলকঞ্চাপি কিরাতো ধান্যকং তথা॥
এষাং ক্বাথো নিহন্ত্যেব জ্বরং পিত্ত সমুত্থিতম্।
তৃষ্ণাং দাহং প্রলাপঞ্চ রক্তপিত্তং ভ্রমং ক্লমম্॥
মূর্চ্ছাং ছর্দ্দিং তথাশূলং মুখশোষ মরোচকম্।
কাসং শ্বাসঞ্চ হৃল্লাসং নাশয়েন্নাত্র সংশয়ঃ॥

কিস্‌মিস্‌, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ মুথা, কট্‌কী, গুলঞ্চ, আমলকী, বালা, বেণাবমূল, লোধ, ইন্দ্রযব ক্ষেৎপাপড়া, পরূষফল, প্রিয়ঙ্গু, দুরালভা, বাসক, যষ্টিমধু, পল্‌তা, চিরতা ও ধনে; এই সকল দ্রব্য একত্রে মিলিত করতঃ ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে পৈত্তিকজ্বর, ভ্রম, দাহ, তৃষ্ণা, মুখশোষ ও অরুচি প্রভৃতি বিনষ্ট হয়।

### ভূনিম্বাদি-ক্বাথঃ।

ভূনিম্বাতিবিষা লোধ্র মুস্তকেন্দ্রযবামৃতা।
বালকং ধান্যকং বিল্বং কষায়ো মাক্ষিকান্বিতঃ॥
বিড়্‌ভেদ শ্বাস কাসাংশ্চ রক্তপিত্তজ্বরং হরেৎ॥

চিরতা, আতইষ, লোধ, মুথা, ইন্দ্রযব, গুলঞ্চ, বালা, ধনে

ও বেলছাল; ইহাদের ক্বাথ মধু সহযোগে পান করিলে স্বরভেদ, শ্বাস, কাস, রক্তপিত্ত ও জ্বর বিনষ্ট হয়।

## ধন্যাক-ক্বাথঃ।

সসিতো নিশি পর্য্যুষিত প্রাতর্ধন্যাক ক্বাথঃ।
পীতঃ শময়ত্যচিরাদন্তর্দ্দাহং জ্বরং পৈত্তম্।

ধনের ক্বাথ বাসি করিয়া চিনির সহিত প্রাতঃকালে পান করিলে অতি শীঘ্রই অন্তর্দ্দাহ এবং পৈত্তিকজ্বর বিনষ্ট হয়।

## গুড়ূচ্যাদি-ক্বাথঃ।

গুড়ূচী ভূমিনিম্বশ্চ বালং বীরণমূলকম্।
লঘু মুস্তং ত্রিবৃদ্ধাত্রী দ্রাক্ষা বাসা চ পর্পটঃ।
এষাং ক্বাথো হরত্যেব জ্বরং পিত্তকৃতং দ্রুতম্।
সোপদ্রবমপি প্রাতর্নিপাতো মধুনাসহ।

গুলঞ্চ, চিরতা, বালা, বেণাবমূল, অগুরু, মুথা, তেউড়ী, আমলকী, কিস্‌মিস্, বাসক ও ক্ষেত্‌পাপড়া; এই সকল দ্রব্যের ক্বাথ প্রস্তুত করতঃ মধুর সহিত প্রাতঃ সময়ে পান করিলে উপদ্রব সমন্বিত পৈত্তিক জ্বর শীঘ্র বিনষ্ট হয়।

## মৃদ্বীকাদিঃ।

মৃদ্বীকা মধুকং নিম্বং কটুকারোহিণী সমা।
অবশ্যায় স্থিতং পাক্য মেতৎ পিত্তজ্বরাপহম্॥

কিস্‌মিস্‌ যষ্টিমধু, নিমছাল ও কট্‌কী; এই সকল দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করিয়া শিশিরে রাখিয়া পর দিন প্রাতঃকালে পান করিলে পৈত্তিক জ্বর প্রশমিত হয়

দুরালভাদ্যঃ।

দুরালভা বাসক পর্পটানাং প্রিয়ঙ্গু নিম্ব
কটুরোহিণীনাম্‌। কিরাততিক্তং ক্বথিতং
কষায়ং সশর্করাঢ্য ক্বথিতঞ্চ পাচনম্‌॥
সদাহ পিত্তজ্বরমাশুহন্তি তৃষ্ণাভ্রমং শোষ
বিকারযুক্তম্‌।

দুরালভা, বাসক, ক্ষেত্‌পাপড়া, প্রিয়ঙ্গু, নিমছাল, কট্‌কী ও চিরতা; ইহাদের কাথ চিনির সহিত পান করিলে দাহযুক্ত পিত্তজ্বর, তৃষ্ণা, ভ্রম ও শোষ নষ্ট হয়।

ত্রায়মাণাদিঃ।

ত্রায়মাণা চ মধুকং পিপ্পলীমূল মেব চ।
কিরাততিক্তকং মুস্তং মধুকং সবিভীতকম্‌॥
সশর্কর পীতমেতৎ পিত্তজ্বর বিনাশনম্‌॥

বলালতা, যষ্টিমধু, পিপ্পলেরমূল, চিরতা, মুথা, মধুকপুষ্প (মউয়াফুল) ও বহেড়া এই কাথের সহিত চিনি মিশ্রিত করিয়া পান করিলে পিত্তজ্বর বিনষ্ট হয়।

ইতি পিত্তজ্বর চিকিৎসা।

## কফজ্বরে।

### নিম্বাদিঃ

লিম্ব বিশ্বামৃতা দারু শটী ভূনিম্ব পৌষ্করম্।
পিপ্পল্যৌ বৃহতীচেতি ক্বাথো হন্তি কফজ্বরম্।

নিমছাল, শুঁঠ, গুলঞ্চ, দেবদারু শঠী, চিরতা, কুড়, পিপুল, গজপিপুল ও বৃহতী; ইহাদের ক্বাথ সেবন করিলে কফজ্বর বিনষ্ট হয়

### সিন্ধুবার-ক্বাথঃ।

সিন্ধুবার দল ক্বাথঃ সোষণং কফজে জ্বরে।
জঙ্ঘয়োশ্চা বলে ক্ষীণে কর্ণে বা পিহিতে পিবেৎ॥

নিসিন্দা পাতার ক্বাথে, প্রক্ষেপ ০ আনা মরিচ চূর্ণ এই ক্বাথ জঙ্ঘা দ্বয়ের দুর্ব্বলত ও শ্রবণ শক্তির হ্রাস হইলে পান করিবে

### সপ্তচ্ছদাদ্যঃ।

সপ্তচ্ছদং গুড়ূচীঞ্চ নিম্বস্ফূর্জ্জক মেবচ।
ক্বাথয়িত্বা পিবেৎ ক্বাথং সক্ষৌদ্রং কফজেজ্বরে॥

ছাতিমছাল, লোধ্র, গুলঞ্চ ও নিমছাল; ইহাদের ক্বাথ মধুসহ সেবন করিলে কফজ্বর বিনষ্ট হয়।

### বাসাদি-ক্বাথঃ।

বাসা ক্ষুদ্রামৃতা ক্বাথঃ ক্ষৌদ্রেন জ্বরকাসহৃৎ।

বাসকছাল, কণ্টকারী ও গুলঞ্চ; এই দ্রব্য ত্রয়ের ক্বাথ মধুর সহিত সেবন করিলে কফজ্বর ও কাস নিবারিত হয়।

## ভূনিম্বাদিঃ।

ভূনিম্ব নিম্ব পিপ্পলী শটী শুণ্ঠী শতাবরী।
গুড়ূচী বৃহতীচেতি ক্বাথোহন্যাৎ কফজ্বরম্।

চিরতা, নিমছাল, পিপুল, শঠী, শুঁঠ, শতমূলী, গুলঞ্চ ও বৃহতী; ইহাদের ক্বাথ সেবনে কফজ্বর বিনষ্ট হয়

## পিপ্পল্যাদিগণ-ক্বাথঃ।

পিপ্পলী পিপ্পলী মূলং মরিচং গজপিপ্পলী
নাগরং চিত্রকঞ্চব্যং রেণুকৈলাজমোদিকা॥
সর্ষপো হিঙ্গুভার্গী চ পাঠেন্দ্রযব জীরকাঃ।
মহানিম্ব বচা মূর্ব্বা বিষা তিক্তা বিড়ঙ্গকম্॥
পিপ্পল্যাদি গণো হ্যেষ কফ মারুত নাশনঃ।
গুল্মশূল জ্বর হরো দীপনস্ত্বাম পাচনঃ॥

পিপ্পলী, পিপ্পলীমূল, মরিচ, গজপিপ্পলী, শুঁঠ চিতা, চই, রেণুকা, এলাচি, যমানী, সর্ষপ হিং, বামনহাটী, আকনাদি, ইন্দ্রযব, জীরা, মহানিম্বফল, বচ, সূচীমুখী (গোড় চক্র) আতইষ, কট্‌কী ও বিড়ঙ্গ; ইহাদের ক্বাথ সেবন করিলে অগ্নিদীপ্তি ও আমদোষের পরিপাক হইয়া থাকে এবং কফ, বায়ু, গুল্ম, শূল ও জ্বর বিনষ্ট হয়।

[library stamp]

### মরিচাদি-ক্বাথঃ।

মরিচং পিপ্পলীমূলং নাগরং কারবীকণা।
চিত্রকং কট্‌ফলং কুষ্ঠং সসুগন্ধি বচা শিবা ॥
কণ্টকারী জটাশৃঙ্গী যমানী পিচুমর্দ্দকঃ।
এষাং ক্বাথো হরত্যেব জ্বরং সোপদ্রবং কফম্ ॥

মরিচ, পিপ্পলীমূল, শুঁঠ, কৃষ্ণজীরা, পিপ্পলী চিতা, কট্‌ফল, কুড়, মহাবলীবচ, হরীতকী, কণ্টকারী, জটামাংসী, কাঁকড়াশৃঙ্গী, যমানী ও নিমছাল; এই সকল দ্রব্যের ক্বাথ সেবন করিলে উপদ্রব সমন্বিত কফজ্বর বিনষ্ট হয়।

### সারিবাদিঃ।

সারিবাতিবিষা কুষ্ঠ পুরাখ্যৈঃ সদুরালভৈঃ।
মুস্তেন চ কৃতঃ ক্বাথঃ পীতো হন্যাৎ কফজ্বরম্ ॥

অনন্তমূল, আতইষ, কুড়, গুগ্‌গুল্ দুরালভা ও মুথা, ইহাদের ক্বাথ সেবন করিলে কফজ্বর বিনষ্ট হয়।

### আমলক্যাদিঃ।

আমলক্যভয়া কৃষ্ণা চিত্রকশ্চেত্যয়ং গণঃ।
সর্ব্বজ্বর কফাতঙ্ক ভেদী দীপনঃ পাচনঃ ॥

আমলকী, হরীতকী, পিপুল ও রক্তচিতার মূল এই দ্রব্য চতুষ্টয়ের ক্বাথ পান করিলে অগ্নিদীপ্তি ও কফজ্বর প্রশমিত হইয়া থাকে।

## হরিদ্রাদিঃ।

হরিদ্রাং চিত্রকং নিম্বমুশীরাতিবিষে বচা।
কুষ্ঠমিন্দ্রযবান্ মূর্ব্বাং পটোলঞ্চাপি সাধিতম্॥
পিবেন্মরিচ মিলিতং সক্ষৌদ্রং কফজে জ্বরে॥

কাঁচা হরিদ্রা, রক্তচিতারমূল, নিমছাল, বেণারমূল, আতইষ কুড়, ইন্দ্রযব, মূর্চ্চামূর্ব্বা, বচ ও পলতা; এই সকল দ্রব্যের ক্বাথ মরিচ চূর্ণ ও মধুসহ সেবন করিলে কফজ্বর বিনষ্ট হয়

## অভয়াদিঃ।

অভয়ামলকী কৃষ্ণা ষড়্গ্রন্থা চিত্রকস্তথা।
মলভেদী কফাতঙ্ক জ্বর নাশন দীপনম্॥

হরীতকী, আমলকী, পিপুল, বচ ও চিতার মূল এই সকল দ্রব্যের ক্বাথ কফজ্বর নাশক, মল ভেদক ও অগ্নিদীপক।

## মুস্তাদিঃ।

মুস্তং বৎসক বীজানি ত্রিফলা কটুরোহিণী।
পরূষকানি চ ক্বাথঃ কফজ্বর বিনাশনঃ॥

মুথা, ইন্দ্রযব, হরীতকী, আমলকী, বহেড়া, কট্‌কী ও পরূষ ফল ইহাদের ক্বাথ সেবন করিলে কফ জ্বর বিনষ্ট হয়

## ব্যাঘ্র্যাদিঃ।

ব্যাঘ্রী চৈব সিংহী চৈব রোধ্রং কুষ্ঠ পটোলকম্।
জ্বরে কফাত্মজে চৈতৎ পাচনং স্যাত্তদুত্তমম্॥

কণ্টকারী, বৃহতী, লোধ, কুড় ও পলতা এই সকল দ্রব্যের ক্বাথ সেবনে কফ জ্বর প্রশমিত হইয়া থাকে।

## কটুত্রিকাদ্যঃ।

কটুত্রিকং নাগপুষ্পং হরিদ্রা কটুরোহিণী।
কৌটজঞ্চ ফলং হন্যাৎ সেব্যমানং কফ জ্বরম্॥

শুঁঠ, পিপুল, মরিচ, নাগকেশর, হরিদ্রা, কটকী ও ইন্দ্রযব ইহাদের ক্বাথ সেবন করিলে কফ জ্বর প্রশমিত হইয়া থাকে

## পটোলাদিঃ।

পটোল ত্রিফলা তিক্তা শটী বাসামৃতা ভবঃ।
ক্বাথো মধুযুতঃ পীতো হন্যাৎ কফকৃতং জ্বরম্॥

পলতা, হরীতকী, আমলকী, বহেড়া, কট্‌কী, শঠী, বাসক ও গুলঞ্চ ইহাদের ক্বাথ সেবনে কফ জ্বর বিনষ্ট হয়

## ত্রিফলাদিঃ।

ত্রিফলা পটোল বাসা ছিন্নরুহাতিতিক্ত
রোহিণী ষড়্‌গ্রন্থাঃ। মধুনা শ্লেষ্ম সমুত্থে
দশমূলী বাসকস্য বা ক্বাথঃ॥

হরীতকী, আমলকী, বহেড়া, পলতা, বাসক, গুলঞ্চ, কট্‌কী, ও বচ ইহাদের ক্বাথ অথবা দশমূল (বেল, শোনা, গাম্ভারী পারুল, গণিয়ারী, শালপাণী, চাকুলে, বৃহতী, গোক্ষুর ও কণ্টকারী;

ইহাদিগকে দশমূল বলে ) ও বাসকের ক্বাথ মধুর সহিত সেবন করিলে কফজ্বর প্রশমিত হয়

ইতি কফ জ্বর চিকিৎসা।

---

# বাতপৈত্তিক জ্বরে।

## নবাঙ্গঃ।

বিশ্বামৃতাব্দ ভূনিম্বৈঃ পঞ্চমূলী সমন্বিতৈঃ।
কৃতঃ কষায়ো হন্ত্যাশু বাত পিত্তোদ্ভবং জ্বরম্ ॥

শুঠ, গুলঞ্চ, মুথ, চিরতা, শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর; ইহাদের ক্বাথ সেবনে আশু বাত পৈত্তিক জ্বর নষ্ট হয়।

## নিদিগ্ধিকাদিঃ।

নিদিগ্ধিকা বলা রাস্না ত্রায় মাণামৃতা যুতৈঃ।
মসূর বিদলৈঃ ক্বাথো বাত পিত্ত জ্বরং হরেৎ।

কণ্টকারী, বেড়েলা, রাস্না, বলালতা, গুলঞ্চ ও শ্যামালতা ইহাদের ক্বাথ সেবনে বাত পিত্তক জ্বর বিনষ্ট হয়

## কিরাতাদি ক্বাথঃ।

কিরাত তিক্তমমৃতা দ্রাক্ষামামলকং শটী।
নিঃক্বাথ্য সগুড়ং ক্বাথং বাত পিত্ত জ্বরে পিবেৎ ॥

চিরতা, গুলঞ্চ, কিস্‌মিস্, আমলকী ও শঠী এই সকল

একত্রে কাথ প্রস্তুত করিয়া গুড়ের সহিত সেবন করিলে পিত্ত জ্বর বিনষ্ট হয়

## বৃহৎ কিরাতাদি-ক্বাথঃ।

কিরাততিক্তামলকী শটীনাং দ্রাক্ষোষণা
নাগরকামৃতানাম্। ক্বাথঃ সুশীতো গুড়ূ-
সংযুতঃস্যাৎ স পিত্তবাতজ্বরনাশহেতুঃ॥

চিরতা, আমলকী, শঠী, কিস্‌মিস্, মরিচ, শুঁঠ ও গুলঞ্চ; ইহাদের ক্বাথ শীতল করিয়া গুড়ের সহিত পান করিলে বাত-পৈত্তিক জ্বর প্রশমিত হয়।

## ভার্গ্যাদিঃ।

ভার্গী গুড়ূচী ঘনদারু সিংহী শুণ্ঠী কণা-
পুষ্করজঃ কষায়ঃ। জ্বরং নিহন্তি শ্বসনং
ক্ষিণোতি ক্ষুধাং করোতি রুচিং
তনোতি॥

বামনহাটী, গুলঞ্চ, মুথা, দেবদারু, কণ্টকারী, শুঁঠ, পিপুল ও কুড়; এই সকল দ্রব্যদ্বারা যথানিয়মে ক্বাথ প্রস্তুত করিবে। ইহা দ্বারা শ্বাস সমন্বিত জ্বর বিনষ্ট হয়, অত্যন্ত ক্ষুধা বর্দ্ধিত হয় এবং অন্নে রুচি জন্মিয়া থাকে।

### গুড়ুচ্যাদিঃ।

গুড়ুচী নিম্বধন্যাকং পদ্মকং রক্তচন্দনম্।
এষাং সর্ব্বান্ জ্বরান্ হন্তি গুড়ুচ্যাদিস্তু দীপনঃ॥
হৃল্লাসারোচক চ্ছর্দ্দি পিপাসা দাহ নাশনঃ॥

গুলঞ্চ, নিমছাল, ধনে, পদ্মকাষ্ঠ ও রক্তচন্দন; ইহাদের ক্বাথ সেবনে সর্ব্ব প্রকার জ্বর, অগ্নিবৃদ্ধি, দাহ ও পিপাসা প্রভৃতি প্রশমিত হয়

### বৃহৎ গুড়ুচ্যাদিঃ।

গুড়ুচী চন্দনং পদ্ম নাগরেন্দ্র যবাসকম্।
অভয়ারগ্বধোদীচ্য পাঠা ধান্যাব্দ রোহিণী॥
কষায়ং পায়য়েদেতং পিপ্পলীচূর্ণ সংযুতম্।
কাস শ্বাস জ্বরান্ হন্তি পিপাসা দাহ নাশনঃ॥
বিণ্মূত্রানিল বিষ্টম্ভে ত্রিদোষ প্রভবেঽপিচ॥

গুলঞ্চ, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ, শুঁঠ, ইন্দ্রযব, দুরালভা, হরীতকী, সোঁদাল, বালা, আকনাদি, ধনে, মুথা ও কট্কী; এই সমস্ত দ্রব্য একত্রে ক্বাথ প্রস্তুত করিয়া পিপুল চূর্ণ সহ সেবন করিলে কাস, শ্বাস, জ্বর, তৃষ্ণা ও দাহ নষ্ট হয় এবং মল মুত্র ও বায়ুর সরলতা হয়, এই ক্বাথ সন্নিপাতেও প্রযোজ্য

### পঞ্চভদ্র ক্বাথঃ।

গুড়ুচী পর্পটো মুস্তং কিরাতো বিশ্বভেষজম্।
বাত পিত্ত জ্বরে দেয়ং পঞ্চভদ্র মিদং শুভম্॥

গুলঞ্চ ক্ষেত্‌পাপড়া মুথা, চিরতা ও শুঁঠ ইহাদের ক্বাথ সেবন করিলে বাতপৈত্তিক জ্বর প্রশমিত হয়

## ঘন চন্দনাদিঃ।

ঘন চন্দনং পর্পটকং কটুকং ত্বম্বণাল পটোল দলং জলম্। শৃত শীতং সিতাযুতং পিত্তহরং জ্বর চ্ছর্দ্দি তৃষারুচি দাহ হরম্॥

মুথা, রক্তচন্দন, ক্ষেত্‌পাপড়া, কট্‌কী, পল্‌তা ও বালা। এই সকল দ্রব্যের ক্বাথ শীতল করিয়া চিনি মিশ্রিত করতঃ পান করিলে জ্বর, পিত্ত, তৃষ্ণা, বমি ও দাহ প্রভৃতি বিনষ্ট হয়।

## মুস্তাদিঃ।

মুস্ত পর্পটকোৎপল কিরাতোশীব চন্দনাৎ কর্ষঃ। শর্করয়া চ ক্রিয়তে বাত পিত্তজ্বরে বহুধা দৃষ্ট ফলঃ॥

মুথা, ক্ষেত্‌পাপড়া, নীলোৎপল, চিরতা, বেণার মূল ও রক্ত-চন্দন, এই সমস্ত দ্রব্যের ক্বাথে চিনি মিশ্রিত করতঃ পান করিলে নিশ্চয়ই বাতপৈত্তিক জ্বর বিনষ্ট হয়।

## ত্রিফলাদি ক্বাথঃ।

ত্রিফলা শাল্মলী রাস্না রাজবৃক্ষাটরূষকৈঃ।
শৃতমম্বু হরত্যাশু বাতপিত্তোদ্ভবং জ্বরম্॥

হরীতকী, আমলকী, বহেড়া, শিমুলছাল, রাস্ন, সোঁদাল ও বাসক ইহাদের ক্বাথ পান করিলে বাত পৈত্তিক জ্বর অতি শীঘ্র বিনাশ হয়

## মধুকাদ্য পাচনম্।

মধুকং সারিবেদ্রাক্ষা মধুক চন্দনোৎপলম্।
কাশ্মরী পদ্মকং লোধ্রং ত্রিফলাং পদ্মকেশরম্॥
পরূষকং মৃণালঞ্চ পচেদুত্তম বারিণি।
মধু লাজ সিতাযুতং তৎপীত মুষিতং নিশি॥
বাত পিত্ত জ্বরং দাহ তৃষ্ণা মূর্চ্ছা বমি ভ্রমান্।
শময়েদ্রক্তপিত্তঞ্চ জীমূতানিব মারুতঃ॥

যষ্টিমধু, অনন্তমূল, শ্যামালতা, কিস্মিস্ মউয়াফুল, রক্তচন্দন, নীলোৎপল, গাম্ভারী, পদ্মকাষ্ঠ, লোধ, হরীতকী, আমলকী, বহেড়া, পদ্মকেশর, পরূষফল, ও মৃণাল ; এই সকল দ্রব্য সমভাগে মিলিত দুই তোলা গ্রহণ করিয়া উত্তমরূপে ধৌত করিবে এবং কুট্টিত করিয়া পূর্ব্বদিবস তণ্ডুল জলে ভিজাইয়া রাখিবে। পর দিবস প্রাতঃকালে ঐ জল ছাকিয়া তাহাতে মধু, চিনি ও খৈ মিশ্রিত পূর্ব্বক সেবন করিলে বাতপিত্ত জ্বর, দাহ, পিপাসা, মূর্চ্ছা ও ভ্রম প্রভৃতি বাতাহত মেঘের ন্যায় দূরীভূত হয়।

## অমৃতাদিঃ।

অমৃতা মুস্তক বাসা পর্পট বিশ্বা জলেন ক্বাথঃ।
পানং পিত্ত মরুৎসু জ্বরং নিহন্যাচ্চ ভদ্র মুঞ্জঃ॥

গুলঞ্চ, মুথা, বাসক, ক্ষেত্‌পাপড়া, শুঁঠ ও বালা এই ক্বাথ পান করিলে বাত পৈত্তিক জ্বর প্রশমিত হয়

ইতি বাতপৈত্তিক জ্বর চিকিৎসা

---

## পিত্তশ্লেষ্ম জ্বরে।

### অমৃতাষ্টকঃ।

অমৃতেন্দ্রযবারিষ্ট পটোলং কটুরোহিণী।
নাগরং চন্দনং মুস্তং পিপ্পলী চূর্ণ সংযুতম্।
অমৃতাষ্টক ইত্যেষ পিত্তশ্লেষ্ম জ্বরাপহঃ।
হৃল্লাসারোচক চ্ছর্দ্দি পিপাসা দাহ নাশনঃ।

গুলঞ্চ, ইন্দ্রযব, নিমছাল, পল্‌ত, কট্‌কী, শুঁঠ, রক্তচন্দন ও মুথা, এই সকল দ্রব্যের ক্বাথ পিপুল চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে পিত্তশ্লেষ্মজ্বর, হৃল্লাস, অরুচি, বমি, পিপাসা এবং দাহ নষ্ট হয়

### পটোলাদিঃ।

পটোলং চন্দনং মূর্ব্বা তিক্তা পাঠামৃতাগণঃ।
পিত্তশ্লেষ্মারুচি চ্ছর্দ্দি জ্বর কণ্ডু বিষাপহঃ॥

পল্‌তা, রক্তচন্দন, মূর্চীমুথী, (গোড়াচক্র) কট্‌কী, আকনাদি ও গুলঞ্চ এই ক্বাথ সেবনে পিত্তশ্লেষ্মাজ্বর, অরুচিও বমি প্রভৃতি প্রশমিত হয়।

## ধান্য—পটোলম্।

দীপনং কফ বিচ্ছেদি বাত পিত্তানুলোমনম্।
জরঘ্নং পাচনং ভেদি শৃতং ধান্য পটোলয়োঃ॥

ধনে ও পল্‌তার কাথ পান করিলে বায়ু ও পিত্তকে সরল করে, ক্ষুধা বৃদ্ধি হয় ও দাস্ত পরিষ্কার হইয়া জ্বর বিনষ্ট হয়।

## নাগরাদি কাথঃ।

নাগরোশীর বিল্বাব্দ ধান্য মোচরসাম্বুভিঃ।
কৃতঃ কাথো ভবেদ্‌গ্রাহী পিত্তশ্লেষ্ম জ্বরাপহঃ॥

শুঁঠ, বেণারমূল, বেলছাল, মুথা, ধনে, মোচরস ও বালা এই সকল দ্রব্যের কাথ ধারক এবং পিত্তশ্লেষ্মজ্বর নাশক।

## গুড়ূচ্যাদি কাথঃ।

গুড়ূচী নিম্বধন্যাকং চন্দনং কটুরোহিণী।
গুড়ূচ্যাদি রয়ং কাথো পাচনো দীপনঃ স্মৃতঃ॥
তৃষ্ণা দাহারুচি চ্ছর্দ্দি পিত্তশ্লেষ্ম জ্বরাপহঃ॥

গুলঞ্চ, নিমপাতা, ধনে, রক্তচন্দন ও কট্‌কী এই সকল দ্রব্য দ্বারা প্রস্তুত কাথ, পাচক, অগ্নিদীপ্তিকারক এবং পিপাসা, দাহ, অরুচি, বমি ও পিত্তশ্লেষ্ম জ্বর নাশক

## ভার্গ্যাদিঃ।

ভার্গীবচা পর্পটক ধান্য হিঙ্গ্বভয়া ঘনৈঃ।
কাশ্মর্য্য নাগরৈঃ কাথঃ সক্ষৌদ্রঃ শ্লেষ্মপিত্তজে॥

বামনহাটী, বচ, ক্ষেত্‌পাপড়া, ধনে, হিং, হরীতকী, মুথা, গাম্ভারী ও শুঁঠ ইহাদের ক্বাথ মধু সহ সেবন করিলে পিত্ত শ্লেষ্ম জ্বর বিনষ্ট হয়।

### পঞ্চতিক্তম্‌।

ক্ষুদ্রামৃতাভ্যাং সহ নাগরেণ সপৌষ্করৈশ্চৈব
কিরাততিক্তম্‌। পিবেৎ কষায়স্ত্বিহ
পঞ্চ তিক্তং জ্বরং নিহন্ত্যষ্টবিধং সমগ্রম্‌॥

কণ্টকারী, গুলঞ্চ, শুঁঠ, পুষ্করমূল (অভাবে কুড়) ও চিরতা ইহাদের ক্বাথ সকল প্রকার জ্বর নাশক।

### কণ্টকার্য্যাদিঃ।

কণ্টকার্য্যমৃতা ভার্গী বিশ্বেন্দ্রযব বাসকম্‌।
ভূনিম্বং চন্দনং মুস্তং পটোলং কটুরোহিণী।
বিপাচ্যপায়য়েৎ ক্বাথং পিত্তশ্লেষ্ম জ্বরাপহম্‌।
দাহতৃষ্ণারুচিচ্ছর্দ্দি কাস শূল নিবারণম্‌॥

কণ্টকারী, গুলঞ্চ, বামনহাটী, শুঁঠ, ইন্দ্রযব বাসক, চিরতা, রক্তচন্দন, মুথা, পলতা ও কট্‌কী এই সকল দ্রব্যের ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে পিত্তশ্লেষ্ম জ্বর, দাহ, পিপাসা, অরুচি, বমি, কাস ও শূল নষ্ট হয়।

### চাতুর্ভদ্রক ক্বাথঃ।

কিরাতং নাগরং মুস্তং গুড়ূচীঞ্চ কফাধিকে।
পাঠোদীচ্য মৃণালৈস্তু সহ পিত্তাধিকে পিবেৎ॥

চিরতা, শুঁঠ, মুথা ও গুলঞ্চ, এই ক্বাথ কফ প্রধান পিত্তজ্বরে এবং চিরতা, শুঁঠ, মুথা, গুলঞ্চ, আকনাদি, বালা ও মৃণাল ইহাদের ক্বাথ পিত্ত প্রধান কফজ্বরে প্রয়োগ করিবে।

## পটোলাদ্যঃ।

পটোলং পিচুমর্দ্দশ্চ ত্রিফলা মধুকং বলা।
সাধিতোঽয়ং কষায়ঃস্যাৎ পিত্তশ্লেষ্মোদ্ভবে জ্বরে॥

পলতা, নিমছাল, হরীতকী, আমলকী, বহেড়া, যষ্টিমধু, ও বেড়েলা ইহাদের ক্বাথ পিত্তশ্লেষ্ম জ্বর নাশক।

## ভদ্রমুস্তাদিঃ।

ভদ্রমুস্তা নাগরং বা গুড়ূচ্যামলকাহ্বয়ম্।
পাঠা মৃণালোদীচ্যাথ ক্বাথঃ পিত্তজ্বরেকফে।

মুথা, শুঠ, গুলঞ্চ, আমলকী, আকনাদি, মৃণাল ও বালা ইহাদের ক্বাথ পিত্তশ্লেষ্ম জ্বর নাশক।

## দ্রাক্ষাদিঃ।

দ্রাক্ষামৃতা বাসকারিষ্টকানাং ভূনিম্বতিক্তে-
ন্দ্রযবাঃ পটোলম্। মুস্তা সভার্গী ক্বথিতঃ
কষায়ঃ সপিত্তশ্লেষ্ম জ্বরনাশনায়॥

কিস্মিস্, গুলঞ্চ, বাসক, নিমছাল, চিরতা, কটকী, ইন্দ্রযব, পলতা, মুথা, ও বামনহাটী ইহাদের ক্বাথ পান করিলে পিত্তশ্লেষ্ম জ্বর প্রশমিত হয়

বৃহদ্ গুড়ূচ্যাদিঃ।

গুড়ূচিকা নিম্বক বাসকঞ্চ শঠী কিরাতং
মগধা বৃহত্যৌ। দার্ব্বী পটোলং ক্বথিতং
কষায়ং পিবেন্নরঃ পিত্তকফে জ্বরে চ॥

গুলঞ্চ, নিমছাল, বাসক, শঠী, চিরতা, পিপ্পলী, বৃহতী, কণ্টকারী, দারুহরিদ্রা ও পল্‌তা ইহাদের ক্বাথ পিত্তশ্লেষ্মজ্বর-নাশক

ইতি পিত্তশ্লেষ্ম জ্বর চিকিৎসা।

---

## বাতশ্লেষ্ম জ্বরে।

পঞ্চকোলঃ।

পিপ্পলী পিপ্পলী মূল চব্য চিত্রক নাগরৈঃ।
দীপনীয়ঃ স্মৃতো বর্গঃ বাতশ্লেষ্মজ্বরাপহঃ

পিপুল, পিপুলের মূল, চৈ, চিতামুল ও শুঁঠ ইহাদের ক্বাথ সেবনে অগ্নি বৃদ্ধি ও বাতশ্লেষ্ম জ্বর নষ্ট হয়।

কিরাতাদি ক্বাথঃ।

কিরাতবিশ্বামৃতবল্লীসিংহ কণাকণামূল
রসোন সিন্দুকৈঃ। কৃতঃ কষায়ো বিনি-
হন্তি সত্বরং জ্বরং সমীরাৎ সকফাৎ
সমুত্থিতম্॥

চিরতা, শুঁঠ, গুলঞ্চ, কণ্টকারী, পিপুল, পিপুল মূল, রসোন ও নিসিন্দা পাতা; এই সকল দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে বাতশ্লেষ্মিক জ্বর নষ্ট হয়।

### ক্ষুদ্রাদিঃ।

ক্ষুদ্রামৃতা নাগর পুষ্করাহ্বয়ৈঃ কৃতঃ কষায়ঃ কফ মারুতোদ্ভবে। সশ্বাস কাসারুচি পার্শ্বরুগ্ জ্বরে, জ্বরে ত্রিদোষ প্রভবেঽপি শস্যতে।

কণ্টকারী, গুলঞ্চ, শুঁঠ ও কুড় ইহাদের ক্বাথ পান করিলে শ্বাস, কাস, অরুচি ও পার্শ্ব বেদনা সংযুক্ত বাতশ্লেষ্ম জ্বর এবং সন্নিপাত জ্বর নষ্ট হয়।

### দশমূলী ক্বাথঃ।

দশমূলী রসঃ পেয়ঃ কণাযুক্তঃ কফানিলে।
অবিপাকেঽতিনিদ্রায়াং পার্শ্বরুক্ শ্বাস কাসকে॥

বেল, শোণা, গাম্ভারী, পারুল, গণিয়ারী, শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর; এই দশ মূলীর ক্বাথ পিপুল চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে বাতশ্লেষ্ম জ্বর, দোষের অপক্কতা, অতি-নিদ্রা, পার্শ্ব বেদনা, শ্বাস এবং কাস বিনষ্ট হয়।

### পিপ্পলী ক্বাথঃ।

পিপ্পলীভিঃ শৃতং তোয় মনভিষ্যন্দি দীপনম্।
বাতশ্লেষ্ম জ্বরং হন্তি সেবিতং প্লীহনাশনম্॥

পিপ্পলী দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে, অনভিষ্যন্দি ও অগ্নিপ্রদীপক হয় এবং বাতশ্লৈষ্মিক জ্বর ও প্লীহা বিনষ্ট হইয়া থাকে।

## বৃহৎ পিপ্পল্যাদি ক্বাথঃ।

পিপ্পল্লী পিপ্পলী মূলং চব্য চিত্রক নাগরম্।
বচা সাতিবিষাজাজী পাঠা বৎসক রেণুকা ॥
কিরাততিক্তকো মূর্ব্বা সর্ষপা মরিচানিচ।
কট্‌ফলঞ্চ পুষ্করং ভার্গী বিড়ঙ্গং কর্কটাহ্বয়ম্ ॥
অর্কমূলং বৃহৎ সিংহী শ্রেয়সী স দুরালভা।
দীপ্যকশ্চাজমোদাচ শুক নাসা সহিঙ্গুকা ॥
এতানি সমভাগানি গণ একোঽষ্ট বিংশতি।
এষাং ক্বাথো নিপীতঃ স্যাদ্বাতশ্লেষ্মজ্বরাপহঃ ॥
হন্তি বাতং তথা শীতং প্রস্বেদ মতি বেপথুম্।
প্রলাপঞ্চাতি নিদ্রাঞ্চ রোমহর্ষারুচি তথা ॥
মহাবাতেঽপতন্ত্রেচ শূলত্ত্বে সর্ব্ব গাত্রজে।
পিপ্পল্যাদি মহাক্বাথো জ্বরে সর্ব্বত্র পূজিতঃ ॥

পিপ্পলী, পিপ্পলীমূল, চই, চিতা, শুঁঠ, বচ, আতইষ, কৃষ্ণজীরা, আকনাদি, কুড়চিছাল, রেণুকা চিরতা, মূর্ব্বা (মোড়াচক্র), সর্ষপ, মরিচ, কট্‌ফল, পুষ্করমূল (অভাবে কুড়) বামনহাটী, বিড়ঙ্গ, কাঁকড়াশৃঙ্গী, আকন্দের মূল, বৃহৎ কন্টকারী, রাস্না, দুরালভা, যমানী, বনযমানী, শোণাছাল ও হিং এই ২৮টী দ্রব্য

সমভাগে মিলিত দুই তোলা লইয়া যথা নিয়মে ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে, বাতশ্লৈষ্মিক জ্বর, শীত, ঘর্ম্ম, অতিশয় কম্প, প্রলাপ, অরুচি, মহাবাত ও সর্ব্বাঙ্গ বেদনা বিনষ্ট হয়। এই ক্বাথ সর্ব্ব জ্বরে হিতকারী।

## আরগ্বধাদিঃ।

আরগ্বধ গ্রন্থিক মুস্ত তিক্ত, হরীতকীভিঃ
ক্বথিতঃ কষায়ঃ। সামে সশূলে কফ বাত
যুক্তে জ্বরে হিতোদীপন পাচনশ্চ।

সোণালু ফল, পিপুল মূল, মুথা, কট্‌কী ও হরীতকী ইহাদের ক্বাথ সেবন করিলে আম এবং শূল সংযুক্ত বাতশ্লেষ্ম জ্বর বিনষ্ট হয়। ইহা অগ্নি প্রদীপক ও আমদোষ নাশক।

## ত্রিফলাদ্য কষায়ঃ।

ত্রিফলাং ত্রায়মাণাঞ্চ মৃদ্বীকাং কটুরোহিণীম্।
বাতশ্লেষ্ম হরন্ত্যেষ কষায়োহ্যানুলোমিকঃ॥

হরীতকী, আমলকী, বহেড়া, বলালতা, কিস্‌মিস্, ও কট্‌কী, ইহাদের ক্বাথ সেবন করিলে বাতশ্লেষ্মা জ্বর প্রশমিত হয়।

## ক্ষুদ্রাদ্যং পাচনম্।

মুস্তাগুড়ূচী সহ নাগরেণ বাসা জলং পর্প-
টকঞ্চ পথ্যা। ক্ষুদ্রা চ দুঃস্পর্শ যুতঃ
কষায়ঃ পানোহিতো বাত কফ জ্বরস্য।

মুথা, গুলঞ্চ, শুঁঠ, বাসক, বালা, ক্ষেতপাপড়া, হরীতকী,

কণ্টকারী ও দুরালভা ইহাদের ক্বাথ সেবন করিলে বাতশ্লেষ্ম জ্বর অপহৃত হয়

### দার্ব্ব্যাদি পাচনম্।

দারুপর্পট ভার্গ্যব্দ বচা ধান্যক কট্‌ফলৈঃ।
সাভয়া বিশ্ব পূতিকৈঃ ক্বাথো হিঙ্গু মধূৎকটঃ॥
কফবাত জ্বরে পীতো হিক্কা শোষাদি কাসনুৎ।

দেবদারু, ক্ষেত্‌পাপড়া, বামনহাটী, মুথা, বচ, ধনে, কট্‌ফল, হরীতকী, শুঁঠ ও নাটাকরঞ্জ ইহাদের ক্বাথ হিং ও মধু সহ সেবন করিলে হিক্কা ও কাসাদি উপদ্রব সংযুক্ত বাতশ্লেষ্ম জ্বর বিনষ্ট হয়।

### মুস্তাদ্য পাচনম্।

মুস্তং পর্পটকঃ শুণ্ঠী গুড়ূচী সদুরালভা।
কফবাতারুচিচ্ছর্দ্দি দাহ শোষ জ্বরাপহঃ॥

মুথা, ক্ষেত্‌পাপড়া, শুঁঠ, গুলঞ্চ ও দুরালভা; ইহাদের ক্বাথ সেবনে অরুচি, বমি ও বাতশ্লেষ্ম জ্বর বিনষ্ট হয়।

ইতি বাতশ্লেষ্মজ্বর-চিকিৎসা।

---

## সন্নিপাত জ্বরে।

### পঞ্চমূলীকিরাতাদিঃ

পঞ্চমূলী কিরাতাদির্গণো যোজ্যস্ত্রিদোষজে।
পিত্তোৎকটে চ মধনা কণয়া চ কফোৎকটে॥

স্বল্প পঞ্চমূল ( শালপানি, চাকুলে বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর ) এবং চিরতা, শুঁঠ মুথা ও গুলঞ্চ ইহাদের কাথ পিত্তো-ল্বণ সন্নিপাতে মধুপ্রক্ষেপ দিয়া ও কফোল্বণ সন্নিপাতে পিপুল চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিবে

## ষোড়শাঙ্গ ক্বাথঃ।

অর্কানন্তা কিরাতামরতরুরসনা সিন্ধু-
বারোগ্রগন্ধা তর্কারী শিগ্রুপক্কোষণ ঘুন
দয়িতা মার্কবাণাং কষায়ঃ। সদ্যস্তীব্রাং
স্ত্রিদোষানপহরতি ধনুর্ম্মারুতং দন্তবন্ধং
শৈত্যং গাত্রেষু গাঢ়ং শ্বসন কসনকং
সূতিকা বাত রোগান্

আকন্দমূল, দুরালভা, চিরতা দেবদারু, রাস্না, নিসিন্দ পত্র, বচ, গণিয়ারী, সজিনা ছাল, পিপুল, পিপুল, মূল চই, চিতা, শুঁঠ আতইষ ও ভৃঙ্গরাজ এই সকল দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে দুঃসহ সন্নিপাত, ধনুস্তম্ভ, দন্তবন্ধ, দেহের শীতলত্ব, শ্বাস, কাস প্রভৃতি রোগ বিনষ্ট হয়।

## পঞ্চদশাঙ্গ ক্বাথঃ।

তিক্তাতিক্তক পর্পটীটামৃত শরীরাস্না
কণাপৌষ্কর ত্রায়ন্তী বৃহতী সুরৌষধ শিবা
দুঃস্পর্শ ভার্গীকৃতঃ ' ক্বাথো নাশয়তি
ত্রিদোষনিকরং স্বাপং দিবা জাগরম্ নক্তং
তৃণ্মুখ শোষদাহ কসনংশ্বাসা নশেষানপি॥

কটকী, চিরতা, ক্ষেতপাপড়া, মুথা, শঠী, রাস্না, পিপুল, কুড়, বলাশত, বৃহতী, দেবদারু, শুঁঠ হরীতকী, দুরালভা ও বামনহাটী; এই ক্বাথ পান করিলে সর্ব্ব প্রকার সন্নিপাত, তৃষ্ণা, মুখশোষ, দাহ, কাস প্রভৃতি বিনষ্ট হইয়া থাকে।

দশমূলম্।

বিল্বশ্যোণাক গাম্ভারী পাটলাগণিকারিকা।
দীপনং কফ বাতঘ্নং পঞ্চমূল মিদং মহৎ॥
শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতীদ্বয় গোক্ষুরম্।
বাতপিত্তাপহং বৃষ্যং কনীয়ঃ পঞ্চমূলকম্॥
উভয়ং দশমূলংহি সন্নিপাত জ্বরাপহম্।
কাসে শ্বাসে চ তন্দ্রায়াং পার্শ্বশূলে চ শস্যতে॥
পিপ্পলী চূর্ণ সংযুক্তং কণ্ঠহৃদ্‌গ্রহনাশনঃ॥

বেল, শোণা, গাম্ভারী, পারুল ও গণিয়ারী এই পাঁচটীর মূলের নাম মহৎ পঞ্চমূল এই মহৎ পঞ্চমূল অগ্নিদীপক, কফ ও বায়ু নাশক শালিপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর এই পাঁচটীর নাম স্বল্প পঞ্চমূল। এই স্বল্প পঞ্চমূল বায়ু ও পিত্ত নাশক এবং শুক্র বর্দ্ধক। মহৎ পঞ্চমূল ও স্বল্পপঞ্চমূল একত্র করিলে দশমূল বলে। দশমূল সন্নিপাত জ্বর নাশক এবং কাস, শ্বাস, তন্দ্রা ও পার্শ্বশূলে প্রশস্ত পরন্তু দশমূলের ক্বাথ পিপুল চূর্ণের সহিত পান করিলে কণ্ঠ ও হৃদয় বেদনা নষ্ট হয়

চাতুর্ভদ্রক ক্বাথঃ।

কিরাততিক্তকো মুস্তং গুড়ূচী বিশ্বভেষজম্।
কিরাতাদির্গণোহ্যেষ চাতুর্ভদ্রক মিত্যপি॥

চিরতা, মুথা, গুলঞ্চ ও শুঁঠ ইহাদের ক্বাথ সন্নিপাত জ্বরে প্রয়োজ্য।

## চতুর্দ্দশাঙ্গঃ।

চিরজ্বরে বাত কফোল্বণে বা, ত্রিদোষজে
বা দশমূল মিশ্রঃ। কিরাত তিক্তাদির্গণঃ
প্রয়োজ্যঃ শুদ্ধ্যর্থিনে বা ত্রিবৃতা বিমিশ্রঃ।

দশমূল এবং চিরতা, মুথা, গুলঞ্চ ও শুঁঠ এই চতুর্দ্দশ দ্রব্যের ক্বথ পানে, চিরজ্বর, বাতশ্লেষ্ম প্রধান জ্বর এবং সন্নিপাত জ্বর আরোগ্য হয়। দাস্ত করান আবশ্যক হইলে এই ক্বথে তেউড়ী চূর্ণ ০ আনা মিশ্রিত করিয়া লইবে।

## অষ্টাদশাঙ্গ ক্বাথঃ।

দশমূলী শঠী শৃঙ্গী পৌষ্করং স দুরালভম্।
ভার্গী কুটজবীজঞ্চ পটোলং কটুরোহিণী॥
অষ্টাদশাঙ্গ ইত্যেষ সন্নিপাত জ্বরাপহঃ।
কাস হৃদগ্রহ পার্শ্বার্ত্তি কাস হিক্কা বমীহরঃ॥

দশমূল, শঠী কাঁকড়াশৃঙ্গী, কুড়, দুরালভা, বামনহাটী, ইন্দ্রযব, পল্‌তা ও কট্‌কী ইহাদের কাথ সেবন করিলে, সন্নিপাত জ্বর, কাস, হৃদ্‌বেদনা, পার্শ্ববেদনা, শ্বাস হিক্কা ও বমি নষ্ট হয়।

### বৃহৎ কট্‌ফলাদিঃ।

কট্‌ফলাব্দ বচা পাঠা পুষ্করাজাজীপর্পটৈঃ।
শৃঙ্গীকলিঙ্গ ধন্যাকং শটী ভৃঙ্গ কণাহ্বয়ম্‌॥
তিক্তাভয়াম্বু কৈরাতং ভার্গী রামঠকং বলা।
দশমূলী কণামূলং নিঃক্কাথ্য ক্বাথ মুত্তমম্‌।
হিঙ্গার্দ্রক রসোপেতং সন্নিপাত বিনাশনম্‌।
গলগণ্ডং গণ্ডমালাং স্বরভেদং গলাময়ান্‌।
কর্ণমূলোদ্ভবং শোথং হন্যাদ্দন্তু মুখাময়ান্‌।
কফবাত জ্বরং কাসং তথাহন্তি শিরোগদান্‌।
শিরোগুরুত্বং বাধির্য্যং নিহন্তি কফবাতিকম্‌॥

কট্‌ফল, মুথা, বচ, আকনাদি, কুড়, কৃষ্ণজীব, শ্বেত পাপড়া, কাঁকড় শৃঙ্গী, ইন্দ্রযব, ধনে, শঠী, ভৃঙ্গরাজ, পিপুল, কট্‌কী, হরীতকী, বালা, চিরতা, বামনহাটী, হিং, বেড়েলা, দশমূল ও পিপুলমূল এই একত্রিংশটী দ্রব্যের ক্বাথে হিং ও আদার রস মিশিত করিয়া পান করিলে সন্নিপাতিক জ্বর নষ্ট হয় এবং বাতশ্লেষ্ম জ্বর, কাস, শিরোরোগ প্রভৃতি অন্যান্য উপদ্রব বিনষ্ট হয়।

### ভূনিম্বাদ্যষ্টাদশাঙ্গঃ।

ভূনিম্বদারু দশমূল মহৌষধাব্দতিক্তেন্দ্র বীজ ধনিকেভকণা কষায়ঃ। তন্দ্রী প্রলাপ কসনারুচি দাহ মোহশ্বাসাদি যুক্ত মখিলং জ্বর মাশুহন্তি

চিরতা, দেবদারু, দশমূল, শুঁঠ, মুথা কট্‌কী, ইন্দ্রযব, ধনে, এবং গজ পিপুল এই অষ্টাদশ দ্রব্যের কাথ পান করিলে তন্দ্রা, প্রলাপ, কাস, অরুচি ও শ্বাস, কাসাদি নানা উপদ্রব সংযুক্ত সন্নিপাত জ্বর আরোগ্য হয়

## দ্বাদশাঙ্গ ক্বাথঃ।

দশমূলী কষায়স্তু পিপ্পলী পৌষ্করান্বিতঃ।
সন্নিপাত জ্বরে দেয়ঃ শ্বাস কাস সমন্বিতে।

দশমূলীর ক্বাথ পিপুল ও পুষ্করমূল ( অভাবে কুড় ) চুর্ণ সহযোগে পান করিলে সন্নিপাত জ্বর শ্বাস ও কাস নষ্ট হয়।

## শট্যাদি ক্বাথঃ।

শটী পুষ্করমূলঞ্চ ব্যাঘ্রী শৃঙ্গী দুরালভা।
গুড়ূচী নাগরং পাঠা কিরাতং কটুরোহিণী।
এষ শট্যাদিকঃ কাথঃ সন্নিপাত জ্বরাপহঃ।
কাসহৃদ্‌গ্রহ পার্শ্বার্ত্তি শ্বাসে তন্দ্র্যাঞ্চ শস্যতে।

শঠী, পুষ্করমূল ( অভাবে কুড় ) কণ্টকারী, কাঁকড়াশৃঙ্গী, দুরালভা, গুলঞ্চ, শুঁঠ, আকনাদি চিরতা ও কট্‌কী এই ক্বাথ সেবনে সন্নিপাত জ্বর, কাস, শ্বাস, তন্দ্রা এবং হৃদয় ও পার্শ্ব বেদনা বিনষ্ট হয়

## বৃহত্যাদি ক্বাথঃ।

বৃহত্যৌ পুষ্করং ভার্গী শঠী শৃঙ্গী দুরালভা।
বৎসকস্য চ বীজানি পটোলং কটুরোহিণী॥

এতৎ বৃহত্যাদিক পাচনং স্যাৎ কাসাদি
কোপদ্রব নাশনঞ্চ। শীঘ্রংনিহন্তি জ্বর
সন্নিপাতং শূলার্ত্তি তন্দ্রা শ্বসনে প্রশস্তঃ

বৃহতী, কণ্টকারী, কুড়, বামনহাটী, শঠী কাঁকড় শৃঙ্গী, দুরালভা, ইন্দ্রযব, পলতা ও কট্‌কী ইহাদের ক্বাথ সেবনে শ্বাস, কাস, শূল ও তন্দ্রা প্রভৃতি উপদ্রব সমন্বিত সন্নিপাত জ্বর আরোগ্য হয়

## লঘু রাস্নাদি পাচনম্।

রাস্না ত্রিকণ্টক শতাহ্ব মহৌষধিশ্চ ভার্গী
স পুষ্কর ঘনা সুরদারু ধান্যাঃ। ক্বাথো
হিতঃ সকল মারুতজিৎ জ্বরেষু স্যাৎ সন্নি-
পাত জনিতেষতি দারুণেষু

রাস্না, গোক্ষুর শলুফা, শুঁঠ, বামনহাটী, পুষ্কর মূল, মুথা, দেবদারু ও ধনে ইহাদের ক্বাথ সেবন করিলে সুদারুণ সন্নিপাত জ্বর বিনষ্ট হয়

## বৃহৎ রাস্নাদি পাচনম্।

রাস্না গুড়ূচী ঘনপর্পটকং পটোলী ভূনিম্ব
বৎসক শঠীযুত নাগরাণাং। তিক্তা সুরাহ্ব-
গজ মাগধিকা যবাসা বাসা বলা গজকণা
ক্বথিতঃ সমাংশঃ॥ ক্বাথো নিহন্তি মরুতঃ
প্রভাবাময়াণাং সশ্বাস কাস জঠরার্ত্তি

বিসূচিকানাং। শ্রেষ্ঠো নরস্যভুবি বিপাচনক স্ত্রিদোষে রোগেঽথবা কফ সমীরণকে প্রদেয়ঃ॥

রাস্না গুলঞ্চ, মুথা, ক্ষেতপাপড়া, পলতা, চিরতা, কুড়চি, শঠী নাগরমুথা কট্‌কী, দেবদারু, পিপ্পলী, দুরালভা, বাসক, বেড়েলা ও গজপিপ্পলী, ইহাদের কাথ সেবন করিলে সন্নিপাত জ্বর এবং শ্বাস, কাস, উদর বেদনা, বিসূচিকা ও বাতশ্লৈষ্মিক জ্বর আরোগ্য হয়

## বিল্বাদি ক্বাথঃ।

বিল্বং ভার্গীং যমানিকাং রাস্নাং পুষ্করমূলকম্।
পিপ্পলীং দশমূলঞ্চ নাগরঞ্চাপ্সু সাধয়েৎ।
সন্নিপাত জ্বরে দেয়ং হৃৎপার্শ্বানাহ শূলিনাম্
শ্বাস কাসাগ্নিমান্দ্যঞ্চ তন্দ্রীঞ্চ বিনিবর্ত্তয়েৎ।

বিল্বমূল, বামনহাটী, যমানী রাস্না, পুষ্করমূল, পিপুল, দশমূল ও শুঁঠ ইহাদের কাথ সেবন করিলে হৃদয় শূল, পার্শ্বশূল ও উদর বেদনাদি উপদ্রব সংযুক্ত সন্নিপাত জ্বর আরোগ্য হয়

## পঞ্চমুষ্টিঃ

যব কোল কুলত্থানাং মুদ্গামলকশুণ্ঠযোঃ।
একৈকক মুষ্টিমাহৃত্য পচেদষ্ট গুণে জলে।
পঞ্চমুষ্টিক ইত্যেষ বাত পিত্ত কফাপহঃ।
শস্যতে গুল্ম শূলে চ শ্বাসে কাসে ক্ষয়ে জ্বরে।

যব কুল ফল, কুলথ কলাই, মুগ ও শুষ্ক আমলকী এই পাঁচটী দ্রব্যের প্রত্যেকে এক এক মুষ্টি লইয়া অষ্টগুণ জল সহযোগে যথানিয়মে ক্বাথ প্রস্তুত করিয়া লইবে। ইহা ত্রিদোষ এবং গুল্ম শূল, শ্বাস ও কাস, নাশক।

## কট্‌ফলাদিঃ।

কট্‌ফলং ত্রিফলা দারু চন্দনং সপরূষকম্।
কটুকা পদ্মকোশীরং বিপচেৎ কর্ষকং জলে॥
ত্রিদোষ দাহতৃষ্ণাঘ্নং পানমাত্রে প্রপূজিতম্।
দীর্ঘকাল জ্বরার্ত্তানামেতৎ স্যাদমৃতোপমম্॥

কট্‌ফল, হরীতকী, আমলকী, বহেড়া, দেবদারু, রক্তচন্দন, পরূষ ফল, কটকী, পদ্মকাষ্ঠ ও বেণাবমূল এই সকল দ্রব্যের ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে, দাহ তৃষ্ণা, প্রভৃতি উপদ্রব সংযুক্ত সন্নিপাত জ্বর আরোগ্য হয়।

## বাতোল্বণ সন্নিপাতে ( পঞ্চমূলী ক্বাথঃ )

পঞ্চমূলী কষায়ন্তু দদ্যাদ্বাতোল্বণে জ্বরে।
ভৃশোষ্ণং বা সুখোষ্ণং বা দৃষ্ট্বা দোষবলাবলম্॥

বাতোল্বণ সন্নিপাতে মহৎ পঞ্চ মূলের (বেল, শোনা, গাম্ভারী, পারুল ও গণিয়ারী) ক্বাথ, দোষের বলাবল বুঝিয়া অত্যন্ত উষ্ণ অথবা কিঞ্চিৎ উষ্ণাবস্থায় পান করিতে দিবে

## পিত্তোল্বণ সন্নিপাতে (পরূষকাদি ক্বাথঃ)

পরুষকঞ্চ ত্রিফলা দেবদারু চ কট্‌ফলম্।

চন্দনং পদ্মকঞ্চৈব তথা কটুকরোহিণী॥
পৃশ্নিপর্ণী শৃতং ত্বেভি রুষিতং শীতলং জলম্।
পিত্তোত্তরে নৃণামেতৎ সন্নিপাত চিকিৎসিতম্॥

পরূষ ফল, হরীতকী; আমলকী, বহেড়া, দেবদারু, কট্‌ফল, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ, কট্‌কী ও চাকুলে এই সকল দ্রব্যের কাথ বাসি করিয়া সেবন করিলে পিত্তোল্বণ সন্নিপাত জ্বর নষ্ট হয়

## কিরাতাদিসপ্তকম।

কিরাত তিক্তকং মুস্তং গুড়ূচী বিশ্বভেষজম্।
পাঠোদীচ্যং মৃণালঞ্চ শৃতং পিত্তাধিকে পিবেৎ॥

চিরতা, মুথা, গুলঞ্চ, শুঁঠ, আকনাদি, বালা ও মৃণাল এই সকল দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করিয়া সেবন করিলে পিত্তোল্বণ সন্নিপাত জ্বর নষ্ট হয়।

## মুস্তাদি কাথঃ।

মুস্তপর্পটবোশীর দেবদারু মহৌষধম্।
ত্রিফলা ধন্ব যাসঞ্চ নীলী কম্পিল্লকং ত্রিবৃৎ॥
কিরাত তিক্তকং পাঠাবলা কটুকরোহিণী।
মধুকং পিপ্পলী মূলং মুস্তাদ্যোগণ উচ্যতে।
অষ্টাদশাঙ্গ মুদিত মেতদ্বা সন্নিপাতনুৎ।
পিত্তোত্তরে সন্নিপাতে হিতোশ্চোক্তং মনীষিভিঃ।
মন্যাস্তম্ভে উরোঘাতে উরঃ পার্শ্বশিরোগ্রহে॥

মুথা, ক্ষেত্‌পাপড়া, বেণার মূল, দেবদারু, শুঁঠ, হরীতকী,

আমলকী বহেড় দুরালভা, নীলবৃহ্ন, কমলাগুঁড়ী, তেউড়ী চিরতা, কাঁকনাদি, নেহফুল, কটকী, যষ্টিমধু ও পিপুলমূল, এই কাথ সর্বপ্রকার সন্নিপাতে বিশেষতঃ পিত্তপ্রধান সন্নিপাতের পক্ষে বিশেষ উপকারী ইহাদ্বারা মস্তাস্তম্ভ, উবোঘাত, এবং বক্ষ, পার্শ্ব ও মস্তক বেদনা বিনষ্ট হয়

কফোল্বণ সন্নিপাতে (বৃহত্যাদি ক্বাথঃ)

বৃহত্যৌ পৌষ্করং ভার্গী শঠী শৃঙ্গী দুরালভা।
বৎসকস্য তু বীজানি পটোলং কটুরোহিণী।
বৃহত্যাদি গণঃ শস্তঃ সন্নিপাতে কফোত্তরে।
শ্বাসাদিষু চ সর্ব্বেষু হিতঃ সোপদ্রবেষপি॥

বৃহতী, কণ্টকারী, পুষ্কর মূল, বামনহাটী শঠী, কাঁকড়াশৃঙ্গী, দুরালভা ইন্দ্রযব, পলতা ও কটকী ইহাদের ক্বাথ সেবন করিলে শ্বাস, কাস: প্রভৃতি উপদ্রব সমন্বিত কফোল্বণ সন্নিপাত জ্বর আরোগ্য হয়

বাত পিত্তোল্বণ সন্নিপাতে (পঞ্চমূলী ক্বাথঃ)

বাত পিত্তহরং বৃষ্যং কনীয়ং পঞ্চমূলকম্।
তৎক্বাথো মধুনাহন্তি বাতপিত্তোল্বণং জ্বরম্॥

স্বল্প পঞ্চমূল (শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর) দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া শীতল হইলে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে বাতপিত্তোল্বণ সন্নিপাত জ্বর আরোগ্য হয়

## পিত্তশ্লেষ্মোল্বণ সন্নিপাতে (পর্পটাদি ক্বাথঃ।)

পর্পট কট্‌ফলং কুষ্ঠ মুশীরং চন্দনং জলম্।
নাগরং মুস্তকং শৃঙ্গী পিপ্পল্যোষাং শৃতং হিতম্॥
তৃষ্ণা দাহাগ্নিমান্দ্যেষু পিত্তশ্লেষ্মোল্বণে জ্বরে॥

ক্ষেতপাপড়া, কট্‌ফল, কুড়, বেণারমূল, রক্তচন্দন, বালা, শুঁঠ মুথা, কাঁকড়া শৃঙ্গী ও পিপ্পলী এই সকল দ্রব্যের ক্বাথ সেবন করিলে পিপাসা, দাহ ও অগ্নিমান্দ্য, সমন্বিত পিত্তশ্লেষ্মোল্বণ সন্নিপাত জ্বর আরোগ্য হয়।

## বাতশ্লেষ্মোল্বণ সন্নিপাতে (চাতুর্ভদ্রক ক্বাথঃ।)

কিরাত তিক্তকং মুস্তং গুড়ূচী বিশ্বভেষজম্।
চাতুর্ভদ্রক মিত্যাহুর্ব্বাতশ্লেষ্মোল্বণে জ্বরে॥

চিরতা, মুথা, গুলঞ্চ ও শুঁঠ দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ সেবন করিলে বাতশ্লেষ্মোল্বণ সন্নিপাত জ্বর নষ্ট হয়।

## বাতপিত্তশ্লেষ্মোল্বণ সন্নিপাতে (যোগরাজ ক্বাথঃ।)

নাগরং ধান্যকং ভার্গী পদ্মকং রক্তচন্দনম্।
পটোলঃ পিচুমর্দ্দশ্চ ত্রিফলা মধুকং বলা
শর্করা কটুকা মুস্তং গজাহ্বা ব্যাধিঘাতকঃ।
কিরাততিক্তমমৃতা দশমূলী নিদিগ্ধিকা॥
যোগরাজো নিহন্তেব সন্নিপাতং ত্রিকোল্বণম্।
সন্নিপাত সমুত্থানং মৃত্যুমপ্যাগতং জয়েৎ।

শুঁঠ, ধনে, বামনহাটী, পদ্মকাষ্ঠ, রক্তচন্দন, পল্‌তা, নিম-ছাল, হরীতকী, আমলকী, বহেড়া, যষ্টিমধু, বেড়েলা, চিনি, কট্‌কী, মুথা, গজপিপ্পলী, সোঁদালের আঠা, চিরতা, গুলঞ্চ, দশমূল ও কণ্টকারী, এই সকল দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করিয়া সেবন করিলে ত্রিদোষোত্থ সন্নিপাত জ্বর নষ্ট হয় এবং সন্নিপাত জন্য আগত মৃত্যুকেও জয় করা যায়।

শীতাঙ্গ সন্নিপাতে ( ভাস্বম্মূলাদিঃ। )

ভাস্বম্মূলং জীরক ব্যোষ ভার্গী ব্যাঘ্রী শুণ্ঠী পুষ্করং গোজলেন। সিদ্ধং সদ্যঃ শীত গাত্রার্ত্তি মোহ শ্বাস শ্লেষ্মোদ্রেক কাসান্নিহন্তি॥

আকন্দমূল, জীরা, শুঁঠ, পিপুল, মরিচ, বামনহাটী, কণ্টকারী শুঁঠ ও পুষ্করমূল অভাবে কুড ); এই সকল দ্রব্য গোমূত্র দ্বারা সিদ্ধ করতঃ সেবন করিলে সদ্যই শীতাঙ্গ, মোহ, শ্বাস, কফো-দ্রেক এবং কাস নষ্ট হয়।

প্রলাপক সন্নিপাতে ( তগরাদিঃ। )

সতগর বর তিক্তা রেবতাম্ভোদ তিক্তা নলদ তুরগ গন্ধা ভারতী হারহুরা। মল-য়জ দশমূলী শঙ্খপুষ্পী সুপক্বা প্রলপনমপ-হন্যুঃ পানতো নাতি দূরাৎ॥

তগরপাদুকা, ক্ষেত্‌পাপড়া, সোঁদাল, মুথা, কট্‌কী, লাম-জ্জক (অভাবে বেণার মূল), অশ্বগন্ধা, ব্রাহ্মী, কিস্‌মিস্, চন্দন ও দশমূল ও শঙ্খপুষ্পী; ইহাদের কাথ পান করিলে প্রলাপক সন্নিপাত শীঘ্রই বিনষ্ট হয়।

## রক্তষ্ঠীবন সন্নিপাতে ( রোহিষাদিঃ। )

রোহিষ ধন্বযবাসক বাসা পর্পট গন্ধলতা কটুকাভিঃ
শর্করয়া সমমেব কষায়ঃ ক্ষতজষ্ঠীবন উগ্রদুপায়ঃ ॥

গন্ধতৃণ, দুরালভা, বাসক ক্ষেত্‌পাপড়া প্রিয়ঙ্গু ও কট্‌কী ইহাদের ক্বাথ চিনি সহ সেবন করিলে ক্ষতজ রক্তনিষ্ঠীবনের উপশম হয়

## পদ্মকাদিঃ।

পদ্মক চন্দন পর্পট মুস্তং জাতিজীবক চন্দন
বারি। ক্লীতক নিম্বযুতং পরিপক্কং
বারিভবেদিহ শোণিত হারি।

পদ্মকাষ্ঠ, রক্তচন্দন, ক্ষেত্‌পাপড়া, মুথা, জাতিপুষ্প, জীবক, অভাবে গুলঞ্চ, শ্বেতচন্দন, বালা, যষ্টিমধু ও নিমছাল এই ক্বাথ সেবনে রক্তষ্ঠীব সান্নিপাত রোগের রক্তস্রাব নষ্ট হয়।

## জিহ্বক সন্নিপাতে ( শুণ্ঠ্যাদিঃ। )

বিশ্বাবর্ম্ম বিভাবরীযুগ বরা বৎসাদনী
বারিদ ব্যাঘ্রী নিম্ব পটোল পুষ্কর জটা
রুগ্‌দারুভির্ব্বাকৃতঃ ॥

শুঁঠ, ক্ষেত্‌পাপড়া, হরিদ্রা, দারুহরিদ্রা, হরীতকী, আমলকী, বহেড়া, গুলঞ্চ, মুথা, কণ্টকারী, নিম্ব, পল্‌তা, পুষ্করমূল, জটামাংসী, কুড় ও দেবদারু ; ইহাদের দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ সেবন করিলে জিহ্বক সন্নিপাত নষ্ট হয়

### সন্ধিক সন্নিপাতে ( বচাদিঃ। )

বচা কবচ কচ্ছূরা সহচরামৃতা ভঙ্গুরা
সুরাহব ঘন নাগরাহতরুণ দারু রাস্না
পুরাঃ। বৃষাতরুণ ভীরুভিঃসহ ভবন্তি
সন্ধিগ্রহ ব্যথোরুজড়িমক্লম ভ্রমণ পক্ষাঘাত
দ্রুহ ॥

বচ, ক্ষেত্‌পাপড়া, দুরালভা, ঝিণ্টী, গুলঞ্চ, আতইষ, দেবদারু, মুথ, শুঁঠ, বৃদ্ধদারক, রাস্না, হিং, দন্তীমূল, এরণ্ডমূল ও শতমূলী; ইহাদের কাথ সেবন করিলে সন্ধিগ্রহ, বেদনা, উরুসাদ, ক্লান্তি, ভ্রান্তি ও পক্ষাঘাত নষ্ট হয়

### মুস্তাদিঃ।

মুস্তৈরণ্ড প্রাণদা বাণ দারু ছিন্না রাস্না
ভীরুকর্চ্চূরং তিক্তা। বাসা বিশ্বা পঞ্চ
মূলাশ্বগন্ধা হন্যান্নন্যাস্তম্ভ সন্ধিগ্রহার্ত্তোঃ ॥

মুথা, এরণ্ডমূল, হরীতকী, নীলঝিণ্টী, দেবদারু, গুলঞ্চ, রাস্না, শতমূলী শঠী, কট্‌কী, বাসক, শুঁঠ, স্বল্পপঞ্চমূল ও অশ্বগন্ধা, ইহাদের কাথ সেবন করিলে মন্যাস্তম্ভ এবং সন্ধিগ্রহ বিনাশ হয়

### রুগ্‌দাহ সন্নিপাতে ( ষড়ঙ্গপানীয়ম্। )

উশীর চন্দনোদীচ্য দ্রাক্ষামলক পর্পটৈঃ।
শৃতং শীতং জলং দদ্যাদ্দাহ তৃড়্‌ জ্বর শান্তয়ে ॥

বেণারমূল, রক্তচন্দন, বালা, কিস্‌মিস্‌, আমলকী ও ক্ষেত্‌পাপড়া; ইহাদের শীতল ক্কাথ সেবন করিলে দাহ, পিপাসা ও জ্বর নষ্ট হয়।

ধন্যাক ক্কাথঃ।

সসিতো নিশি পর্য্যুষিতঃ প্রাতর্দ্ধান্যাক
তণ্ডুল ক্কাথঃ। পীতঃ শময়ত্য চিরাদন্ত-
র্দ্দাহং জ্বরং পৈত্তম্‌।

২ তোলা ধনের চাউল উত্তম রূপে কুট্টিত করিয়া উহাদ্বারা ক্কাথ প্রস্তুত করিয়া, বাসি হইলে ছাঁকিয়া তাহাতে ২ তোলা চিনি মিশ্রিত করতঃ সেবন করিলে অন্তর্দ্দাহ ও পৈত্তিক জ্ব নষ্ট হয়।

চিত্তভ্রম সন্নিপাতে ( মৃদ্বীকাদিঃ। )

মৃদ্বীকামরদারু মৎস্যশকলা মুস্তামল-
কাহমৃতাঃ। পথ্যা রেবত রামসেনক
রজো রাজী ফলৈঃ সংযুতাঃ॥ হন্যুশ্চিত্ত-
রুজোহথ দর্দ্দুর দলা পাঠা পটোলী পয়ঃ।
পথ্যা পর্পট রাজবৃক্ষ কটুকা শঙ্খক পুষ্পশৃতাঃ॥

কিস্‌মিস্‌, দেবদারু, কট্‌কী, মুথা, আমলকী গুলঞ্চ, হরীতকী, সোঁদাল, চিরতা, ক্ষেত্‌পাপড়া ও পল্‌তা অথবা ব্রাহ্মীশাক, আকনাদি, ঝিঙ্গামূল, বালা, হরীতকী, ক্ষেত্‌পাপড়া, সোঁদাল, কট্‌কী ও শঙ্খপুষ্পী; এই উভয়ের ক্কাথ সেবনে চিত্তভ্রম সন্নিপাত জ্বর নষ্ট হয়

## কর্ণক সন্নিপাতে ( ভার্গ্যাদিঃ। )

ভার্গী জয়া পৌষ্কর কণ্টকারী কটুত্রিকো-
গ্রা ঘন কুণ্ডলীভিঃ। কুলীর শৃঙ্গী কটুকা
রসাভিঃ কৃতঃ কষায়ঃ কিল কর্ণকঘ্নঃ ॥

বামনহাটী, জয়ন্তী, পুষ্করমূল, কণ্টকারী, শুঁঠ পিপুল, মরিচ, বচ, মুথা, গুলঞ্চ, কাঁকড়াশৃঙ্গী, কটকী ও রাস্না; ইহাদের ক্বাথ সেবনে কর্ণক সন্নিপাত নষ্ট হয়।

## কণ্ঠকুব্জ সন্নিপাতে ( ত্র্যূষণাদ্য ক্বাথঃ। )

ত্র্যূষণ ফলত্রিক মুস্ত কট্বি কলিঙ্গ সিংহানন
শর্ব্বরীভিঃ। ক্বাথঃ কৃতঃ কৃন্ততি কণ্ঠ-
কুব্জং কণ্ঠীরবঃ কুব্জতরমাশু তদ্বৎ ॥

শুঁঠ, পিপুল, মরিচ, হরীতকী, আমলকী, বহেড়া মুথা, কটকী, ইন্দ্রযব, বাসক ও হরিদ্রা। সিংহ যেমন মত্ত হস্তীকে বিনাশ করে, তদ্রূপ ইহার ক্বাথ কণ্ঠকুব্জ সন্নিপাত বিনষ্ট করে

## কিরাতাদি ক্বাথঃ

কিরাত কটুকা কণা কুটজ কণ্টকারী শটী।
কলিদ্রু কিলিমাভয়া কটুক কট্‌ফলাম্ভোধরৈঃ।
বিষামলক পুষ্করানল কুলীর শৃঙ্গী বৃষৈঃ।
মহোষধ সটৈশ্বরয়ং জয়তি কণ্ঠকুব্জং গণঃ ॥

চিরতা, কটকী, পিপুল, কুড়্‌চি, কণ্টকারী শঠী, বহেড়া,

দেবদারু, হরীতকী, মরিচ, কট্‌ফল, মুথা, আতইষ, আমলকী, পুষ্করমূল, চিতা, কাঁকড়াশৃঙ্গী ও বাসক ; ইহাদের ক্বাথে শুঁঠচূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে কণ্ঠকুব্জ সন্নিপাত নষ্ট হয়

অভিন্যাস জ্বরে ( কারব্যাদিঃ। )

কারবী পুষ্করৈরণ্ড ত্রায়ন্তী নাগরামৃতাঃ।
দশমূলী শটী শৃঙ্গী যাস ভার্গী পুনর্নবাঃ॥
তুল্যা মূত্রেণ নিঃ ক্বাথ পীতাঃ স্রোতো বিশোধনাঃ।
অভিন্যাস জ্বরং ঘোর মাশুঘ্নন্তি সমুদ্ধতম্॥

কৃষ্ণজীরা, কুড়, এরণ্ডমূল, বলালতা, শুঁঠ, গুলঞ্চ, দশমূল, শঠী, কাঁকড়াশৃঙ্গী, দুরালভা, বামনহাটী ও পুনর্নবা ; এই সকল দ্রব্য সমভাগে মিলিত ২ তোলা, গোমূত্র ৩২ তোলা, শেষ ৮ তোলা এই ক্বাথ সেবনে স্রোতোশুদ্ধি ও ঘোরতর অভিন্যাস জ্বর আশুবিনষ্ট হয়।

ত্রিবৃতাদিঃ।

ত্রিবৃদ্বিশালা ত্রিফলা কটুকারগ্বধৈঃ কৃতঃ।
সক্ষারো ভেদনঃ ক্বাথঃ পেয় সর্ব্বজ্বরাপহঃ।

তেউড়ী, রাখাল শশা, হরীতকী, আমলকী, বহেড়া, কটুকী ও সোঁদাল ; ইহাদের ক্বাথ কিঞ্চিৎ যবক্ষার সহ পান করিলে মলভেদ হইয়া সকল প্রকার জ্বর বিনষ্ট হয়।

### মাতুলুঙ্গাদিঃ।

মাতুলুঙ্গাশ্মভিদ্বিল্ব ব্যাঘ্রী পাঠোরুবুকজঃ।
ক্বাথো লবণ মূত্রাঢ্যোঽভিন্যাসানাহ শূলনুৎ॥

ছোলঙ্গ লেবুর মূল, পাষাণভেদী, বিল্ব কণ্টকারী, আকনাদি ও ভেরেণ্ডার মূল; ইহাদের ক্বাথে সৈন্ধব লবণ ও গোমূত্র মিশ্রিত করতঃ পান করিলে অভিন্যাস জ্বর ও আনাহ শূল প্রশমিত হয়।

### বোষাত্ত পাচনম্

ব্যোষাব্দ ত্রিফলা তিক্তা পটোলারিষ্ট বাসকৈঃ।
সভূনিম্বামৃতা যাসৈস্ত্রিদোষ জ্বরনুজ্জলম্।

শুঁঠ, পিপুল, মরিচ, হরীতকী, আমলকী, বহেড়া, কট্‌কী, পল্‌তা, নিমছাল, বাসক, চিরতা, গুলঞ্চ ও দুরালভা; ইহাদের ক্বাথ সেবনে ত্রিদোষ জ্বর বিনষ্ট হয়

ইতি সন্নিপাত জ্বর-চিকিৎসা।

---

## বিষমজ্বরে।

### গুড়ূচ্যাদিঃ।

গুড়ূচী মুস্ত ধাত্রীণাং কষায়ং বা সমাক্ষিকম্।
পিবেৎ প্রাতর্নিষেবিত বিষমজ্বর নাশনম্॥

গুলঞ্চ, মুথা ও আমলকী এই দ্রব্যত্রয় দ্বারা যথা নিয়মে ক্বাথ প্রস্তুত করিয়া কিঞ্চিৎ মধু সংযোগে পান করিলে বিষমজ্বর বিনষ্ট হয়।

সন্ততক জ্বরে ( কলিঙ্গাদিঃ। )

কলিঙ্গকং পটোলস্য পত্রং কটুকরোহিণী।
পিবেৎ সন্ততকে জ্বরে কিঞ্চিৎ ক্ষৌদ্রেণ সংযুতম্॥

ইন্দ্রযব, পলতা ও কট্‌কী; ইহাদের ক্বাথে কিঞ্চিৎ মধু মিশ্রিত করতঃ পান করিলে সন্ততক জ্বর বিনষ্ট হয়।

সততক জ্বরে ( পটোলাদিঃ )

পটোলং সারিবা মুস্তং পাঠা কটুকরোহিণী।
ক্বাথং কৃত্বা পিবেজ্জ্বরী সততকেন পীড়িতম্॥

পলতা, অনন্তমূল মুথা, আকনাদি ও কট্‌কী; ইহাদের ক্বাথ পান করিলে সততক জ্বর প্রশমিত হয়

অন্যেদ্যুষ্ক জ্বরে ( নিম্বাদিঃ )

নিম্বং পটোলং ত্রিফলা মৃদ্বীকা মুস্তবৎসকৌ।
এষাং ক্বাথো বিনিশ্চিতমন্যেদ্যুষ্ক জ্বরহরঃ॥

নিমপত্র, পলতা, হরীতকী, আমলকী বহেড়া, কিসমিস্ মুথা ও ইন্দ্রযব ইহাদের ক্বাথ পান করিলে অন্যেদ্যুষ্ক জ্বর বিনষ্ট হয়

তৃতীয়ক জ্বরে ( কিরাতাদিঃ। )

কিরাত তিক্তমমৃতা চন্দনং বিশ্বভেষজম্।
এষাং ক্বাথো পিবেৎ প্রাতঃ ঘোরং তৃতীয়ক জ্বরম্॥

চিরতা, গুলঞ্চ, রক্তচন্দন ও শুঁঠ; এই ক্বাথ প্রাতঃকালে পান করিলে ঘোরতর তৃতীয়ক জ্বর বিনষ্ট হয়।

মহৌষধাদিঃ।

মহৌষধামৃতা মুস্ত চন্দনোশীর ধান্যকৈঃ।
ক্বাথঃ তৃতীয়কং হন্তি শর্করা মধু যোজিতম্ ॥

শুঁঠ, গুলঞ্চ, মুথা, রক্তচন্দন, বেণারমূল ও ধনে; এই ক্বাথে কিঞ্চিৎ চিনি ও মধু সহযোগে পান করিলে তৃতীয়ক জ্বর নষ্ট হয়

উশীরাদিঃ।

উশীরং চন্দনং মুস্তং গুড়ূচী ধান্য নাগরম্।
অম্ভসা ক্বথিতঃ পেয়ং শর্করা মধু যোজিতম্ ॥
জ্বরে তৃতীয়কে দেয়ং তৃষ্ণা দাহ সমন্বিতে ॥

বেণার মূল, রক্তচন্দন, মুথা, গুলঞ্চ ধনে ও শুঁঠ, এই ছয়টী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া মধু ও চিনি সহ পান করিলে তৃষ্ণা ও দাহ বিশিষ্ট তৃতীয়ক জ্বর বিনষ্ট হয়

ঐকাহিক জ্বরে ( পটোলাদিঃ। )

পটোলারিষ্ট মৃদ্বীকা শ্যামাকং ত্রিফলা বৃষম্।
ক্বাথ ঐকাহিকং হন্তি শর্করা মধু যোজিতম্ ॥

পলতা, নিমছাল, কিস্‌মিস্, শ্যামালতা, হরীতকী, আমলকী, বহেড়া ও বাসক; এই আটটী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া কিঞ্চিৎ মধু ও চিনি সহ সেবন করিলে ঐকাহিক জ্বর নষ্ট হয়।

## চাতুর্থক জ্বরে ( বাসাদিঃ। )

বাসা ধাত্রী স্থিরা দারু পথ্যা নাগর সাধিতঃ।
সিতা মধু যুতঃ ক্বাথশ্চাতুর্থক বিনাশনঃ।

বাসক, আমলকী, শালপানি, দেবদারু, হরীতকী ও শুঁঠ, এই ছয়টী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া চিনি ও মধু সহ সেবন করিলে চাতুর্থক জ্বর নষ্ট হয়।

## অম্ভোধরাদ্যম্।

অম্ভোধরং ছিন্নরুহা তথামলকী চ ক্বাথঃ।
ঘোরতরং চাতুর্থকং জ্বরং হন্তি সুনিশ্চয়ম্।

মুথ, গুলঞ্চ ও আমলকী, ইহাদের ক্বাথ সেবনে নিশ্চয়ই ঘোরতর চাতুর্থক জ্বর নষ্ট হয়

## মহাবলাদিঃ।

মহাবলামুল মহৌষধাভ্যাং ক্বাথো নিহন্যাৎ
বিষম জ্বরঞ্চ। শীতং সকম্পং পরিদাহ
যুক্তং বিনাশয়েদ্ দ্বিত্রিদিন প্রযুক্তঃ॥

গোরক্ষ চাকুলের মূল ও শুঁঠ সমভাগে লইয়া ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে শীত, কম্প ও দাহ সংযুক্ত বিষম জ্বর নষ্ট হয়

## মুস্তাদিঃ।

মুস্তামলক গুড়ূচী বিশ্বৌষধ কণ্টকারিকা ক্বাথঃ।
পীতং সকণা চূর্ণঃ সমধুর্ব্বিষমজ্বরং হন্তি।

মুথা, আমলকী, গুলঞ্চ, শুঁঠ ও কণ্টকারী; এই পাঁচটী

দ্রব্যের ক্বাথে পিপুল চূর্ণ ও মধু মিশ্রিত করতঃ পান করিলে বিষম জ্বর বিনষ্ট হয়

মধুকাদিঃ।

মধুকং চন্দনং মুস্তং ধাত্রী ধান্যমুশীরকম্।
ছিন্নোদ্ভবং পটোলঞ্চ ক্বাথঃ সমধু শর্করঃ॥
জ্বরমষ্টবিধং হন্তি সন্ততাদ্যং সুদারুণম্।
বাতিকং পৈত্তিকঞ্চৈব শ্লৈষ্মিকং সন্নিপাতিকম্॥

যষ্টিমধু, রক্তচন্দন, মুথা, আমলকী, ধনে, বেণারমূল, গুলঞ্চ ও পল্‌তা; এই আটটী দ্রব্যের ক্বাথ মধু ও চিনিসহ পান করিলে অষ্টবিধ জ্বর বিনষ্ট হয়

ত্রিফলাদিঃ।

ত্রিফলাং গুড় প্রগাঢ়াং পিবেন্না বিষমার্দ্দিতঃ।
মুস্ত ধাত্রী গুড়ূচীনাং কষায়ং বা সমাক্ষিকম্॥

হরীতকী, আমলকী ও বহেড়া; ইহাদের ক্বাথ গুড়সহ অথবা মুথা, আমলকী ও গুলঞ্চের ক্বাথ মধুসহ সেবন করিলে বিষম জ্বর নষ্ট হয়

স্বল্প ভার্গ্যাদিঃ।

ভার্গ্যব্দ পর্পটক ধান্য যবাস বিশ্ব ভূনিম্ব
কুষ্ঠকণা সিংহাম্বৃতাকষায়ঃ। জীর্ণ জ্বরং
সতত সন্ততকং নিহন্যাদন্যেদ্যুষ্কং সতৃতীয়ক
চতুর্থকঞ্চ।

বামনহাটী, মুথা, ক্ষেত্ পাপড়া, ধনে, দুরালভা, শুঁঠ, চিরতা, কুড় পিপুল, বৃহতী ও গুলঞ্চ; ইহাদের কাথ সেবনে সন্তত, সন্তত, অন্যেদুষ্ক, তৃতীয়ক, চাতুর্থক ও জীর্ণ জ্বর নষ্ট হয়

মধ্য ভার্গ্যাদিঃ।

ভার্গ্যব্দ পর্পটক পুষ্কর শৃঙ্গবের পথ্যা-
কণাহ্বদশমূল কৃতঃ কষায়ঃ। সদ্যো নিহন্তি
বিষমজ্বর সন্নিপাত জীর্ণজ্বর শ্বয়থু শীতক
বহ্নিসাদান্॥

বামনহাটী, মুথা, ক্ষেৎপাপ্ড়া, কুড়, শুঁঠ, হরীতকী, পিপুল ও দশমূল (বেল, শোণা, গাম্ভারী, পারুল, গণিয়ারী, শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর) এই ১৭টী দ্রব্যের ক্বাথ সেবনে বিষম জ্বর, সন্নিপাত জ্বর ও জীর্ণজ্বর সদ্যই বিনষ্ট হয়।

বৃহদ্ভার্গ্যাদিঃ।

ভার্গী পথ্যা কটু কুষ্ঠং পর্পটং মুস্তকং কণা।
অমৃতা দশমূলঞ্চ নাগরং ক্বাথয়েদ্ভিষক্॥
হন্তি ধাতুগতং সর্ব্বং বহিঃস্থং শীত সংযুতম্।
সততাদ্যং জ্বরং ঘোরং মন্দাগ্নিত্বমরোচকম্॥
প্লীহানং যকৃতং গুল্মং শ্বয়থুঞ্চ বিনাশয়েৎ।
বৃহদ্ভার্গ্যাদিকো নাম সর্ব্বজ্বর হরঃ পরঃ॥

বামনহাটী, হরীতকী, কট্‌কী, কুড়, ক্ষেত্‌পাপড়া, মুথা; পিপুল, গুলঞ্চ, দশমূল ও শুঁঠ; ইহাদের কাথ সেবনে সর্ব্ব প্রকার ধাতুগত বিষম জ্বর এবং বহিঃস্থ ও শীত সংযুক্ত জ্বর,

সততাদি জ্বর, মন্দাগ্নি ও অরুচি প্রভৃতি বিনষ্ট হয় ইহা সর্ব্ব জ্বর নাশক

## দাস্যাদি-পাচনম্।

দাসীদারু কলিঙ্গ লোহিত লতা শ্যামাক পাঠা শঠী, শৌণ্ডোশীর কিরাত কুঞ্জর-কণা ত্রায়ন্তিকা পদ্মকৈঃ। বল্লী ধান্যক নাগরাব্দ সরলৈঃ শিগ্রম্বু সিংহী শিবা, ব্যাঘ্রী পর্পট দর্ভমূল কটুকানন্তামৃতা পুষ্করৈঃ॥ ধাতুস্থং বিষমং ত্রিদোষ জনিতঞ্চৈকাহিকং দ্ব্যাহিকং। কামৈঃ শোক সমুদ্ভবঞ্চ বিবিধং যং চ্ছর্দ্দিযুক্তং নৃণাম্॥ পীতো হন্তি ক্ষয়োদ্ভবং সততকং চাতুর্থকং ভূতজং। যোগোহয়ং মুনিভিঃ পুরা নিগদিতো জীর্ণজ্বরে দুস্তরে।

নীলঝিণ্টী, দেবদারু, ইন্দ্রযব, মঞ্জিষ্ঠা, শ্যামালতা, আকনাদি শঠী, পিপুল, বেণারমূল, চিরতা, গজপিপুল, বলালতা, পদ্ম-কাষ্ঠ, হাড়ভাঙ্গা, ধনে, শুঁঠ, মুথা, সরলকাষ্ঠ, সজিনাছাল, বালা, বৃহতী, হরীতকী, কণ্টকারী, ক্ষেত্‌পাপড়া, কুশমূল, কট্‌কী, অনন্তমূল, গুলঞ্চ ও কুড়, ইহাদের ক্বাথ সেবনে ধাতুগত বিষম জ্বর, ত্রিদোষজন্যজ্বর, ঐকাহিক, দ্ব্যাহিক, কামজ

শোকজ ও বহ্নিযুক্ত জ্বর এবং ক্ষয়োদ্ভব, সতত, চাতুর্থক, ভৌতিক ও দুঃসাধ্য জীর্ণ জ্বর নষ্ট হয় ইহা পুরাতন জীর্ণ জ্বরে অমৃতের ন্যায় উপকারী

## দার্ব্ব্যাদি-পাচনম।

দার্ব্বী কলিঙ্গ মঞ্জিষ্ঠা ব্যাঘ্রী দারু গুড়ূচিকা।
ভূধাত্রী পর্পটং শ্যামা তগরং করিপিপ্পলী॥
ক্ষুদ্রা নিম্বং ঘনং ব্যাধি নাগরং পদ্মকং শঠী।
রামাটরূষ সরলং ত্রায়মানাস্থি সন্ধিকম্॥
ভূনিম্বারুষ্করং পাঠা কুশ কটুকরোহিণী।
মাগধী ধান্যকং চেতি ক্বাথং মধুযুতং পিবেৎ॥
বাতিকং পৈত্তিকঞ্চাপি শ্লৈষ্মিকং সান্নিপাতিকম্।
দ্বন্দজং বিষমং ঘোরং সততাদ্যং সুদারুণম্॥
অন্তস্থঞ্চ বহিঃস্থঞ্চ ধাতুস্থঞ্চ বিশেষতঃ।
সর্ব্বজ্বরং নিহন্ত্যাশু তথাচ দৈর্ঘ্য রাত্রিকম্।
শীতং কম্পং ভৃশং দাহং কার্শ্যং ঘর্ম্মশ্রুতিং বমিম্।
গ্রহণীমতিসারঞ্চ কাসং শ্বাসং স কামলম্॥
শোষং হন্যাত্তথা শোথং মন্দাগ্নিত্বমরোচকম্।
শূলমষ্টবিধং হন্তি প্রমেহানপি বিংশতিম্॥

প্লীহানমগ্রমাংসঞ্চ যকৃতঞ্চ হলীমকম্।
পৃথগ্‌দোষাংশ্চ বিবিধান্ সমস্তান্ বিষমজ্বরান্।
তান্ সর্ব্বান্ নাশয়ত্যাশু বৃক্ষমিন্দ্রাশনির্যথা।

দারুহরিদ্রা, ইন্দ্রযব, মঞ্জিষ্ঠা, কণ্টকারী, দেবদারু, শুলঞ্চ, ভূম্যামলকী, ক্ষেতপাপড়া, শ্যামালতা, তগরপাদুকা, গজপিপুল, কণ্টকারী, নিমছাল, মুথা, কুড় শুঁঠ পদ্মকাষ্ঠ, শঠী, রামবাসক, সরলকাষ্ঠ, বলালতা, হাড়ভাঙ্গা, চিরতা, ভেলা, আকনাদি, কুশমূল, কটকী, পিপুল ও ধনে; ইহাদের কাথ মধুসহ পান করিলে বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সন্নিপাতিক, দ্বন্দ্বজ ও সততাদি বিষম জ্বর, এবং অন্তঃস্থ, বহিঃস্থ, ধাতুস্থ প্রভৃতি সর্ব্ব প্রকার জ্বর, দৈর্ঘ্যরাত্রিকজ্বর ও গ্রহণী, অতিসার, শ্বাস, কাস, প্লীহা, যকৃতাদি এবং অন্যান্য বহুবিধ রোগ আরোগ্য হয়।

## পুরাতন জ্বরে (নিদিগ্ধিকাদিঃ।)

নিদিগ্ধিকা নাগরকামৃতানাং ক্বাথং পিবে-
ন্মিশ্রিত পিপ্পলীকম্। জীর্ণজ্বরারোচক
কাস শূল, শ্বাসাগ্নিমান্দ্যার্দ্দিত পীনসেষু॥
হন্ত্যূর্দ্ধগাময়ং প্রায়ঃ সায়ন্তেনোপযুজ্যতে॥

কণ্টকারী, শুঁঠ ও শুলঞ্চ; ইহাদের কাথে ০ আনা পিপুলচূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে জীর্ণজ্বর, অরুচি, কাস, শ্বাস, অগ্নিমান্দ্য অর্দিত এবং পীনসরোগ বিনষ্ট হয়

রাত্রিজ্বরে ( গুড়ূচ্যাদিঃ। )

গুড়ূচী মুস্ত ভূনিম্বং ধাত্রী ক্ষুদ্রাচ নাগরম্।
বিল্বাদি পঞ্চমূলঞ্চ কটুকেন্দ্র যবাসকম্॥
নিশাভবং জ্বরং বাত পিত্ত কফ সমুদ্ভবম্।
চিরোত্থং দ্বন্দজং হন্তি সকণং মধু সংযুতম্॥

গুলঞ্চ, মুথা, চিরতা, আমলকী, কণ্টকারী, শুঁঠ, বেলছাল, শোনাছাল, গাম্ভারীছাল, পারুলছাল, গণিয়ারীছাল, কট্‌কী ইন্দ্রযব ও দুরালভা; এই চতুর্দ্দশ দ্রব্যের ক্বাথ পিপুল চূর্ণ ও মধুসহ পান করিলে বাতজ পিত্তজ, কফজ, দ্বন্দজ ও বহু কালোৎপন্ন রাত্রিজ্বর বিনষ্ট হয়।

কটুকাদিঃ।

কটুকানন্তা ত্রায়ন্তী সারিবাভিঃ শৃতং জলম্।
পটোলাব্দ বৃষা তিক্তা সারিবানাং ক্বাথোবাপি॥
সততাখ্যে জ্বরে দেয়ো বাতাদীনাং নিবৃত্তয়ে॥

কট্‌কী অনন্তমূল, বলালতা শ্যামালতা অথবা পল্‌তা মুথা, দন্তী, কট্‌কী ও অনন্তমূল এই উভ। ক্বাথই সতত জ্বরে হিতকারী

পুরাতন জ্বরে ( অমৃতা ক্বাথঃ। )

অমৃতায়াঃ কষায়ন্তু শীতলীকৃত মীরিতম্।
মধু পাদ যুতং পীতং জীর্ণজ্বর হরং পরম্।

গুলঞ্চের ক্বাথ শীতল করতঃ মধুসহ পান করিলে সর্ব্বপ্রকার পুরাতন জীর্ণ জ্বর নষ্ট হয়।

দ্রাক্ষাদিরষ্টাদশাঙ্গ ক্বাথঃ।

দ্রাক্ষামৃতা শঠী শৃঙ্গী মুস্তকং রক্তচন্দনম্।
নাগরং কটুকং পাঠা ভূনিম্বঃ স দুরালভা॥
উশীরং ধান্যকং পদ্মং বালকং কণ্টকারিকা।
পুষ্করং পিচুমর্দ্দঞ্চ দশাষ্টাঙ্গমিদং স্মৃতম্।
জীর্ণজ্বরারুচি শ্বাস কাস শ্বয়থু নাশনম্॥

কিস্মিস্, গুলঞ্চ, শঠী, কাঁকড় শৃঙ্গী, মুথা, রক্তচন্দন, শুঁঠ, কট্কী, আকনদি চিরতা, দুরালভা, বেণারমূল ধনে, পদ্মকাষ্ঠ, বালা কণ্টকারী পুষ্করমূল, (অভাবে কুড়) ও নিমছাল, এই অষ্টাদশ দ্রব্যের ক্বাথ সেবনে জীর্ণজ্বর, শ্বাস, কাস, অরুচি এবং শোথ নষ্ট হয়।

দূষিত জল-জন্য জ্বরে (পটোলাদি ক্বাথঃ)

পটোল মুস্তামৃতবল্লী বাসকং স নাগরং
ধান্য কিরাত তিক্তকম্ কষায় মেষাং
মধুনা পিবেন্নরো নিবারয়েদ্দূর্জ্জলং দোষং
মুল্বণম্॥

পলতা, মুথা, গুলঞ্চ, বাসক, শুঁঠ, ধনে ও চিরতা; এই ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে দুষ্ট জল জনিত প্রবৃদ্ধ দোষও নিবারিত হয়।

## দশাঙ্গ ক্বাথঃ।

সিংহী ব্যাঘ্রী তাম্রমূলী পটোলী শৃঙ্গী পদ্মা পুষ্করং রোহিণাচ। শাকং শট্যাঃ শৈলমল্যাশ্চ বীজং শ্বাসং হন্যাৎ সন্নিপাত দশাঙ্গঃ।

বৃহতী, কণ্টকারী, দুরালভা, পলতা, কাঁকড়াশৃঙ্গী, পদ্মকাষ্ঠ পুষ্করমূল, (অভাবে কুড়) কট্‌কী, শঠীরশাক ও শৈলমল্লীর বীজ, এই দশটী দ্রব্যের কাথ সেবনে শ্বাস সংযুক্ত সন্নিপাত জ্বর বিনষ্ট করে।

## দ্বাত্রিংশ ক্বাথঃ।

ভার্গী নিম্ব ঘনাভয়ামৃতলতা ভূনিম্ব বাসা বিষাত্রায়ন্তী, কটুকা বচা ত্রিকটুক শ্যোনাক শক্রদ্রুমৈঃ। রাস্ন যাস পটোল পাটল শটী দার্ব্বী বিশালা ত্রিবৃৎ, ব্রাহ্মী পুষ্কর সিংহিকাদ্বয় নিশা ধাত্র্যক্ষ দেবদ্রুমৈঃ॥ ক্বাথোহয়ং খলু সন্নিপাত নিবহান্ দ্বাত্রিং-শতাং পানতো, দুর্দ্ধর্ষান্নিজ তেজসা বিজয়তে সর্পান্ গরুত্মানিব। কিঞ্চ শ্বাস বলাস কাস গুদরুগ্ হৃদ্রোগ হিক্কা মরুন্ম-ন্যাস্তম্ভ গলাময়ার্দ্দিত মলা বিষ্টম্ভ ব্রধ্নানপি॥

বামনহাটী, নিম, মুথা, হরীতকী, গুলঞ্চ, চিরতা, বাসক, আতইষ, বলালতা, কট্‌কী, বচ, শুঁঠ, পিপুল, মরিচ, শোণা-ছাল, কুড়চিছাল, রাস্না, দুরালভা, পল্‌তা, পারুল, শঠী, দারু-হরিদ্রা, রাখালশশা, তেউড়ী, ব্রাহ্মীশাক, পুষ্করমূল, ( অভাবে কুড় ) বৃহতী, কণ্টকারী, হরিদ্রা, আমলকী, বহেড়া ও দেবদারু ইহাদের কাথ সেবন করিলে সর্ব্ব প্রকার জ্বর,-শ্বাস, কাস, অরুচি এবং অন্যান্য বিবিধ রোগ বিনষ্ট হয়

## কামজ্বরে ( বালকাদিঃ )

বালকং শতপত্রাণি গন্ধসারমুশীরকম্।
চোচং ধান্যায়কং মাংসী কাথং কামজ্বরাপহঃ॥

বালা, পদ্ম, চন্দন, বেণার মুল দারুচিনি, ধনে ও জটামাংসী ইহাদের কাথ পান করিলে কামজ্বর নিবারিত হয়।

## জ্বরেচ্ছর্দ্দৌ ( গুড়ূচ্যাদি কাথঃ। )

কাথো গুড়ূচ্যাঃ সমধুঃ সুশীতঃ পীতঃ
প্রশান্তিং বমনস্য কুর্য্যাৎ॥

গুলঞ্চের কাথ শীতল করতঃ মধু প্রক্ষেপ দিয়া পান করিলে জ্বরাবস্থায় বমন শান্তি হয়

## জ্বরে বিড়্‌গ্রহে ( পথ্যাদিঃ। )

পথ্যারগ্বধ তিক্তা ত্রিবৃদামলকৈঃ শৃতং তোয়ম্।
জীর্ণজ্বরে বিবন্ধে দদ্যাদাশ্বেব বিড়্‌গ্রহঃ শাম্যেৎ।

হরীতকী, সোঁদাল, কট্‌কী, তেউড়ী ও আমলকী, ইহাদের ক্বাথ শীতল করতঃ পান করিলে জীর্ণজ্বর রোগীর মলরুদ্ধতা শীঘ্রই নষ্ট হয়

ইতি জ্বর-চিকিৎসা।

---

# জ্বরাতিসার-চিকিৎসা।

---

## হ্রীবেরাদিঃ।

হ্রীবেরাতিবিষা মুস্ত বিল্ব নাগর ধান্যকৈঃ।
পিবেৎ পিচ্ছা বিবন্ধঘ্নং শূল দোষামপাচনম্‌॥
সরক্তং হন্ত্যতীসারং সজ্বরং বাথ বিজ্বরম্‌॥

বালা, আতইষ, মুথা, বেলশুঁঠ, শুঁঠ, ও ধনে, এই ৬টী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে মলের পিচ্ছিলতা, বদ্ধতা ও শূল বিনষ্ট হয়। এবং আমদোষের পরিপাক হয় ও জ্বরযুক্ত বা বিজ্বর রক্তাতিসার নষ্ট হয়

## উশীরাদিঃ।

উশীরং বালকং মুস্তং ধন্যাকং বিশ্বভেষজম্‌।
সমঙ্গা ধাতকী লোধ্রং বিল্বং দীপন পাচনম্‌॥
হন্ত্যরোচক পিচ্ছাম বিবন্ধং সাতি বেদনাম্‌।
স শোণিতমতীসারং স জ্বরং বাথ বিজ্বরম্‌॥

বেণারমূল, বালা, মুথা, ধনে, শুঁঠ, বরাহক্রান্তা, ধাইফুল, লোধ ও বেলশুঁঠ; এই ৯টী দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করিয়া পান করিলে মলের পিচ্ছিলতা, বিবদ্ধতা, পেটবেদনা এবং জ্বর সংযুক্ত বা বিজ্বর রক্তাতীসার বিনষ্ট হয়

পাঠাদিঃ।

পাঠামৃতা পর্পট মুস্ত বিশ্বা কিরাত
তিক্তেন্দ্রযবান্ বিপাচ্য। পিবন্ হর-
ত্যেব হরেন সর্ব্বান্ জ্বরাতিসারানপি
দুর্নিবারান্॥

আকনাদি, গুলঞ্চ, ক্ষেত্পাপড়া, মুথা, শুঁঠ, চিরতা ও ইন্দ্রযব; ইহাদের কাথ পান করিলে অতি দুর্নিবার সর্ব্বপ্রকার জ্বরাতীসার নিবৃত্ত হয়।

গুড়ূচ্যাদিঃ।

গুড়ূচ্যাতিবিষা ধান্য শুণ্ঠী বিল্বাব্দ বালকৈঃ।
পাঠা ভূনিম্ব কুটজ চন্দনোশীর পদ্মকৈঃ॥
কষায়ঃ শীতলঃ পেয়ো জ্বরাতীসার শান্তয়ে।
হৃল্লাসারোচক চ্ছর্দ্দি পিপাসা দাহ নাশনঃ।

গুলঞ্চ, আতইষ, ধনে, শুঁঠ, বেলশুঁঠ, মুথা, বালা, আকনাদি, চিরতা, কুড়চি, রক্তচন্দন, বেণারমূল ও পদ্মকাষ্ঠ

এই ১৩টী দ্রব্য দ্বারা প্রস্তুত ক্বাথ শীতল করতঃ পান করিলে জ্বরাতীসার, বমনেচ্ছা, অরুচি ও পিপাসা প্রভৃতি শান্তি হয়।

## শুণ্ঠী-দশমূলম্।

দশমূলী কষায়েন বিশ্বমক্ষসমং পিবেৎ।
জ্বরে চৈবাতীসারে চ সশোথ গ্রহণী গদে॥

দশমূলের ক্বাথে অর্দ্ধতোলা শুঁঠচূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে, জ্বর, অতিসার এবং শোথ সংযুক্ত গ্রহণীরোগ আরোগ্য হয়

## নাগরাদিঃ।

নাগরাতিবিষা মুস্ত ভূনিম্বামৃত বৎসকৈঃ।
সর্ব্ব জ্বরঃ হরঃ ক্বাথঃ সর্ব্বাতীসার নাশনঃ॥

শুঁঠ আতইষ, মুথা, চিরতা, গুলঞ্চ ও কুড়চি এই ৬টী দ্রব্যের ক্বাথ পান করিলে জ্বর ও অতিসার বিনষ্ট হয়।

## পঞ্চমূল্যাদিঃ।

পঞ্চমূলী বলা বিল্ব গুড়ূচী মুস্ত নাগরৈঃ।
পাঠা ভূনিম্ব হ্রীবের কুটজত্বক্ ফলৈঃ শৃতম্॥
হন্তি সর্ব্বানতীসারান্ জ্বর দোষং বমিস্তথা।
সশূলোপদ্রবং শ্বাসং কাসং হন্যাৎ সুদারুণম্॥

শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, বেড়েলা, বেলশুঁঠ, গুলঞ্চ, মুথ, শুঁঠ, আকনাদি, চিরতা, বালা, কুড়চিছাল ও ইন্দ্রযব; এই ১৫টি দ্রব্য একত্রে ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে জ্বর, বমি, শূল, কাস প্রভৃতি উপদ্রব সংযুক্ত অতিসার বিনষ্ট হয়।

## বৃহৎ পঞ্চমূল্যাদিঃ।

পঞ্চমূলী শৃঙ্গবের শৃঙ্গাট কঞ্চটং ঘনম্।
জম্বু দাড়িম পত্রঞ্চ বলা বালং গুড়ূচিকা॥
পাঠা বিল্বং সমঙ্গাচ কুটজত্বক্ ফলং তথা।
ধান্যকং ধাতকী ক্বাথং বিষা জীরক সংযুতম্॥
পিবেৎ জ্বরাতীসারে চ সরক্তে বাপ্য রক্তকে।
অপি যোগ শতৈস্ত্যক্তে বা সাধ্যে সর্ব্বরূপকে।

বেল, শোনা, গাম্ভারী, পারুল, গণিয়ারী, শুঁঠ, পাণিফল-পত্র, কাঁচড়া, মুথা, জামপত্র, দাড়িমপত্র, বেলেড়ামূল, বালা, গুলঞ্চ, আকনাদি, বেলশুঁঠ, বরাহক্রান্তা, কুড়চিছাল, ইন্দ্রযব, ধনে ও ধাইফুল; ইহাদের ক্বাথে আতইষচূর্ণ।০ আনা ও জীরা-চূর্ণ ০ আনা প্রক্ষেপ দিয়া পান করিলে ত্রিদোষ জনিত অসাধ্য জ্বরাতিসার ও রক্তাতিসার উপশমিত হয়।

## কলিঙ্গাদিঃ।

কলিঙ্গাতিবিষা শুণ্ঠী কিরাতাম্বু যবাসকম্।
জ্বরাতীসার সন্তাপং নাশয়েদবিকল্পতঃ॥

ইন্দ্রযব, অতইষ, শুঁঠ, চিরতা বালা ও দুর্‌লভা ; ইহাদের ক্বাথ পান করিলে জ্বরাতিসার ও সন্তাপ নিবারিত হয়

## ঘন জলাদিঃ।

ঘনজলাদি পাঠাতিবিষা পথ্যোৎপল ধান্য
রোহিণী বিশ্বৈঃ। সেন্দ্রযবৈঃ ক্বতমন্তঃ
সাতিসারং জ্বরং জয়তি॥

মুথা, বালা, আকনাদি, আতইষ হরীতকী, নীলোৎপল, ধনে, কট্‌কী, শুঁঠ ও ইন্দ্রযব ; এই সমস্ত দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে জ্বরাতিসার প্রশমিত হয়॥

## ধান্য নাগরাদ্যম্।

ধান্য নাগর বিল্বাব্দ বালকৈঃ সাধিতং জলম্।
আমশূল হরং গ্রাহ্যং দীপনং পাচনং পরম্॥

ধনে, শুঁঠ, বেলশুঁঠ, মুথা এবং বালা ; ইহাদের ক্বাথ আম ও শূল নাশক এবং অগ্নিদীপ্তিকারক।

## বিল্বাদি ক্বাথঃ।

বিল্ব বালক ভূনিম্ব গুড়ূচী মুস্তবৎসকৈঃ।
কষায় পাচনঃ শোথো জ্বরাতিসার নাশনঃ॥

বেলশুঁঠ, বালা, চিরতা, গুলঞ্চ, মুথা ও ইন্দ্রযব ; ইহাদের ক্বাথ পাচক এবং শোথ ও জ্বরাতিসার নাশক

কুটজাদিঃ।

কুটজো নাগরং মুস্তমমৃতাতিবিষাতথা।
এভিঃ কৃতং পিবেৎ ক্বাথং জ্বরাতিসারনাশনম্‌।

কুড়চিছাল, শুঁঠ, মুথা, গুলঞ্চ ও আতইষ; এই ক্বাথ সেবনে জ্বরাতিসার প্রশমিত হয়।

পাঠাদিঃ।

পাঠেন্দ্র ভূনিম্ব ঘনামৃতানাং স পর্পটং
ক্বাথ ইহৈবশস্তঃ। আমাতিসারঞ্চ জয়েদ্‌-
দ্রুতম্বা জ্বরেণ যুক্তং সহজঞ্চ তীব্রম্‌॥

আকনাদি, ইন্দ্রযব, চিরতা, মুথা, গুলঞ্চ ও ক্ষেৎপাপড়া; ইহাদের ক্বাথ সেবনে তীব্র, সহজ এবং দ্রুতবেগ ও জ্বরসংযুক্ত আমাতিসার বিনষ্ট হয়

কিরাতাদিঃ।

কিরাতাব্দামৃতা বিশ্ব চন্দনোদীচ্য বৎসকৈঃ।
শোথাতীসার শমনং বিশেষাজ্জ্বর নাশনম্‌॥

চিরতা, মুথা, গুলঞ্চ, শুঁঠ, রক্তচন্দন, বালা ও ইন্দ্রযব, ইহাদের ক্বাথ সেবনে শোথযুক্ত অতিসার ও জ্বর বিনষ্ট হয়।

বিড়ঙ্গাদিঃ।

বিড়ঙ্গাতিবিষা মুস্তং পাঠ দারু কলিঙ্গকম্‌।
মরিচেন সমাযুক্তং শোথাতীসার নাশনম্‌।

বিড়ঙ্গ, আতইষ, মুথা, আকনাদি, দেবদারু ও ইন্দ্রযব, এই কাথ মরিচ চূর্ণ সহ সেবন করিলে শোথ ও অতিসার বিনষ্ট হয়

### শুণ্ঠ্যাদিঃ।

শুণ্ঠী বালক মুস্তা বিল্বং পাঠাবিষা চ ধান্যানি।
পানেমরুচৌ ছর্দ্দি জ্বরাতীসারং বিনাশয়ন্তি।

শুঁঠ, বালা, মুথা, বেলশুঁঠ, আকনাদি, আতইষ ও ধনে; ইহাদের কাথ সেবনে জ্বরাতিসার, অরুচি ও ছর্দ্দি বিনষ্ট হয়।

### বৎসকাদিঃ।

বৎসকশ্চ সুরদারু রোহিণী ধান্য বিল্ব মগধা
ত্রিকণ্টকম্। নিম্ববীজ গজপিপ্পলী বৃকী
কাথ এব জ্বরাতিসারস্যৌষধম্॥

ইন্দ্রযব, দেবদারু, কট্কী, ধনে, বেলশুঁঠ, পিপুল, গোক্ষুর, নিম্ব, গজপিপ্পলী ও আকনাদি; ইহাদের কাথ সেবনে জ্বরাতিসার বিনষ্ট হয়।

### ধান্য-শুণ্ঠী।

ধন্যাকং বিশ্বসংযুক্তমামঘ্নং বহ্নিদীপনম্।
বাতশ্লেষ্মজ্বর হরং শূলাতীসার নাশনম্॥

ধনে ও শুঁঠ দ্বারা কাথ প্রস্তুত করতঃ সেবন করিলে, বাত-

শ্লেষ্মজ্বর ও শূলসংযুক্ত অতিসার বিনাশ হয়  ইহা অগ্নি প্রদীপক।

### ভূনিম্বাদিঃ।

ভূনিম্ব বিল্ব বালক গুড়ূচী মুস্তবৎসকৈঃ।
কষায়ঃ পাচনঃ শোথঃ জ্বরাতীসার নাশনঃ॥

চিরতা, বেলশুঁঠ, বা'লা, গুলঞ্চ, মুথা ও ইন্দ্রযব; ইহাদের ক্বাথ শোথ ও জ্বরাতীসার নাশক।

### পথ্যাদিঃ।

পথ্যা দারু বচা মুস্ত নাগরাতিবিষাযুতৈঃ।
আমাতীসার নাশার্থং ক্বাথমেতৎ পিবেন্নরঃ।

হরীতকী, দেবদারু, বচ, মুথা, শুঁঠ ও আতইষ; ইহাদের কাথ সেবনে আমাতীসার বিনষ্ট হয়।

### বিল্বপঞ্চকম্।

শালপর্ণী পৃশ্নিপর্ণী বলা বিল্বং স দাড়িমম্।
বিল্বপঞ্চকমিত্যেতৎ ক্বাথং কৃত্বা প্রদাপয়েৎ॥
অতীসারে জ্বরেচ্ছর্দ্দ্যাং শস্যতে বিল্বপঞ্চকম্।

শালপাণি, চাকুলে, বেড়েলা, বেলশুঁঠ ও দাড়িম ফলের খোসা; এই ৫টী দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করতঃ পান করিলে জ্বর ও বমি সংযুক্ত অতিসার নিবৃত্তি হয়

## কণাদি ক্বাথঃ।

কণা করিকণা লাজ ক্বাথো মধু সিতাযুতঃ।
পীতো জ্বরাতিসারস্য তৃষ্ণামাশু বিনাশয়েৎ॥

পিপ্পলী, গজপিপ্পলী এবং খৈ; ইহার ক্বাথ শীতল করিয়া মধু ও চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে জ্বরাতিসার রোগীর পিপাসা আশু বিনষ্ট হয়

## দশমূলী ক্বাথঃ।

দশমূলী কষায়েণ বিশ্বমক্ষ সমং পিবেৎ।
জ্বরেচৈবাতিসারে চ সশোথে গ্রহণীগদে॥

দশমূলের ক্বাথের সহিত অর্দ্ধতোলা বা তদপেক্ষা ন্যূন-মাত্রায় শুঁঠচূর্ণ মিলিত করতঃ পান করিলে জ্বর, অতিসার এবং শোথযুক্ত গ্রহণীরোগ প্রশমিত হয়।

## উৎপল ষট্কম্।

পৃশ্নিপর্ণী বলা বিল্ব ধনিকা নাগরোৎপলৈঃ।
জ্বরাতীসারযোর্ব্বাপি পিবেৎসাম্লং শৃতং নরঃ॥

চাকুলে, বেড়েলা, বেলশুঁঠ ধনে, শুঁঠ ও নীলোৎপল, ইহা-দের ক্বাথ দাড়িমের রস সংযোগে পান করিলে জ্বর ও অতীসার বিনষ্ট হয়।

ইতি জ্বরাতিসার-চিকিৎসা।

# অতিসার-চিকিৎসা।

---

## বৎসকাদি ক্বাথঃ।

বৎসকাতিবিষা বিল্বং মুস্তকং বালকং শটী।
অতীসারং জয়েৎ সামং চিরজং রক্তশূলজিৎ॥

ইন্দ্রযব, আতইচ, বেলশুঁঠ, মুথা, বালা ও শঠী; ইহার ক্বাথ সেবন করিলে বহুদিন জাত আমাতীসার ও রক্তশূল বিনষ্ট হয়।

## ধান্য-পঞ্চকম্।

ধান্য বালক বিল্বাব্দ নাগরৈঃ পাচিতং জলম্।
আমশূল বিবন্ধঘ্নং পাচনং দীপনং পরম্॥

ধনে, বালা, বেলশুঁঠ, মুথা, ও শুঁঠ; ইহাদের ক্বাথ আমশূল ও অপকতাজনিত মলের বদ্ধতা নাশক এবং পাচক ও অগ্নি প্রদীপক।

## ধান্য-চতুষ্কম্।

ধান্যকং বালকঞ্চৈব মুস্তকং বিল্বমেব চ।
আমাতীসার শূলঘ্ন পাচনং বহ্নিদীপনম্॥

ধনে, বালা, মুথা ও বেলশুঁঠ; ইহাদের ক্বাথ আমাতিসার ও শূল নাশক এবং পাচক ও অগ্নিদীপক।

## কুটজাদিঃ।

কুটজং দাড়িমং মুস্তং ধাতকী বিল্ব বালকম্।
লোধ্র চন্দন পাঠাশ্চ কষায়ং মধুনা পিবেৎ।
সামে সশূলে রক্তে চ পিচ্ছাস্রাবে চ শস্যতে।
কুটজাদিরিতি খ্যাতঃ সর্ব্বাতীসার নাশনঃ॥

ইন্দ্রযব, দাড়িমফলের খোসা, মুথা, ধাইফুল, বেলশুঁঠ, বালা, লোধ, রক্তচন্দন ও আকনাদি; ইহাদের ক্বাথ কিঞ্চিৎ মধু সহযোগে পান করিলে আমশূল, রক্তস্রাব ও মলের পিচ্ছিলতা নষ্ট হইয়া থাকে। ইহা সর্ব্বাতীসার নাশক

## পথ্যাদি ক্বাথঃ।

পথ্যা দারু বচামুস্তৈ নাগরাতিবিষান্বিতৈঃ।
আমাতীসার নাশায় ক্বাথমেভিঃ পিবেন্নরঃ॥

হরীতকী, দেবদারু, বচ মুথা, শুঁঠ ও আতইষ; ইহাদের ক্বাথ সেবনে আমাতীসার বিনষ্ট হয়।

## কঞ্চটাদিঃ।

কঞ্চট দাড়িম বিল্ব জম্বু শৃঙ্গাটকপত্র হ্রীবেরম্।
জলধর নাগর সহিতং গঙ্গামপি বেগিনীং রুন্ধ্যাৎ॥

কাঁচড়া পত্র, দাড়িমপত্র বেলশুঁঠ, জামপত্র, পাণিফলপত্র, বালা, মুথা ও শুঁঠ; এই ৮টী দ্রব্য দ্বারা প্রস্তুত ক্বাথ সেবনে অতি বেগবান্ অতিসার বিনষ্ট হয়।

### যোগত্রয়ম্।

পিপ্পলীং নাগরং ধান্যং ভূতিকঞ্চাভয়াং বচাম্।
হ্রীবের ভদ্রমুস্তানি বিল্বং নাগর ধান্যকম্॥
পৃশ্নিপর্ণী শ্বদংষ্ট্রা চ সমঙ্গা কণ্টকারিকা।
কফে পিত্তে চ বাতে চ ক্রমাদেতাঃ প্রকীর্ত্তিতাঃ॥

কফাতিসারে পিপুল, শুঁঠ, ধনে, যমানী, হরীতকী ও বচ; পিত্তাতিসারে বালা, মুথা, বেলশুঁঠ, শুঁঠ ও ধনে; বাতাতিসারে চাকুলে, গোক্ষুর, বরাহক্রান্তা ও কণ্টকারী দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিবে।

### পটোলাদিঃ।

পটোল যব ধন্যাক ক্বাথঃ পেয়ঃ সুশীতলঃ।
শর্করা মধু সংযুক্তশ্ছর্দ্দ্যতীসার নাশনঃ॥

পলতা, যব ও ধনের ক্বাথ শীতল করিয়া চিনি ও মধু সহযোগে পান করিলে বমি ও অতিসার নিবারিত হয়

### বিল্বাদি ক্বাথঃ

বিল্বশক্র যবাম্ভোদ বালকাতিবিষাকৃতঃ।
কষায়োহন্ত্যতীসারং সামং পিত্ত সমুদ্ভবম্॥

বেলশুঁঠ, ইন্দ্রযব, মুথা, বালা ও আতইষ; ইহাদের ক্বাথ সেবনে সাম পিত্ত জন্য অতিসার বিনষ্ট হয়

## চব্যাদি ক্বাথঃ।

চব্যং সাতিবিষা মুস্তং বালবিল্বং সনাগরম্।
বৎসকত্বক্ ফলং পথ্যা ছর্দ্দিশ্লেষ্মাতিসারনুৎ॥

চই, আতইষ, মুথা, কচি বেলশুঠ, শুঁঠ, কুড়চিছাল, ইন্দ্রযব ও হরীতকী, ইহাদের ক্বাথ সেবনে বমি ও কফাতীসার নষ্ট হয়।

## হ্রীবেরাদিঃ।

হ্রীবের ভদ্রমুস্তকং বিল্ব নাগর ধান্যকম্।
ইদং পিত্তাতিসারেহি বিজানীয়ান্মহৌষধম্॥

বালা,মুথা, বেলশুঁঠ শুঁঠ ও ধনে; এই ক্বাথ সেবনে পৈত্তিক অতিসার নিবৃত্তি হয়।

## শালপর্ণ্যাদিঃ।

শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতী কণ্টকারিকা।
বালাশ্বদংষ্ট্রা বিল্বানি পাঠা নাগর ধান্যকম্।
এতদাহার সংযোগে হিতং সর্ব্বাতিসারিণাম্॥

শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, বালা, গোক্ষুর, বেলশুঁঠ, আকনাদি,শুঁঠ ও ধনে; ইহাদের ক্বাথ আহার কালে পেয়া সংযোগে সেবন করিলে সর্ব্ব প্রকার অতিসার উপশমিত হয়।

## ধন্যাদ্য ক্বাথঃ।

ধন্য নাগর মুস্তাচ বালকং বালবিল্বকম্।
বলা নাগবলাচেতি ক্বাথো রক্তাতিসারিণাম্।

ধনে, শুঁঠ, মুথা, বালা, কচিবেল, বেড়েলা ও গোরক্ষ চাকুলে; ইহাদের কাথ পান করিলে রক্তাতিসার নিবারিত হয়

পঞ্চমূল্যাদিঃ।

পঞ্চমূলী বলা বিল্ব ধান্যকোৎপল বিশ্বজাঃ।
বাতাতিসারিণে দেয়াস্তক্রেণান্যতমেন বা॥

মহৎ পঞ্চমূল, ( বেল, শোণা, গাম্ভারী, পারুল ও গণিয়ারী ) বেড়েলা, বেলশুঁঠ ধনে, নীলোৎপল ও শুঁঠ; এই সকল দ্রব্য সমভাগে মিলিত ২ তোলা লইয়া অর্দ্ধসের তক্রে বা কাঁজীর সহিত সিদ্ধকরতঃ কাথ প্রস্তুত করিয়া, এই কাথ পান করিলে বাতাতিসার নষ্ট হয়।

ইত্যতিসার-চিকিৎসা।

---

## গ্রহণী-চিকিৎসা।

---

যমানিকাদিঃ।

যমানী নাগরোশীর ধনিকাতিবিষাঘনৈঃ।
বলা বিল্বদ্বিপর্ণীভির্দ্দীপনং পাচনং স্মৃতম্॥

যমানী, শুঁঠ, বেণারমূল, ধনে, আতইষ মুথা, বেড়েলা, কচি-বেলের শাঁস, শালপানি ও চাকুলে; এই কাথ পান করিলে গ্রহণী রোগ বিনষ্ট হইয়া জঠরাগ্নির উদ্দীপন হইয়া থাকে

ধান্যকাদিঃ।

ধান্যকাতিবিষোদীচ্য যমানী মুস্ত নাগরম্।
বলা দ্বিপর্ণী বিল্বঞ্চ দদ্যাদ্দীপন পাচনম্॥

ধনে, আতইষ, বালা, যমানী, মুথা, শুঁঠ, বেড়েলা, মুগানি, মাষানি ও বেলশুঁঠ; এই ক্বাথ অগ্নিদীপক ও আম পাচক।

পুনর্নবাদিঃ।

পুনর্নবা বল্লী জবান পুঙ্খা বিশ্বাগ্নি পথ্যা
চিরবিল্ব বিল্বৈঃ। কৃতঃ কষায়ঃ শময়েদ-
শেষান্ দুর্নাম গুল্ম গ্রহণী বিকারান্॥

পুনর্নবা, মরিচ, শরপুঙ্খ, শুঁঠ রক্তচিতামূল, হরীতকী, করঞ্জছাল ও কচিবেলের শাঁস; এই সকল দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে গুল্ম ও গ্রহণী রোগ নিবারিত হইয়া থাকে

শালপর্ণ্যাদিঃ।

শালপর্ণী বলা বিল্ব ধান্য শুণ্ঠীকৃতঃ শৃতঃ।
আধ্মান শূল সহিতাং বাতজাং গ্রহণীং জয়েৎ॥

শালপানি, বেড়েলা, বেলশুঁঠ; ধনে ও শুঠ; ইহাদের ক্বাথ পানে আধ্মান ও শূলযুক্ত বাতজ গ্রহণী বিনষ্ট হয়

শুণ্ঠ্যাদিঃ।

শুণ্ঠীং সমুস্তাতিবিষাং গুড়ূচীং পিবে-
জ্জলেন ক্বথিতাং সমাংশাম্। মন্দানলত্বে
সততামতায়ামামানুবন্ধে গ্রহণীগদে চ॥

শুঁঠ, মুথা, আতইষ ও গুলঞ্চ ; এই দ্রব্য চতুষ্টয় দ্বারা কাথ প্রস্তুত করিয়া পান করিলে মন্দাগ্নি ও আম সংযুক্ত গ্রহণী রোগ প্রশমিত হয়।

ইতি গ্রহণীরোগ-চিকিৎসা।

---

# অর্শরোগ-চিকিৎসা।

---

## চন্দনাদি ক্বাথঃ।

চন্দন কিরাততিক্তক ধন্বযবাসাঃ সনাগরাঃ কথিতাঃ।
রক্তার্শসাং প্রশমা দার্ব্বীত্বগুশীর নিম্বাশ্চ॥

রক্তচন্দন, চিরতা, দুরালভা, নাগরমুথা, দারুহরিদ্রা, দারু-চিনি, বেণারমূল ও নিমছাল, ইহাদের ক্বাথ পান করিলে রক্তার্শ নিবারণ হয়।

## পথ্যাদিঃ।

পথ্যামৃতা চ ধনিকা পানে ক্বাথো গুড়ান্বিতাঃ।
সর্ব্বেশামর্শসাংহিতাঃ চিরজাতমসংশয়ম্॥

হরীতকী, গুলঞ্চ ও ধনে ; ইহাদের ক্বাথ গুড় সহযোগে সেবন করিলে সকল প্রকার অর্শোরোগ নিবৃত্তি হয়।

### বিড়ঙ্গাদিঃ।

বিড়ঙ্গ পত্র কেশর শুণ্ঠী সমৈলা তুম্বুরু
ধান্যক তিলানাং। ক্বাথো হরীতকী সর্পি-
র্গুড়েন পাতো নিহন্তি গুদে গুদজানি॥

বিড়ঙ্গ, তেজপত্র, নাগকেশর, শুঁঠ এলাইচ, ধনে ও তিল; ইহাদের ক্বাথ হরীতকী, গুড় ও ঘৃত সহ পান করিলে গুদজার্শ নিবৃত্তি হয়।

### যোগঃ।

দন্তী বিড়ঙ্গং মগধা চ ধান্যং ভল্লাত গৌড়ং
তিল কুষ্ঠযুক্তম্। সংসিচ্য সম্যক্ পয়সাতি
ক্বাথো নিহন্তি পানে গুদজাংশ্চ রোগান্॥

দন্তী, বিড়ঙ্গ, পিপ্পলী, ধনে, ভেলা, তিল ও কুড়; ইহাদের ক্বাথ গৌরী সুরাসহ পান করিলে গুদজার্শ রোগ আরোগ্য হয়।

ইত্যর্শরোগ-চিকিৎসা।

---

## অগ্নিমান্দ্য-চিকিৎসা।

---

### ধান্য নাগরম্।

ধান্য নাগর সিদ্ধং বা তোয়ং দদ্যাদ্বিচক্ষণঃ।
আমাজীর্ণ প্রশমনং শূলঘ্নং বস্তি শোধনম্॥

ধনে ও শুঁঠের ক্বাথ পান করিলে অজীর্ণ ও শূল বিনষ্ট হয় এবং মূত্রাশয় শোধিত হয়

নিম্বাদি ক্বাথঃ।

নিম্ব নীরধর বেতসং নিশা কাশ্মরী চ
তুলসী চ সিংহিকা। ক্বাথ এব হৃদয়ামযা-
পহঃ কফহং শূলমাশু যকৃদাদ্য নাশনঃ॥

নিমছাল, মুথা, বেতস, হরিদ্রা, গাম্ভারী, তুলসী ও বৃহতী; ইহার ক্বাথ সেবনে অজীর্ণ, কফ, শূল ও যকৃৎ প্রভৃতি বিনষ্ট হয়।

বিশ্বাদি ক্বাথঃ।

বিশ্বাভয়া গুড়ূচীনাং কষায়েণ ষড়ূষণম্।
পিবেৎ শ্লেষ্মণি মন্দেহগ্নৌ ত্বক্ পত্রং সুরভীকৃতম্॥

শুঁঠ, হরীতকী ও গুলঞ্চ ইহাদের ক্বাথের সহিত পিপুল, পিপুলমূল, চই, চিতা, শুঁঠ ও মরিচের চূর্ণ মিশ্রিত করিয়া তাহাতে দারুচিনি ও তেজপত্র চূর্ণ দ্বারা সুগন্ধযুক্ত করিয়া পান করিলে কফজ অগ্নিমান্দ্য প্রশমিত হয়

ইত্যগ্নিমান্দ্য চিকিৎসা

---

# ক্রিমিরোগ-চিকিৎসা।

মুস্তকাদিঃ।

মুস্তাখুপর্ণীফল শিগ্রু দারু ক্বাথঃ সকৃষ্ণা
ক্রিমি শত্রুকল্কঃ। মার্গদ্বয়েনাপি চির-

প্রবৃত্তান্ ক্রিমীন্নিহন্তি ক্রিমিজাংশ্চ
রোগান্॥

মুথা, ইন্দুরকাণি, হরীতকী, আমলকী, বহেড়া, সজিনাছাল ও দেবদারু এই কাথের সহিত পিপুল চূর্ণ ও বিড়ঙ্গ চূর্ণ মিশ্রিত করিয়া পান করিলে উভয় মার্গ প্রবর্ত্তিত ক্রিমি বিনষ্ট হয়।

যোগদ্বয়ম্।

ক্বাথং খর্জ্জুরপত্রাণাং সক্ষৌদ্রমুষিতং নিশি।
পাত্বা নিবারয়াত্যাশু ক্রিমিসঙ্ঘমশেষতঃ।
পলাশবীজস্য ক্বাথং পিবেন্ মাক্ষিকসংযুতম্।
পিবেত্তদ্বীজকল্কং বা মধুনা ক্রিমিনাশনম্।

খেজুর পাতার কাথ বাসি করিয়া মধুর সহিত পান করিলে ক্রিমি বিনষ্ট হয়

পলাশবীজের কাথ মধুসহ অথবা পলাশবীজ বাটিয়া মধুর সহিত ভক্ষণ করিলে ক্রিমি নষ্ট হয়

ইতি ক্রিমিরোগ-চিকিৎসা

---

## পাণ্ডু, কামলা ও হলীমক-চিকিৎসা।

ত্রিফলাদি ক্বাথঃ।

ত্রিফলাবৃষভূনিম্ব নিম্বতিক্তামৃতাকৃতঃ।
ক্বাথো মধুযুতঃ পীতঃ কামলাপাণ্ডুরোগজিৎ॥

হরীতকী, আমলকী, বহেড়া, বাসক, চিরতা, নিমছাল, কটকী

এবং গুলঞ্চ এই সকল দ্রব্যের ক্বাথ মধু সহযোগে পান করিলে কামলা ও পাণ্ডুরোগ প্রশমিত হইয়া থাকে

### পুনর্নবাদি ক্বাথঃ

পুনর্নবাভয়া নিম্ব দার্ব্বী তিক্তপটোলকৈঃ।
গুড়ূচী নাগরযুতৈঃ ক্বাথো গোমূত্রসংযুতঃ।
পাণ্ডু কাসোদরশ্বাস শূল সর্ব্বাঙ্গ শোথজঃ॥

পুনর্নবা, হরীতকী, নিমছাল, দারুহরিদ্রা, চিরতা, পল্তা, গুলঞ্চ ও শুঁঠ এই সকল দ্রব্য গোমূত্রে সিদ্ধ করিয়া এই ক্বাথ পান করিলে কামলা, হলীমক ও পাণ্ডুরোগ প্রশমিত হয়

### যোগদ্বয়ম্।

ত্রিফলায়াঃ গুড়ূচ্যা বা দার্ব্ব্যা অরিষ্টকস্য বা।
প্রাতর্ম্মাক্ষিক সংযুক্ত শীতলঃ কামলাপহঃ॥
মারিতমায়সঞ্চূর্ণং মুস্তাচূর্ণেন সংযুতম্।
খদিরস্য কষায়েণ পিবেদ্ধন্তি হলীমকম্॥

ত্রিফলা কিম্বা গুলঞ্চ অথবা দারুহরিদ্রা বা নিমছালের শীতল ক্বাথ মধু প্রক্ষেপ দিয়া প্রাতঃ সময়ে পান করিলে কামলা রোগ নষ্ট হয়

খদির কাষ্ঠের ক্বাথের সহিত লৌহ চূর্ণ ও মুথা চূর্ণ সমভাগে মিলিত করতঃ পান করিলে হলীমক রোগ বিনষ্ট হয়

ইতি পাণ্ডু-কামলা ও হলীমক চিকিৎসা

# রক্তপিত্ত-চিকিৎসা।

## হ্রীবেরাদিঃ।

হ্রীবেরমুৎপলং ধান্যং চন্দনং যষ্টিকামৃতা।
উশীরঞ্চ ত্রিবৃৎচৈষাং ক্বাথং সমধুশর্করম্॥
পায়য়েত্তেন সদ্যোহি রক্তপিত্তং প্রণশ্যতি।
রক্তপিত্তং জয়েত্ত্যুগ্রং তৃষ্ণাং দাহং জ্বরন্তথা॥

বালা, নীলোৎপল, ধনে, রক্তচন্দন, যষ্টিমধু, গুলঞ্চ, বেণারমূল ও তেউড়ী ইহাদের ক্বাথ মধু ও চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে, রক্তপিত্ত, পিপাসা, দাহ ও জ্বর নষ্ট হয়।

## বাসকাদিঃ।

বাসাপত্রসমুদ্ভূতো রসঃ স মধুশর্করঃ।
ক্বাথো বা হরতে পীতো রক্তপিত্তং সুদারুণম্॥

বাসকপাতার স্বরস অথবা ক্বাথ মধু ও চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে সুদারুণ রক্তপিত্ত বিনষ্ট হয়

## ধান্যকাদিঃ।

ধান্যাকধাত্রী বাসানাং দ্রাক্ষা পর্পটয়োর্হিমঃ।
রক্তপিত্তং জ্বরং দাহং তৃষ্ণাং শোষঞ্চ নাশয়েৎ॥

ধনে, আমলকী, বাসক, কিস্‌মিস্‌ ও ক্ষেতপাপড়া ইহাদের শীতল ক্বাথ সেবন করিলে রক্তপিত্ত, জ্বর, দাহ, পিপাসা প্রভৃতি বিনষ্ট হয়।

অটরূষকাদিঃ ।

অটরূষকমৃদ্বীকা পথ্যা ক্বাথঃ স শর্করঃ ।
ক্ষৌদ্রাঢ্যঃ শ্বসনক্লেশ রক্তপিত্তনিবারণঃ ॥

বাসক, কিস্‌মিস্‌ ও হরীতকী ইহাদের ক্বাথ মধু ও চিনিসহ পানকরিলে রক্তপিত্ত বিনষ্ট হয়

ইতি রক্তপিত্ত চিকিৎসা

---

# যক্ষ্মা, হিক্কা, শ্বাস, কাস ও হৃদ্রোগ-চিকিৎসা ।

অশ্বগন্ধাদিঃ ।

অশ্বগন্ধামৃতা ভীরু দশমূলী বলাবৃষাঃ ।
পুষ্করাতিবিষেঘ্নন্তি ক্ষয়ং ক্ষীর রসাশিনঃ ॥

অশ্বগন্ধ, গুলঞ্চ, শতমূলী, দশমূল, বেড়েলা, বাসক, পুষ্করমূল (অভাবে কুড) ও আতইষ এই ক্বাথ পান করিয়া দুগ্ধ ও মাংস-রস ভক্ষণ করিলে ক্ষয় (যক্ষ্মা) রোগ নষ্ট হয়

পঞ্চমূলীক্বাথঃ ।

নিহন্তি কাসং গুরু পঞ্চমূলী কৃতঃ কষায়শ্চ
পলাসহায়ঃ ॥

বেলছাল, শোণাছাল, গম্ভারীছাল, পারুলছাল ও গণিয়ারীছাল এই পঞ্চ দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া পিপুল চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে কাস রোগ প্রশমিত হইয়া থাকে

## পিপ্পল্যাদিকাথঃ।

পিপ্পলী কট্‌ফলং শুণ্ঠী শৃঙ্গী ভার্গী তথোষণম্।
করবী কণ্টকারী চ সিন্দুবারো যমানিকা॥
চিত্রকো বাসকশ্চৈষাং কষায়ং বিধিবৎ কৃতম্।
কফ কাস বিনাশায় পিবেৎ কৃষ্ণারজোযুতম্॥

পিপ্পলী, কট্‌ফল্‌, শুঠ, কাঁকড়াশৃঙ্গী, বামনহাটী, মরিচ, করবী, কণ্টকারী, নিসিন্দা,জুইন, চিতা ও বাসক এই সকল দ্রব্য দ্বারা যথাবিধানে ক্বাথ প্রস্তুত করিয়া পিপ্পলী চূর্ণ সহযোগে সেবন করিলে কফ জনিত কাস বিনষ্ট হয়।

## দশমূলাদিঃ।

পিপ্পলী চূর্ণ সংযুক্তং দশমূলী জলং পিবেৎ।
পার্শ্বশূলং জ্বর শ্বাস কাস শ্লেষ্ম বিনাশয়েৎ॥

দশমূল দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া পিপ্পলী চূর্ণ সহযোগে পান করিলে, পার্শ্বশূল, জ্বর, শ্বাস, কাস ও শ্লেষ্মা বিনষ্ট হয়।

## কণ্টকার্য্যাদিঃ।

কণ্টকারীযুগং দ্রাক্ষা বাসা কর্পূর বালকৈঃ।
নাগরেণ চ পিপ্পল্যা ক্বথিতং সলিলং পিবেৎ॥
শর্করামধুসংযুক্তং পিত্তকাসাপহং পরম্॥

বৃহতী, কণ্টকারী, কিস্‌মিস্‌, বাসক, কর্পূর, বালা, শুঁঠ, ও পিপ্পলী ইহাদের ক্বাথ প্রস্তুত করতঃ চিনি ও মধু সহযোগে পান করিলে পিত্ত জনিত কাস বিনষ্ট হয়

## শট্যাদি ক্বাথঃ ।

শটী দশমূলী রাস্না পিপ্পলী বিশ্বপৌষ্করৈঃ ।
শৃঙ্গীত্বামলকী ভার্গী গুড়ূচী নাগরাগ্নিভিঃ ॥
বিধিবৎ সেব্যমানে তু কষায়ং বা পিবেন্নরঃ ।
শ্বাসহৃদ্‌গ্রহপার্শ্বার্ত্তিহিক্কাকাস প্রশান্তয়ে ॥

শটী, দশমূল, রাস্না, পিপ্পলী, শুঁঠ, পুষ্করমূল ( অভাবেকুড় ) কাঁকড়াশৃঙ্গী, ভূম্যামলকী, বামনহাটী, গুলঞ্চ, শুঁঠ, এবং চিতা এই সকল দ্রব্যের ক্বাথ সেবন করিলে, শ্বাস, হৃদ্রোগ, হিক্কা, পার্শ্ব-বেদনা ও কাস প্রশমিত হয়

## বাসাদি ক্বাথঃ ।

বাসাহরিদ্রা মগধা গুড়ূচী ভার্গী ঘনানাগর
ধাবনীনাম্ । ক্বাথেন মরিচরজোন্বিতেন
শ্বাসঃ শমং যাতি ন কস্য পুংসঃ ॥

বাসক, হরিদ্রা, পিপুল; গুলঞ্চ, বামনহাটী, রুদ্রজটা, শুঁঠ ও কণ্টকারী এই ৮টী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া মরিচ চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে নিশ্চয়ই কাস ও শ্বাসরোগ প্রশমিত হইয়া থাকে

## শুণ্ঠী-ভার্গী ক্বাথঃ ।

শুণ্ঠী ভার্গী কৃতঃ ক্বাথঃ কসনশ্বসনাহিরাট্ ।

শুঁঠ ও বামনহাটী দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে কাস ও শ্বাস রোগ প্রশমিত হয়।

বলাদিঃ।

বলাদি বৃহতী বাসা দ্রাক্ষাভিঃ ক্বথিতং জলম্।
পিত্তকাসাপহং পেয়ং শর্করা মধুযোজিতম্॥

বেড়েলা, বৃহতী, বাসক, ও কিস্‌মিস্, এই সকল দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া চিনি ও মধু সহযোগে পান করিলে পৈত্তিক কাস নিবারিত হয়।

ইতি যক্ষ্মা, হিক্কা, শ্বাস কাস ও হৃদ্রোগ চিকিৎসা।

---

## স্বরভেদ, অরোচকচ্ছর্দ্দি দাহ ও তৃষ্ণা চিকিৎসা।

পিপ্পল্যাদিঃ।

পিপ্পলী পিপ্পলীমূলং মরিচং বিশ্বভেষজম্।
পিবেন্মূত্রেন মতিমান্ কফজে স্বরসংক্ষয়ে॥

পিপ্পলী, পিপ্পলীমূল, মরিচ ও শুঁঠ এই সকল দ্রব্য গোমূত্র দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে কফজ স্বরভেদ আরোগ্য হয়

যোগদ্বয়ম্।

নিম্বাম্বুচ্ছর্দ্দি ভবতঃ কফজে তু পানং।
রাজদ্রুমাম্বু মধুনা সহ দীপকাঢ্যম্॥

নিমছালের ক্বাথ, অথবা সোণালুর ক্বাথ মধু ও যমানী চূর্ণসহ পান করিলে কফজ অরুচি বিনষ্ট হয়।

## পর্পটাদিঃ।

কাথঃ পর্পটজঃ পীতঃ স ক্ষৌদ্রশ্ছর্দ্দিনাশনঃ।

ক্ষেত্পাপড়ার কাথ মধু সহযোগে পান করিলে বমি নিবারিত হয়

## গুড়ূচ্যাদিঃ।

গুড়ূচী ত্রিফলানিম্ব পটোলৈঃ কথিতং জলম্
পিবেন্মধুযুতং তেন ছর্দ্দির্নশ্যতি পিত্তজা॥

গুলঞ্চ, হরীতকী, আমলকী, বহেড়া, নিম ও পল্‌তা এই সকলের কাথ মধু সহযোগে পান করিলে পিত্তজন্য বমি রোগ বিনষ্ট হয়।

## ছর্দ্দেঃ কাথ পঞ্চকম্।

বিল্বত্বচো গুড়ূচ্যাবা কাথঃ ক্ষৌদ্রেণ সংযুতম্।
ছর্দ্দিং ত্রিদোষজাং হন্তি পর্পটঃ পিত্তজাং তথা।
আম্রাস্থিবিল্বনির্য্যূহঃ পীতঃ সমধুশর্করঃ।
নিহন্যাচ্ছর্দ্দ্যতীসারং বৈশ্বানর ইবাহুতিম্॥

বেলছাল অথবা গুলঞ্চের কাথ মধু সহযোগে পান করিলে ত্রৈদোষিক বমি বিনষ্ট হয়

ক্ষেত্পাপড়ার কাথ মধু সংযোগে পান করিলে পৈত্তিক বমি নিবারণ হয়।

আমেরআটী এবং বেলছালের কাথে মধু ও চিনি মিশ্রিত করিয়া পান করিলে বমি ও অতিসার নিবৃত্তি হয়

ধান্যাক ক্বাথঃ।

প্রাতঃ শর্করয়োপেতঃ ক্বাথো ধান্যাকসম্ভবঃ।
জয়েত্তৃষ্ণাং তথা দাহং ভবেৎ স্রোতোবিশো-
ধনম্॥

ধনের কাথ চিনি সহযোগে প্রাতঃ সময়ে পান করিলে তৃষ্ণা ও দাহ নষ্ট হয় এবং স্রোতো বিশোধিত হইয়া থাকে

যোগদ্বয়ম্।

আম্রজম্বু কষায়ং বা পিবেন্মাক্ষিকসংযুতম্।
ছর্দ্দিং সর্ব্বাং প্রণুদতি তৃষ্ণাঞ্চৈবাপকর্ষতি॥

আম অথবা জামের কচি পত্রের ক্বাথ মধুর সহিত পান করিলে সর্ব্বপ্রকার বমি ও তৃষ্ণা প্রশমিত হয়

ত্রিফলাদিঃ।

ত্রিফলারগ্বধক্বাথঃ শর্করাক্ষৌদ্রসংযুতঃ।
দাহ রক্তপিত্তহরঃ পিত্তশূল নিবারণঃ

হরীতকী,আমলকী, বহেড়া ও সোঁদাল ইহাদের ক্বাথ চিনি ও মধু সহযোগে পান করিলে, দাহ, রক্তপিত্ত ও পিত্তশূল বিনষ্ট হয়

চন্দনাদি ক্বাথঃ।

পটীর পর্পটোশীর নীর নীরদ নীরজৈঃ।
মৃণাল মিসি ধান্যাক পদ্মকামলকৈঃ কৃতঃ॥
অর্দ্ধশিষ্টঃ সিতা শীতঃ পীতঃ ক্ষৌদ্রসমন্বিতঃ।
ক্বাথো ব্যপোহরেদ্দাহং তৃষ্ণাঞ্চ পরমোল্বণম্॥

রক্তচন্দন, ক্ষেত্‌পাপড়া, বেণারমূল, বালা, মুথা, পদ্মমূল, পদ্ম-মৃণাল, মৌরী, ধনে, পদ্মকাষ্ঠ ও আমলকী এই সমস্ত দ্বারা অর্দ্ধা-বশিষ্ট ক্বাথ প্রস্তুত করিয়া শীতল হইলে চিনি ও মধু মিশ্রিত করিয়া পান করিলে অতি প্রবল দাহ প্রশমিত হইয়া থাকে

ইতি স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, দাহ ও তৃষ্ণা-চিকিৎসা

---

## মূর্চ্ছা, মদাত্যয় উন্মাদও ভ্রম-চিকিৎসা।

### দ্রাক্ষাদি ক্বাথঃ।

দ্রাক্ষা সিতা দাড়িম লাজবন্তি কহ্লার
নীলোৎপলপদ্মবন্তি। পিবেৎ কষায়াণি
চ শীতলানি পিত্তজ্বরে যানি চ যাপয়ন্তি॥

কিস্‌মিস্‌, চিনি, দাড়িম, খৈ, শ্বেতোৎপল, (সুঁদি) নীলোৎ-পল ও পদ্মএই সকল দ্রব্যের শীতল ক্বাথ পান করিলে এবং পিত্ত জ্বরোক্ত ক্রিয়া করিলে মূর্চ্ছা প্রশমিত হয়

### দুরালভা ক্বাথঃ।

তাম্রং দুরালভা ক্বাথৈঃ পীতন্তু ঘৃতসংযুতম্‌।
নিবারয়েৎ ভ্রমং শীঘ্রং তাং যথা শম্ভুভাষিতম্‌॥

দুরালভার ক্বাথের সহিত ঘৃত ও মারিত তাম্র মিলিত করিয়া পান করিলে সত্বরই ভ্রম নিবারিত হয়।

মহৌষধাদিঃ।

মহৌষধামৃতা ক্ষুদ্রা পৌষ্করং গ্রন্থিকোদ্ভবম্।
পিবেৎ কণাযুতং ক্বাথং মূর্চ্ছায়েষু মদেষু চ॥

শুঁঠ, গুলঞ্চ, কণ্টকারী, পুষ্করমূল (অভাবেকুড) ও পিপুল-মূল, ইহাদের ক্বাথ পিপুল চূর্ণ সহ পান করিলে মূর্চ্ছা ও মদাত্যয় রোগ উপশমিত হয়

ইতি মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ ও ভ্রম-চিকিৎসা

---

## বাতব্যাধি-চিকিৎসা।

দশমূলাদিঃ।

দশমূলীকৃতং ক্বাথং পঞ্চমূল্যাপি কল্পিতম্।
মন্যাস্তম্ভং নিহন্ত্যাশু কম্পবাতং বিশেষতঃ॥

দশমূলের কিম্বা বৃহৎ পঞ্চমূলের ক্বাথ পান করিলে মন্যাস্তম্ভ রোগের উপশম হয়।

বলাদিঃ।

বলামূলশৃতং তোয়ং সৈন্ধবেন সমন্বিতম্।
বাহুশোষ করে বাতে মন্যাস্তম্ভে চ শস্যতে॥

বেড়েলার মূল দ্বারা ক্বাথ কর˙তঃ সৈন্ধব মিশ্রিত করিয়া পান করিলে বাহু শোষ ও মন্যাস্তম্ভ প্রশমিত হয়

শেফালিকাক্বাথঃ।

শেফালিকা দলৈঃ ক্বাথো মৃদ্বগ্নি পরিপাচিতঃ।
দুর্ব্বারং গৃধ্রসী রোগং পীতমাত্রং সমুদ্ধরেৎ॥

মৃদু অগ্নিসন্তাপে শেফালিকা ( শিয়লী ) পত্রের ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে দুর্নিবার গৃধ্রসী রোগ বিনষ্ট হয়।

যোগঃ।

মাষ ক্বাথঃ দশমূলী বলা তৈলাজ্যমিশ্রিতম্।
সায়ং ভুক্ত্বা পিবেন্নস্যং বিশ্বচ্যাগববাহুকে॥

সায়ংকালে দশমূলী, বেড়েলা ও মাষ কলায়ের ক্বাথে তৈল ও ঘৃত মিশ্রিত করতঃ পান করিলে ও নস্যরূপে ব্যবহার করিলে বিশ্বচীও অববাহুক ( বাতরোগ বিঃ ) রোগ প্রশমিত হয়

এরণ্ডাদিঃ।

এরণ্ডমূলং বিল্বঞ্চ বৃহতী কণ্টকারিকা।
কষায়ো রুচকোপেতঃ পীতো বঙ্ক্ষণ বস্তিজম্॥
গৃধ্রসীজং হরেৎ শূলং চিরকালানুবন্ধি চ।

ভেরেণ্ডার মূল, বেল মূল, বৃহতী ও কণ্টকারী ইহাদের ক্বাথে কিঞ্চিৎ সৌবর্চ্চল লবণ প্রক্ষেপ দিয়া পান করিলে বহু কাল সঞ্চিত বঙ্ক্ষণশূল ও গৃধ্রসী জন্য শূল নষ্ট হয়।

সিংহাস্যাদিঃ।

সিংহাস্য দন্তী কৃত মালকানাং পিবেৎ কষায়ং—
রুবু তৈল মিশ্রম্। যো গৃধ্রসী নষ্টগতিং প্রসুপ্তঃ—
স শীঘ্রগঃ স্যাদ্ধি কিমত্র চিত্রম্॥

বাসক, দন্তী ও সোঁদাল দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া কিঞ্চিৎ

এবং তৈল মিশ্রিত করতঃ পান করিলে অচল গৃধ্রসী রোগীর স্তব্ধতা নষ্ট হইয়া গমন শক্তি হয়

## রাস্নাসপ্তকক্কাথঃ

রাস্নামৃতারগ্বধ দেবদারু ত্রিকণ্টকৈরণ্ড-
পুনর্নবানাম্। ক্কাথং পিবেন্নাগরচূর্ণমিশ্রং-
জঙ্ঘোরু পৃষ্ঠত্রিকপার্শ্ব শূলী॥

রাস্না, গুলঞ্চ, সোঁদাল, দেবদারু, গোক্ষুর, ভেরেণ্ডার মূল ও পুনর্নবা ইহাদের ক্কাথে কিঞ্চিৎ শুঁঠ চূর্ণ মিশ্রিত করিয়া পান করিলে, জঙ্ঘা, উরু, পৃষ্ঠ, ত্রিক ও পার্শ্ব দেশের শূল নিবারণ হয়

## মাষাদি ক্কাথঃ।

মাষাত্মগুপ্তা বাতারি বাট্যালক জটাশৃতম্
হিঙ্গুসৈন্ধবসংযুক্তং পক্ষাঘাতং বিনাশয়েৎ॥

মাষকলায, আলকুশী, ভেরেণ্ডার মূল, বেড়েলা ও জটামাংসী এই সকলের ক্কাথের সহিত, হিঙ্গু ও সৈন্ধব লবণ প্রক্ষেপ দিয়া পান করিলে পক্ষাঘাত রোগ (বাতব্যাধিবিঃ) নিবারণ হয়।

## গোক্ষুরাদিঃ।

গোক্ষুরমেরণ্ড মূলং রাস্না বচা পুনর্নবা।
কষায় এষ প্রশস্তঃ সর্ব্বাঙ্গ প্রগতে বাতে

গোক্ষুর, এরণ্ডমূল, রাস্না, বচ ও পুনর্ন্নবা এই ক্বাথ সেবনে সর্ব্বাঙ্গগত বাত রোগ আরোগ্য হয়।

ক্বাথত্রয়ম্।

ভূতীকা পথ্যা শঠী পুষ্করাণি বিল্বামৃতা-
দারুক নাগরাণি। উগ্রা বিশ্বা মাগধিকা-
বিড়ানি ক্বাথাস্ত্রয়ঃ সাম সমীরণঘ্না॥

গন্ধতৃণ, হরীতকী, শঠী ও পুষ্কর মূল (অভাবে কুড়) কিম্বা বিল্ব, গুলঞ্চ, দেবদারু ও শুঁঠ অথবা বচ, আতইষ, পিপ্পলী, ও বিট্‌লবণ এই ত্রিবিধ ক্বাথই আম সংযুক্ত বাতে হিতকারক

পুনর্নবাদিঃ।

পুনর্নবা রাস্না শুণ্ঠী গুড়ূচ্যেরণ্ডজং শৃতম্।
সপ্তধাতুগতে বাতে সামে সর্ব্বাঙ্গকেঽপি চ।

পুনর্নবা, রাস্না, শুঁঠ, গুলঞ্চ ও ভেরেণ্ডার মূল, এই ক্বাথ পান করিলে সপ্তধাতুগত ও সর্ব্বাঙ্গিক সামবাত প্রশমিত হয়

ইতি বাতব্যাধি-চিকিৎসা

---

## বাতরক্ত—চিকিৎসা।

সম্পাকামৃত বাসানামেরণ্ড স্নেহ সংযুতম্।
পীত্বাক্বাথ মসৃগ্বাতং ক্রমাৎ সর্ব্বাঙ্গজং জয়েৎ॥

সোঁদাল ফলের আঁটা, গুলঞ্চ ও বাসক ছাল এই ক্বাথের

সহিত এবণ্ড তৈল মিশ্রিত করিয়া পান করিলে ক্রমে ক্রমে সর্ব্বাঙ্গগত বাতরক্ত নষ্ট হয়।

## পটোলাদি ক্বাথঃ।

পটোল কটুকা ভীরু ত্রিফলামৃত সাধিতম্।
ক্বাথং পীত্বা জয়েজ্জন্তুঃ সদাহং বাত শোণিতম্॥

পলতা, কট্‌কী, শতমূলী, হরীতকী, আমলকী, বহেড়া, ও গুলঞ্চ ইহাদের ক্বাথ পান করিলে দাহযুক্ত বাতরক্ত বিনষ্ট হয়।

## মঞ্জিষ্ঠাদিঃ।

মঞ্জিষ্ঠা ত্রিফলা নিম্ব বচা কটুকরোহিণী।
বৎসাদনী দারু নিশাক্বাথো বাতরক্তাদিনুৎ॥

মঞ্জিষ্ঠা, হরীতকী, আমলকী, বহেড়া, নিমছাল, বচ, কট্‌কী, গুলঞ্চ ও দারুহরিদ্রা এই ক্বাথ পানে বাতরক্ত বিনষ্ট হয়।

## এরণ্ডাদিঃ।

কষায়ঃ সহৈরণ্ড তৈলেন পীতস্তথৈরন্ত
সিংহাস্ত বৎসাদনীনাম্॥

এরণ্ডমূল, বাসক ছাল ও গুলঞ্চ ইহাদের ক্বাথে উপযুক্ত পরিমাণে এরণ্ড তৈল প্রক্ষেপ দিয়া পান করিলে সর্ব্বপ্রকার বাতরক্তরোগ বিনষ্ট হইয়া থাকে

## ত্রিবৃতাদিঃ।

ত্রিবৃদ্বিদারী গোক্ষুর ক্বাথো বাতাস্রনাশনঃ।

তেউড়ী, ভুমিকুষ্মাণ্ড ও গোক্ষুর ইহার ক্বাথ পান করিলে বাতরক্ত প্রশমিত হয়

## অমৃতাদিঃ।

অমৃতানাগর ধান্যককর্ষ ত্রিতয়েন পাচনং
সিদ্ধম্ জয়তি সরক্ত বাতং সামং
কুষ্ঠান্যশেষাণি।

গুলঞ্চ, শুঁঠ ও ধনে এই ৩টী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে বাতরক্ত, আমবাত ও কুষ্ঠরোগ বিনষ্ট হয়

## ক্বাথত্রয়ম্।

সিংহাস্য পঞ্চমুলীচ্ছিন্ন রুহৈরণ্ড গোক্ষুর
ক্বাথং। এরণ্ড তৈলবামঠ সৈন্ধব চূর্ণা-
ন্বিতপীতঃ।
প্রশময়তি বাতরক্তং তথামবাতং কটীশূলম্।
মূত্র পুরীষ বিবন্ধং ব্রধ্নবিকারং সুদুর্ব্বারম্।

বাসক পঞ্চমূলী, গুলঞ্চ, ভেরেণ্ডার মূল ও গোক্ষুর ইহার ক্বাথে এরণ্ড তৈল, হিঙ্গু ও সৈন্ধব চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে বাতরক্ত, আমবাত, কটিশূল ও উদাবর্ত্ত প্রভৃতি রোগ প্রশমিত হয়।

গন্ধর্ব্বহস্ত বৃষ গোক্ষুরকামৃতানাং মূলং-
বলেক্ষুর কয়োশ্চ পচেত্তু ধীমান্। বাতা-
সৃগাশু বিনিহন্তি চিরপ্ররূঢ়ম্ আজানুগং
স্ফুটিত মূর্দ্ধগতন্তু ধীমান্॥

ভেরেণ্ডার মূল, বাসক, গোক্ষুর, গুলঞ্চ, বেড়েলামূল ও কুলেখাড়ার মূল ইহাদের কাথ প্রস্তত করতঃ সেবন করিলে বহু কালোৎপন্ন বাতরক্ত, জানু পর্য্যন্ত স্ফুটিত বাতরক্ত ও ঊর্দ্ধগত বাতরক্ত বিনষ্ট হয়।

কোকিলাক্ষামৃতা ক্বাথে পিবেৎ কৃষ্ণাং যথাবলম্।
পথ্যভোজী ত্রিসপ্তাহান্ মুচ্যতে বাত শোণিতম্॥

কোকিলাক্ষ ও গুলঞ্চের ক্বাথে পিপ্পলী চূর্ণ প্রক্ষেপ দিয়া রোগীর বলানুসারে পান করিয়া হিতজনক পথ্য সেবন করিলে তিন সপ্তাহে বাতরক্ত আরোগ্য হয়

## নবকার্ষিক-পাচনম্।

ত্রিফলা নিম্ব মঞ্জিষ্ঠা বচা কটুকরোহিণী।
বৎসাদনী দারুনিশা কষায়ো নবকার্ষিকঃ॥
বাতরক্তং তথাকুষ্ঠং পামানাং রক্তমণ্ডলম্।
কণ্ডূ কাপালিকা কুষ্ঠং পানাদেবাপকর্ষতি॥

হরীতকী, আমলকী, বহেড়া, নিমছাল, মঞ্জিষ্ঠা, বচ, কট্‌কী, গুলঞ্চ ও দারুহরিদ্রা এই নয়টী দ্রব্য দ্বারা কাথ প্রস্তত করতঃ সেবন করিলে বাতরক্ত, কুষ্ঠ, পামা, রক্তমণ্ডল, কণ্ডূ ও কাপালিক কুষ্ঠ বিনষ্ট হয়।

ইতি বাতরক্ত চিকিৎসা।

# উরুস্তম্ভ-চিকিৎসা।

## ভল্লাতকাদিঃ।

ভল্লাতকামৃতাশুণ্ঠী দারু পথ্যা পুনর্নবা।
পঞ্চমূলী দ্বয়োন্মিশ্রা উরুস্তম্ভ নিবারণাঃ॥

ভেলা, গুলঞ্চ, শুঁঠ, দেবদারু, হরীতকী, পুনর্নবা, ও দশমূল (বেল, শোনা, গাম্ভারী, পারুল, গণিযারী, শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর) এই সকল দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করতঃ সেবন করিলে উরুস্তম্ভ রোগ প্রশমিত হয়

## রাস্নাদিক্কাথঃ।

রাস্না শ্যামাক পথ্যা মরিচ মিসি শিবা
বিল্বশুণ্টাশ্বগন্ধা। যা'স ছিন্নাজমো দা সুমুখ-
মতিবিষা বৃদ্ধদারী বৃহত্যৌ॥ শুণ্ঠী তিক্তা
যমানী সহচর চবিকৈরণ্ড দার্ব্ব্যাব্জকর্ণাঃ।
উরুস্তম্ভামবাত কফ পবনরুজং দণ্ডকাং-
শ্চাশু হন্যাৎ॥

রাস্না, শ্যামালতা, হরীতকী, মরিচ, মৌরী, হরীতকী, বেলশুঁঠ, অশ্বগন্ধা, দুরালভা, গুলঞ্চ, বনযমানী, শ্বেততুলসী, আতইষ, বৃদ্ধদারক, বৃহতী, কণ্টকারী, শুঁঠ, কট্‌কী, যমানী, ঝিণ্টী, চই, ভেরেণ্ডার মূল, দারুহরিদ্রা ও পীতশাল; এই সকল দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করিয়া সেবন করিলে, উরুস্তম্ভ, আমবাত, শ্লেষ্ম ও বাত বেদনা এবং দণ্ডক রোগ প্রশমিত হয়

যোগত্রয়ম্।

দন্তী দ্রবন্তী সুরসা সর্ষপৈশ্চাপি বুদ্ধিমান্।
তর্কারী সুরসা শিগ্রু বচাবৎসক নিম্বকৈঃ॥
পত্রমূলফলৈস্তোয়ং শৃতমুষ্ণঞ্চ সেবনম্।

দন্তী, ইন্দুরকাণি, তুলসী ও সর্ষপ দ্বারা কিম্বা জয়ন্তী, নিসিন্দা, সজিনা, বচ, কুটজ ও নিমছাল এই সকল বৃক্ষের পত্র, মূল ও ফল দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ ঈষৎ উষ্ণাবস্থায় পান করিলে উরুস্তম্ভরোগ নষ্ট হয়।

পিপ্পলী পিপ্পলী মূল ভল্লাত ক্বাথ এব বা।
উরুস্তম্ভ বিনাশায় ক্বাথ ক্ষৌদ্রান্বিতং পিবেৎ॥

পিপুল, পিপুলমূল ও ভেলা ইহার ক্বাথে কিঞ্চিৎ মধু মিশ্রিত করিয়া পান করিলে উরুস্তম্ভ রোগ প্রশমিত হয়

ইতি উরুস্তম্ভ চিকিৎসা

---

## আমবাত-চিকিৎসা।

রাস্নাদি দশমূলম্।

দশমূল্যমৃতৈরণ্ড রাস্না নাগর দারুভিঃ।
ক্বাথোরুবুক তৈলেন সামং হন্ত্যনিলং গুরুম্॥

দশমূল, গুলঞ্চ, এরণ্ডমূল, রাস্না, শুঁঠ ও দেবদারু ইহাদের

ক্কাথের সহিত এরণ্ড তৈল মিশ্রিত করিয়া পান করিলে অত্যুগ্র আমবাত রোগ বিনষ্ট হয়

## রাস্না সপ্তকম্।

রাস্নামৃতারগ্বধ দেবদারু ত্রিকণ্টকৈরণ্ড
পুনর্নবানাম্। ক্কাথং পিবেন্নাগর চূর্ণ মিশ্রং
জঙ্ঘোরু পার্শ্বত্রিক পৃষ্ঠশূলী॥

রাস্না, গুলঞ্চ, সোঁদালফল, দেবদারু, গোক্ষুর, এরণ্ডমূল ও পুনর্নবা এই ৭টী দ্রব্য দ্বারা যথানিয়মে ক্কাথ প্রস্তুত করিয়া পান করিলে জঙ্ঘা, উরু, পার্শ্ব, ত্রিক, ও পৃষ্ঠের বেদনা বিনষ্ট হয়

## রাস্না পঞ্চকম্।

রাস্না গুড়ূচী মেরণ্ডং দেবদারু মহৌষধম্।
পিবেৎ সর্ব্বাঙ্গিকে বাতেসামে সন্ধ্যস্থি মজ্জগে॥

রাস্না, গুলঞ্চ, এরণ্ডমূল, দেবদারু ও শুঁঠ এই ৫টী দ্রব্য দ্বারা ক্কাথ প্রস্তুত করিয়া পান করিলে, সন্ধি, অস্থি ও মজ্জাগত, সর্ব্বাঙ্গিক আমবাত বিনষ্ট হয়

## এরণ্ডাদিঃ।

এরণ্ডং ত্রিকণ্টং রাস্না শতপুষ্পাপুনর্নবা।
পানং পাচনকে শস্তং সামেবাতে সুনিশ্চয়ম্॥

ভেরেণ্ডার মূল, গোক্ষুর, রাস্না, শলুফা ও পুনর্নবা ইহার ক্কাথ সেবনে নিশ্চয়ই আমবাত রোগ প্রশমিত হয়

পঞ্চকোলঃ।

পিপ্পলী পিপ্পলী মূল চব্য চিত্রক নাগরৈঃ।
কথিতং বর্ষিতৎপেয়মামবাত বিনাশনম্॥

পিপ্পলী, পিপ্পলী মূল, চই, চিতা ও শুঁঠ ইহার কাথ পানে আমবাত নষ্ট হয়।

শট্যাদিঃ।

শটী শুণ্ঠ্যভয়া চোগ্রা দেবাহ্বাতিবিষামৃতাঃ।
কষায় মামবাতস্য পাচনং রুক্ষ ভোজনম্।

শটী, শুঁঠ, হরীতকী, বচ, দেবদারু, আতইষ ও গুলঞ্চ ইহাদের কাথ পান করিয়া রুক্ষ দ্রব্য ভোজন করিলে আমবাত প্রশমিত হয়।

রসোনাদিকাথঃ।

রসোন বিশ্ব নির্গুণ্ডী কাথমামার্দ্দিতঃ পিবেৎ।
নাতঃ পরতরং কিঞ্চিদামবাতস্য ভেষজম্॥

রসোন, শুঁঠ ও নিসিন্দা ইহার কাথ পান করিলে আমবাত নষ্ট হয় আমবাত নাশক একপ ঔষধ অতি দুর্লভ

মধ্যম রাস্নাদিকাথঃ।

রাস্নৈরণ্ড শতাবরী সহচরা দুস্পর্শাবাসা
মৃতা, দেবাহ্বাতি বিষাভয়া ঘনশটী শুণ্ঠী
কষায়ঃ কৃতঃ। পীতঃ সরুবুতৈল এষ

বিহিতঃ সামেসশূলেহনিলে, কট্যুরু ত্রিক
পৃষ্ঠ কোষ্ঠ জঠর ক্রোড়েষু বামর্ত্তিজিৎ ॥

রাস্না, ভেরেণ্ডার মূল, শতমূলী, ঝিণ্টী, দুরালভা, বাসক, গুলঞ্চ, দেবদারু, আতইষ, হরীতকী, মুথা, শঠী ও শুঁঠ এই সকল দ্রব্যের ক্বাথ প্রস্তুত করিয়া এরণ্ডতৈল সহযোগে পান করিলে আমবাত, বাতবেদনা, এবং কটী, উরু, পৃষ্ঠ, ত্রিক, কোষ্ঠ ও উদর বেদনা বিনষ্ট হয়

## মহারাস্নাদি-ক্বাথঃ।

রাস্না বাতারিমূলঞ্চ বাসকঞ্চ দুরালভম্।
শটী দারুবলামুস্ত নাগরাতিবিষাভয়াঃ ॥
শ্ব দংষ্ট্রা ব্যাধিঘাতশ্চ মিসিধান্য পুনর্নবাঃ।
অশ্বগন্ধামৃতা কৃষ্ণা বৃদ্ধদার শতাবরী ॥
বচা সহচরশ্চৈব চবিকা বৃহতী দ্বয়ম্।
সমভাগান্বিতৈরেতৈ রাস্না দ্বিগুণ ভাগিকৈঃ ॥
কষায়ং পায়য়েৎ সিদ্ধমষ্টভাগাবশেষিতম্।
শুণ্ঠীচূর্ণ সমাযুক্তা মাভাজ্যেন যুতং তথা ॥
অলম্বুষাদি সংযুক্ত মজমোদাদি সংযুতম্।
যথা দোষং যথাব্যাধি প্রক্ষেপং কারয়েৎ ভিষক্ ॥
সর্ব্বেষু বাত রোগেষু সন্ধি মজ্জাগতেষু চ।
আনাহেষু চ সর্ব্বেষু সর্ব্ব গাত্রানু কম্পতে ॥

কুব্জকে বামনেচৈব পক্ষাঘাতে তথার্দ্দিতে।
জানু জঙ্ঘাস্থি পীড়াসু গৃধ্রস্যাং চ হনুগ্রহে॥
সর্ব্বেষাং পাচনানাস্তু শ্রেষ্ঠ মেতদ্ধি পাচনম্।
মহা রাস্নাদিকং নাম প্রজাপতি বিনির্ম্মিতম্॥

রাস্না, ভেরেণ্ডার মূল, বাসক, দুরালভা, শঠী, দেবদারু, বেড়েলা, মুথা, শুঁঠ, আতইষ, হরীতকী, গোক্ষুর, সোঁদাল, মৌরী, ধনে, পুনর্নবা, অশ্বগন্ধ, গুলঞ্চ, পিপ্পলী, বৃদ্ধদারক, শতমূলী, বচ, ঝিণ্টী, চই, বৃহতীও কণ্টকারী এইসকল প্রত্যেকে সমভাগ, রাস্না দ্বিগুণ, এই ক্বাথ দোষও রোগ অনুসারে বিবেচনার সহিত, শুঠ চূর্ণ, বাবলাদি চূর্ণ, ও অলম্বুষাদি চূর্ণ, কিম্বা অজ-মোদাদি চূর্ণ মিশ্রিত করতঃ পান করিলে সন্ধিগত ও মজ্জাগত সর্ব্বপ্রকার বাত রোগ, আনাহ, গাত্র কম্প, কুব্জতা, গৃধ্রসী, হনুগ্রহ, পক্ষাঘাত ও সর্ব্বপ্রকার আমবাত রোগ বিনষ্ট হয়

ইতি আমবাত চিকিৎসা

---

## শূলরোগ-চিকিৎসা।

### বিশ্বাদিঃ

বিশ্বমেরণ্ডজং মূলং ক্বাথয়িত্বা জলং পিবেৎ।
হিঙ্গু সৌবর্চ্চলোপেতং সদ্যঃ শূল নিবারণম্॥

শুঁঠ ও এরণ্ড মূলের ক্বাথের সহিত হিং ও সৌবর্চ্চল লবণ প্রক্ষেপ দিয়া পান করিলে সদ্যঃ শূল নিবারণ হয়।

## বিল্বাদিঃ।

বিল্বমূল মথৈরণ্ডং চিত্রকং বিশ্বভেষজম্
হিঙ্গু সৈন্ধব সংযুক্তং সদ্যঃ শূল নিবারণম্ ॥

বেল মূল, ভেরেণ্ডা মূল, রক্তচিতা ও শুঁঠ ইহার ক্বাথে হিং ও সৈন্ধব লবণ প্রক্ষেপ দিয়া পান করিলে সদ্য শূল রোগ আরোগ্য হয়

## শতমূল্যাদিঃ।

শতমূলী স যষ্ট্যাহব বাট্যাল কুশ গোক্ষুরৈঃ।
শৃতশীতং পিবেত্তোয়ং সগুড় ক্ষৌদ্র শর্করম্ ॥
পিত্তাসৃগ্ দাহ শূলঘ্নং সদ্যোদাহ জ্বরাপহম্ ॥

শতমূলী, যষ্টিমধু, বেড়েলা, কুশমূল ও গোক্ষুর এই পাঁচটী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া শীতল হইলে গুড, মধু ও চিনি মিশ্রিত করিয়া পান করিলে রক্তপিত্ত, দাহ, পৈত্তিক শূল এবং দাহ সংযুক্ত জ্বর বিনষ্ট হয়

## ক্বাথত্রয়ম্।

হিঙ্গু পুষ্করমূল্যাভ্যাং হিঙ্গু সৌবর্চ্চলেন বা।
বিশ্বৈরণ্ড যব ক্বাথঃ সদ্যঃ শূল নিবারণঃ ॥
তদ্বদ্রুবূযবক্বাথো হিঙ্গু সৌবর্চ্চলান্বিতঃ ॥
তৈল মেরণ্ডজং বাপি মধুক ক্বাথ সংযুতম্।
শূলং পিত্তোদ্ভবং হন্তি গুল্মং পৈত্তিকমেবচ ॥

শুঠ, এরণ্ড মূল ও যব ইহাদের কাথে হিং ও কুড় চূর্ণ কিম্বা হিং ও সচল লবণ মিশ্রিত করিয়া পান করিলে শূল রোগ আশু নিবারিত হয়

এরণ্ড মূল ও যবের কাথের সহিত হিং ও সচল লবণ মিশ্রিত করিয়া পান করিলে শূল নিবারিত হয়।

যষ্টিমধুর কাথের সহিত এরণ্ড তৈল মিশ্রিত করিয়া পান করিলে পৈত্তিক শূল ও পৈত্তিক গুল্ম বিনষ্ট হয়

ত্রিফলাদিঃ।

ত্রিফলারগ্বধ ক্বাথং সক্ষৌদ্রং শর্করান্বিতম্।
পায়যেদ্রক্ত পিত্তঘ্নং দাহশূল নিবারণম্॥

হরীতকী, আমলকী, বহেড়া ও সোঁদালের কাথে মধু ও চিনি মিশ্রিত করিয়া পান করিলে রক্তপিত্ত, দাহ ও শূল নষ্ট হয়।

বলাদিঃ।

বলা পুনর্নবৈরণ্ড বৃহতী দ্বয় গোক্ষুরৈঃ।
স হিঙ্গু লবণোপেতং সদ্যো বাতরুজ্ঞ পহম্॥

বেড়েলা, পুনর্নবা, এরণ্ড মূল, বৃহতী কণ্টকারী ও গোক্ষুর এই সকল দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করিয়া তাহাতে হিং ও সৈন্ধব লবণ মিশ্রিত করিয়া পান করিলে বাত শূল নষ্ট হয়

দশমূলাদিঃ।

দশমূল কৃতঃ ক্বাথঃ স যবক্ষারঃ সৈন্ধবঃ।
হৃদ্রোগ গুল্ম শূলাদি ক্বাথং শ্বাসঞ্চ নাশয়েৎ॥

দশমূলের ক্বাথে যবক্ষার ও সৈন্ধব লবণ মিশ্রিত করিয়া সেবন করিলে হৃদ্রোগ, গুল্ম, শূল, কাস ও শ্বাস বিনষ্ট হয়

যোগঃ।

সমক্ষিকং বৃহত্যাদিং পিবেৎ পিত্তানিলাত্মকে।
বিধিবৎ সেব্যমানেতু পিত্তশূল নিবারণম্ ॥

বৃহতী, গোক্ষুর ও এরণ্ডমূলের ক্বাথের সহিত মধু মিশ্রিত করিয়া সেবন করিলে বাত পৈত্তিক শূলরোগ প্রশমিত হয়।

ইতি শূল চিকিৎসা

---

## উদাবর্ত্তানাহ ও গুল্ম—চিকিৎসা।

### ব্যোষাদিঃ

সব্যোষ পিপ্পলী মূলং ত্রিবৃদ্দন্তী চ চিত্রকম্।
তৎক্বাথং গুড়সংমিশ্রং ভক্ষয়েৎ প্রাতরুত্থিতঃ।
উদাবর্ত্তানাহ গুল্ম শোথ পাণ্ড্বাময়াপহম্ ॥

শুঁঠ, পিপুল, মরিচ, পিপ্পলীমূল, তেউড়ী, দন্তী ও চিতা, ইহাদের ক্বাথ প্রস্তুত করিয়া গুড় সংযোগে প্রাতঃকালে সেবন করিলে, উদাবর্ত্ত, আনাহ ও গুল্ম প্রভৃতি রোগ বিনষ্ট হয়।

## পথ্যাদিঃ।

পথ্যা সমঙ্গা কলসী বৃষশ্চ মহৌষধং বাতিবিষা
সুরাহ্বায়্ জলেচ নিঃক্বাথ্য ত্বিদং হি পানং
গুল্মামযানাং প্রতি পাচনঞ্চ॥

হরীতকী, মঞ্জিষ্ঠা, চাকুলে, বাসক, শুঁঠ, আতইষ ও দেব-দারু ইহাদের ক্বাথ পান করিলে গুল্ম রোগীর পরিপাক শক্তি বৃদ্ধি হয়।

## তিল-ক্বাথঃ।

তিল ক্বাথো গুড় ব্যোষ হিঙ্গুপর্ণীযুতো ভবেৎ।
পানং রক্তভবে গুল্মে নষ্টে পুষ্পে চ যোষিতাম্॥

তিলের ক্বাথ, গুড়, শুঁঠ, পিপুল, মরিচ, হিং ও বামনহাটি চূর্ণ সহ পাক করিলে স্ত্রীদিগের রক্তজ গুল্ম বিনষ্ট হয় এবং অদৃশ্য আর্ত্তব পুনরায় উদ্ভূত হয়।

## বচাদিঃ।

বচা যমানী ত্রিকটু দশমূলী জলং পিবেৎ।
ক্বাথোশ্চোষ্ণো হিতঃ পানে ধান্য নাগরয়াথবা।
বাতগুল্মেষু সর্ব্বেষু জ্বরেষু বিষমেষু চ।

বচ, যমানী, শুঁঠ, পিপুল, মরিচ ও দশমূল ইহাদের ক্বাথ পানে অথবা ধনে ও শুঁঠের উষ্ণ ক্বাথ সেবন করিলে বাতজ গুল্ম ও সর্ব্ব প্রকার জ্বর বিনষ্ট হয়।

### দ্রাক্ষাদিঃ।

দ্রাক্ষ বিদারী কটুকা নিম্বপত্রাণিচৈবতু।
সগুড়ং পাচনং দেয়ং পৈত্তিকে গুল্ম রোগিনে॥

কিস্‌মিস্‌, ভূমিকুষ্মাণ্ড, কট্‌কী ও নিমপত্র ইহাদের কাথ গুড় সহ সেবন করিলে পৈত্তিক গুল্ম প্রশমিত হয়।

### ধাত্র্যাদিঃ।

ধাত্রী ক্বাথং সিতো পেতং পাচনং পিত্ত গুল্মিনে।

আমলকীর ক্বাথ, চিনি সহযোগে পান করিলে পিত্তগুল্ম নিবৃত্তি হয়।

### যমানিকাদিঃ।

যমানী চোগ্রগন্ধাচ তথাচ কটুক ত্রয়ম্।
পাচনং শ্লৈষ্মিকে গুল্মে পীতং চোষ্ণং নিশাসু চ॥

যমানী, বচ, শুঁঠ, পিপুল ও মরিচ এই সকলের উষ্ণ ক্বাথ রাত্রিতে সেবন করিলে শ্লৈষ্মিক গুল্ম রোগ বিনষ্ট হয়

### ত্রিকট্‌বাদিঃ।

ত্রিকটু ত্রিফলা চিত্র বট কট্‌ফল সংযুতম্।
গুল্মে মদ্যেন বা পীতং ফল ক্বাথেন বা হিতম্
শ্লেষ্ম গুল্ম বিনাশায় হিতশ্চৈতৎ সুখাবহম্॥

শুঁঠ, পিপুল, মরিচ, হরীতকী, আমলকী, বহেড়া, চিতা, বট, ও কট্‌ফল ইহাদের কাথ মদ্য সহ পান করিলে শ্লেষ্ম গুল্ম বিনষ্ট হয়

ইতি উদাবর্ত্তানাহ ও গুল্ম চিকিৎসা।

---

# প্রমেহ-মূত্রকৃচ্ছ্র-মূত্রাঘাতাশ্মরী চিকিৎসা।

আদৌ প্রমেহে—

## ফলত্রিকাদি কাথঃ।

ফলত্রিকং দারুনিশাং বিশালাং মুস্তাচ নিঃকাথ্য নিশাংশ কল্কম্। পিবেৎ কষায়ং মধু সম্প্রযুক্তং সর্ব্ব প্রমেহেষু সমুচ্ছ্রিতেষু।

হরীতকী, আমলকী, বহেড়া, দারু হরিদ্রা, রাখালশশা, ও মুথা ইহাদের কাথ প্রস্তুত করতঃ তাহাতে হরিদ্রা চূর্ণ ও মধু প্রক্ষেপ দিয়া পান করিলে সর্ব্বপ্রকার প্রমেহ বিনষ্ট হয়।

## কতিপয় কাথঃ।

হরীতকী কট্‌ফল মুস্তলোধ্রাং পাঠা-স্ত্রিভুঙ্গার্জ্জুন ধন্বনাশ্চ। উভে হরিদ্রে

তগরং বিড়ঙ্গং কদম্ব শালার্জ্জুন দীপ্যকাশ্চ। দার্ব্বী বিড়ঙ্গং খদিরো ধবশ্চ সুরাহ্ব কুষ্ঠাগুরু চন্দনানি। দার্ব্ব্যগ্নিমন্থৌ ত্রিফলা বচাচ পাঠাচ মূর্ব্বাচ তথাশ্বদংষ্ট্রা। বচাহ্যুশীরাণ্যভয়া গুড়ুচী হ্বযং শিবা চিত্রক সপ্তপর্ণাঃ। পাদৈঃ কষায়াঃ কফ মেহে বিভৈর্দ্দশোপবিষ্টা মধু সম্প্রযুক্তা।

(১) হরীতকী, কট্‌ফল, মুথা ও লোধ; (২) আকনাদি, বিড়ঙ্গ, অর্জ্জুন ছাল ও দুরালভা (৩) হরিদ্রা, দারু হরিদ্রা, তগরপাদুকা ও বিড়ঙ্গ (৪) কদম্ব, শালকাঠ, অর্জ্জুনছাল ও যমানী এই ৪টীর যে কোন ১টীর ক্বাথ প্রস্তুত করতঃ মধু সহযোগে পান করিলে কফজ মেহ নষ্ট হয়

(১) দারুহরিদ্রা, বিড়ঙ্গ, খদির কাষ্ঠ ও ধববৃক্ষ (২) দেবদারু, কুড়, অগুরু ও চন্দন (৩) দারুহরিদ্রা, গণিয়ারী, ত্রিফলা ও বচ; এই তিনটীর যে কোন একটীর ক্বাথ প্রস্তুতঃ করত মধু সহযোগে পান করিলে কফজ মেহ আরোগ্য হয়

বচ, বেণার মূল, হরীতকী ও গুলঞ্চ অথবা বাসক, হরীতকী, চিতা ও ছাতিমছাল দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ মধু সংযোগে পান করিলে কফজ প্রমেহ বিনষ্ট হয়।

## বিড়ঙ্গাদিঃ।

বিড়ঙ্গ সর্জ্জার্জ্জুন কট্‌ ফলানাং কদম্বরোধ্র-

শনবৃক্ষকাণাম্। জলেন ক্বাথশ্চ হিতো-
নরাণাং কফ প্রমেহ বিনিহন্তি তেষাম্।

বিড়ঙ্গ, শাল, অর্জ্জুন, কট্‌ফল, কদম্ব, লোধ ও পীতশাল ইহা দের ক্বাথ পান করিলে কফজ মেহ বিনষ্ট হয়

## মুস্তকাদিঃ।

মুস্তা ফলত্রিক নিশা সুরদারু মূর্ব্বাইন্দ্রাচ
রোধ্র সলিলেন কৃতঃ কষায়ঃ। পানেহিতঃ
সকল মেহভবে গদেচ মূত্র গ্রহেষু সকলেষু
বিযোজনীয়ঃ।

মুথা, হরীতকী, আমলকী, বহেড়া, হরিদ্রা, দেবদারু, মূর্ব্বা, (সূচীমুখ), লোধ ওইন্দবারুণী ইহাদের পাচন সেবন করিলে সকল-প্রকার প্রমেহ ও মূত্র রোগ বিনষ্ট হয়।

## উদক প্রমেহে—

ধবার্জ্জুনশ্চন্দন শাল শল্লকী ক্বাথো হিতঃ
স্যাচ্চ জল প্রমেহে।

ধব, অর্জ্জুন, শাল, চন্দন ও শোনা ইহাদের ক্বাথ পানে উদক মেহ আরোগ্য হয়

## রক্ত প্রমেহে—

রক্ত প্রমেহে শিশিরং পয়শ্চ দ্রাক্ষান্বিতং
যষ্টিক চন্দনেন॥

কিস্‌মিস্‌ যষ্টিমধু ও চন্দন ইহাদের ক্বাথ শীতল দুগ্ধসহ সেবনে রক্তমেহ প্রশমিত হয়

পূয প্রমেহে—

স্ত্রী সেবনঞ্চাল্পতরঞ্চ পূযমেহে কষায়ঞ্চ ধবার্জ্জুনঃ।

পূয় মেহে অল্প পরিমাণে স্ত্রী সঙ্গম এবং ধব ও অর্জ্জুনের ক্বাথ উপকারী

শুক্র প্রমেহে—

দূর্ব্বাচ মূর্ব্বা কুশ কাশমূলং দন্তী সমঙ্গা সহ
শাল্মলী চ। শুক্র প্রমেহে ক্বথিতং জলেন
পানং হিতম্বা রুধির প্রমেহে।

দূর্ব্বা, মূর্ব্বা, কুশমূল, কেশেমূল, দন্তী, মঞ্জিষ্ঠা ও শিমুল; ইহাদের পাচন শুক্রমেহে ও রক্ত মেহে হিতকারী

সর্পি মেহে—

ফলত্রিকারগ্বধ মূল মূর্ব্বা শোভাঞ্জনারিষ্ট-
দলানি মোচা। দ্রাক্ষা যুতো বা ক্বথিতঃ
কষায়ঃ সর্পি প্রমেহস্য নিবারণায়॥

হরীতকী, আমলকী, বহেড়া, সোনালু, মূর্ব্বা, সজিনা, নিমছাল, কদলী ও কিস্‌মিস্‌ ইহাদের ক্বাথ সর্পি মেহে প্রয়োগ হিতকারী

হস্তী-মেহে—

পাঠা শিরীষ দুঃস্পর্শ মূর্ব্বা কিংশুক তিন্দুকম্।
কপিত্থানাং ভিষক ক্বাথং হস্তিমেহে প্রয়োজয়েৎ।

আকনাদি, শিরীষছাল, হুবাসভা, মূর্ব্বা, পলাশ, কপেদ্রবেন ও [illegible], ইহাদের ক্বাথ হস্তী মেহে উপকারী।

## ক্ষৌদ্র ও বসামেহে—

কদর খদির পুগ ক্বাথং ক্ষৌদ্রাহ্বয়ে পিবেৎ।
অগ্নিমন্থ কষায়ন্তু বসা মেহে প্রয়োজয়েৎ॥

বিট্‌খদির, খদির ও সুপারী ফলের ছাল ইহাদের ক্বাথে ক্ষৌদ্র মেহ ও গণিয়ারীর ক্বাথে বসা মেহ বিনষ্ট হয়।

## অষ্টৌ ক্বাথাঃ।

পারিজাত জয়ানিম্ব বহ্নি গায়ত্রিণাং পৃথক্।
পাঠায়াঃ সাগুরোঃ পীতো দ্বয়স্থ শারদস্থ চ॥
জলেক্ষুমদ্য সিকতা শনৈর্লবণ পিষ্টকান্।
সান্দ্র মেহান্ ক্রমাদ্ স্তুতি ক্বাথাশ্চাষ্টৌ সমাক্ষিকাঃ॥

মধু সংযুক্ত পালিতা মাদারের ক্বাথে উদক মেহ, জয়ন্তীর ক্বাথে ইক্ষু মেহ, নিমের ক্বাথে সুরামেহ, চিতার ক্বাথে সিকতা মেহ, ও খদির কাষ্ঠের ক্বাথে শনৈর্মেহ নষ্ট হয়। আকনাদি ও অগুরুর ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে লবণ মেহ, হরিদ্রা ও দারুহরিদ্রার ক্বাথে মধু সংযোগে পান করিলে পিষ্ট মেহ এবং ছাতিম [illegible] ক্বাথ প্রস্তুত করতঃ মধু সংযোগে পান করিলে সান্দ্র মেহ [illegible] হয়।

## [illegible] ক্বাথাঃ

অশ্বত্থাচ্চতুরঙ্গুল্য [illegible]গোধাদেঃ ফলত্রয়াৎ।

সরক্ত সার মঞ্জিষ্ঠাঃ ক্বাথাঃ পঞ্চ সমাক্ষিকাঃ ॥
নীল হারিদ্র ফেনাখ্যক্ষার মঞ্জিষ্ঠকাহ্বয়ান্ ॥

(১) অশ্বথ (২) শোনালু (৩) বট, (৪) ত্রিফলা (৫) রক্তচন্দন ও মঞ্জিষ্ঠ এই পাঁচটির যে কোন একটীর ক্বাথ মধু সহ পান করিলে যথাক্রমে নীল মেহ, হরিদ্রা মেহ, ফেণ মেহ, ক্ষার মেহ ও মঞ্জিষ্ঠামেহ বিনষ্ট হয়

ষট্ ক্বাথাঃ।

উশীর লোধ্রার্জ্জুন চন্দনানামুশীর মুস্তা-
মলকাভয়ানাম্। পটোল নিম্বামলকা-
মৃতানাং মুস্তাভয়া মূক্ক কৃষ্ণকাণাম্ ॥
লোধ্রাম্র কালীযক ধাতকীনাং বিশ্বার্জ্জু-
নৈলা শিরীষোৎপলানাম্ পৈত্তেষু
মেহেষু দশাপবিষ্টাঃ কষয় যোগামধু
সম্প্রযুক্তাঃ।

(১) বেণার মূল, লোধ, অর্জ্জুন ও চন্দন (২) বেণার মূল, মুথা, আমলকী ও হরীতকী (৩) পল্‌তা, নিম, আমলকী ও গুলঞ্চ (৪) মুথা, হরীতকী ও ঘণ্টা পারুলী (৫) লোধ, আমছাল, কালিয়া কড়া ও ধাইফুল (৬) শুঁঠ, অর্জ্জুন, এলাচি, শিরীষ ও নীলোৎপল এই ৬টীর মধ্যে কোন একটীর কাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে পিত্তজ মেহ বিনষ্ট হয়।

দূর্ব্বাদিঃ।

দূর্ব্বা কসেরু পূতীক কুম্ভীক প্লব শৈবলম্।
ক্ষৌদ্রেণ কথিতং পীতং লালা মেহ হরং পরম্।

দূর্ব্বা, কেশুর, নাটাকরঞ্জ, পানা, কৈবর্ত্ত মুথা ও শৈবল ইহাদের কাথ মধু সহযোগে পান করিলে লালা মেহ বিনষ্ট হয়।

---

## মূত্রকৃচ্ছ্রে।

তৃণপঞ্চমূলম্।

কুশঃ কাশঃ শরো দর্ভ ইক্ষুশ্চেতি তৃণোদ্ভবম্।
পিত্ত কৃচ্ছ্র হরং পঞ্চমূলং বস্তি বিশোধনম্॥

কুশ, কাশ, শর, উলু ও ইক্ষু এই সকলের মূল দ্বারা কাথ প্রস্তুত করিয়া পান করিলে পৈত্তিক মূত্রকৃচ্ছ্র নিবারণ হয় এবং মূত্রাশয় শোধিত হইয়া থাকে

অমৃতাদিঃ।

অমৃতা নাগরং ধাত্রী বাজিগন্ধা ত্রিকণ্টকম্।
প্রপিবেদ্ বাতরোগার্ত্তিঃ শূলবান্ মূত্রকৃচ্ছ্রবান্॥

গুলঞ্চ, শুঁঠ, আমলকী, অশ্বগন্ধা ও গোক্ষুর ইহাদের কাথ পান করিলে বেদনা সংযুক্ত বাতিক মূত্রকৃচ্ছ্র নষ্ট হয়

শতাবর্য্যাদিঃ।

শতাবরী কাশ কুশাশ্বদংষ্ট্রা বিদারি
শালীক্ষু কসেরুকানাম্। কাথং সুশীতং

মধুশর্করাভ্যাং যুক্তং পিবেৎ পৈত্তিক মূত্র-
কৃচ্ছ্রে ॥

শতমূলী, কাশ, কুশ, গোক্ষুর, ভূমিকুষ্মাণ্ড, শালি ধান্যের মূল, ইক্ষুমূল ও কেশুর; এই ক্বাথে মধু ও চিনি প্রক্ষেপ দিয়া শীতল করতঃ পান করিলে পৈত্তিক মূত্রকৃচ্ছ্র নিবারিত হয়।

ধাত্র্যাদিঃ।

ধাত্রী দ্রাক্ষা বিদারী চ যষ্ট্যাহ্বং গোক্ষুরং তথা।
এভিঃ কষায়ং বিপচেৎ পিবেৎ শীতং সশর্করম্।
অপি যোগ শতামাধং মূত্রকৃচ্ছ্রং জয়েল্লঘু ॥

আমলকী, কিস্‌মিস্‌, ভূমিকুষ্মাণ্ড, যষ্টিমধু ও গোক্ষুর এই ক্বাথ শীতল হইলে চিনি মিশ্রিত করতঃ পান করিলে মূত্রকৃচ্ছ্র প্রশমিত হয়।

গোক্ষুর ক্বাথঃ।

ক্বাথং গোক্ষুর বীজস্য যবক্ষার যুতং পিবেৎ।
মূত্রকৃচ্ছ্রং তথা রক্ত পীতং শীঘ্রং নিবারয়েৎ ॥

গোক্ষুর বীজের ক্বাথের সহিত যবক্ষার মিশ্রিত করতঃ পান করিলে মূত্রকৃচ্ছ্র ও বিবিধ বর্ণ সংযুক্ত রক্তস্রাব প্রশমিত হয়।

বৃহদ্ধাত্র্যাদিঃ।

ধাত্রী দ্রাক্ষা চ যষ্ট্যাহবং বিদারী স ত্রিকণ্টকা।
দর্ভেক্ষু মূলমভয়া ক্বাথয়িত্বা জলং পিবেৎ।
সসিতং মূত্রকৃচ্ছ্রঘ্নং রুজাদাহ হরং পরম্ ॥

আমলকী, কিস্‌মিস্, যষ্টিমধু, ভূমি কুষ্মাণ্ড, গোক্ষুর, দর্ভমূল, ইক্ষুমূল ও হরীতকী; এই ক্বাথের সহিত চিনি মিশ্রিত করতঃ পান করিলে মূত্রকৃচ্ছ্র, এবং তজ্জনিত বেদনা ও দাহ বিনষ্ট হয়।

## হরীতক্যাদিঃ।

হরীতকী গোক্ষুর রাজবৃক্ষ পাষাণভিদ্
বিল্ব যবাসকানাম্। ক্বাথং পিবেন্মাক্ষিক
সংপ্রযুক্তং কৃচ্ছ্রে স দাহে সরুজে বিবন্ধে।

হরীতকী, গোক্ষুর, সোঁদালফল, পাষাণভেদী, বেল শুঁঠ ও দুরালভা; এই সকল দ্রব্যের ক্বাথের সহিত মধু মিশ্রিত করিয়া পান করিলে দাহ, বেদনা ও বিবন্ধ সংযুক্ত মূত্রকৃচ্ছ্র বিনষ্ট হয়

## ত্রিকণ্টকাদিঃ

ত্রিকণ্টকারগ্বধ দর্ভ কাশ দুরালভা প্রস্তর-
ভেদ পথ্যা। নিঘ্নন্তি পীড়াং মধুনাশ্ম-
রীঞ্চ সংপ্রাপ্ত মৃত্যোরপি মূত্র কৃচ্ছ্রম্॥

গোক্ষুর, সোঁদালফল, দর্ভমূল, কেশেরমূল, দুরালভা, পাষাণভেদী ও হরীতকী; এই দ্রব্য গুলি দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ সেবন করিলে মূত্রকৃচ্ছ্র ও অশ্মরী রোগ প্রশমিত হয়।

## শ্বদংষ্ট্রাদিঃ।

শ্বদংষ্ট্রা বিশ্বতোয়ন্তা কফ কৃচ্ছ্র বিনাশনম্॥

গোক্ষুর ও শুঁঠ দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে কফজ মূত্রকৃচ্ছ্র বিনষ্ট হয়

---

## মূত্রাঘাতে—

### ক্বাথ ত্রয়ম্।

নলকুশ কাশেক্ষু বলাক্বাথঃ প্রাতঃ সুশীতলং সসিতম্। পিবতো নশ্যতি নিয়তং মূত্রগ্রহ ইত্যুবাচ চরকঃ।

নল, কুশ, কাশ, ইক্ষু ও বেড়েলার মূলের শীতল ক্বাথের সহিত চিনি মিলিত করিয়া পান করিলে মূত্রাঘাত রোগের শান্তি হয়।

গোধাবত্যা মূলং ঘৃত তৈল গোরসোন্মিশ্রিতম্। পীতং নিরুদ্ধ মচিরাদ্ ভিনত্তি মূত্রস্য সংরোধম্।

গোযাসিয়া বৃক্ষের মূলের ক্বাথ, ঘৃত, তৈল ও তক্রের সহিত সেবন করিলে অচিরে মূত্রাঘাত রোগ বিনষ্ট হয়

সপত্র ফল মূলস্য ক্বাথং গোক্ষুরকস্য চ।
পিবেন্মধু সিতাযুক্তং মূত্রাঘাতাদি রোগনুৎ॥

পত্র, মূল ও ফল সহিত, গোক্ষুর বৃক্ষের ক্বাথ প্রস্তুত করতঃ মধু ও চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে মূত্রাঘাত প্রশমিত হয়

### পাটলাদিঃ।

পাটলাচ টুণ্টুকাচ নিম্ব গোক্ষুরকং তথা।

এলাত্বক্ চ তথা পত্রং ক্বাথ স্ত্রিফলয়ান্বিতঃ।
গুড়েন সংযুতং পীতং হন্তি মূত্র নিরোধজম্॥

আরুল, এরণ্ডমূল, নিম, গোক্ষুর, এলাইচ, দারুচিনি, তেজপাত, হরীতকী, আমলকী ও বহেড়া; ইহাদের ক্বাথ গুড় সহ সেবন করিলে মূত্রাঘাত রোগ প্রশমিত হয়

### ত্রিফলাদিঃ।

ত্রিফলেক্ষু সিতাক্বাথ গুড়েন সহ সৈন্ধবম্।
মূত্ররোধং বিবন্ধঘ্নং শর্করাশ্মরী নাশনম্॥

ত্রিফলা ও শ্বেত ইক্ষুর ক্বাথ গুড় ও সৈন্ধব লবণ সহযোগে পান করিলে মূত্রাঘাত, শর্করা ও অশ্মরী রোগ বিনষ্ট হয়।

---

## অশ্মরী-রোগে— প্রস্তর-চিকিৎসা-

### বরুণাদিঃ।

বরুণস্য ত্বচং শ্রেষ্ঠং শুণ্ঠী গোক্ষুর সংযুতাম্।
যবক্ষারং গুড়ং দত্ত্বা ক্বাথয়িত্বা জলং পিবেৎ।
অশ্মরীং বাতজাং হন্তি চিরকালানুবন্ধিনীম্॥

বরুণ ছাল, শুঁঠ ও গোক্ষুর, এই দ্রব্য ত্রয় দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া উহার সহিত যবক্ষার ও গুড় মিশ্রিত করতঃ পান করিলে বহু কালোৎপন্ন বাতজ অশ্মরী রোগ বিনষ্ট হয়।

## বৃহদ্ বরুণাদিঃ।

বরুণং বল্কলং শুণ্ঠী বীজং গোক্ষুর সম্ভবম্।
তালমূলী কুলথঞ্চ কুশাদি পঞ্চ মূলকম্
শর্করা ক্ষার সংযুক্তং ক্বাথয়িত্বা জলং পিবেৎ।
অশ্মরী মূত্রকৃচ্ছ্র ঘ্নং বস্তি মেহন শূলনুৎ॥

বরুণ ছাল, শুঁঠ, গোক্ষুর, তালমূলী, কুলথ কলাই ও কুশাদি তৃণপঞ্চমূল (কুশ, কাশ, শর, দর্ভ ও ইক্ষু); ইহাদের ক্বাথের সহিত চিনি ও যবক্ষার মিশ্রিত করতঃ পান করিলে, অশ্মরী, মূত্রকৃচ্ছ্র, বস্তি শূল ও লিঙ্গশূল বিনষ্ট হয়

## শুণ্ঠ্যাদি-বরুণাদি-কষায়ঃ।

শুণ্ঠ্যাগ্নিমন্থ পাষাণ শিগ্রুর্বরুণ গোক্ষুরৈঃ।
কাশ্মর্য্যারগ্বধ ফলৈঃ ক্বাথং কৃত্বা বিচক্ষণঃ॥
রামঠ ক্ষার লবণ চূর্ণং দত্ত্বা পিবেন্নরঃ।
অশ্মরী মূত্রকৃচ্ছ্রঘ্নং দীপনং পাচনং পরম্॥
হন্যাৎ কোষ্ঠাশ্রিতং বাতং কট্যুরু গুদমেঢ্রজম্॥

শুঁঠ, গণিয়ারী, পাষাণভেদী, সজিনা, বরুণ, গোক্ষুর, গাম্ভারী ও সোঁদাল; ইহাদের ক্বাথে হিং, যবক্ষার ও সৈন্ধবচূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে, অশ্মরী, মূত্রকৃচ্ছ্র, কোষ্ঠাশ্রিত বায়ু এবং কটী, উরু, গুহ্য ও শিশ্নগত বাতনষ্ট হয়, পরন্তু ইহা অগ্নি-প্রদীপক ও পাচক।

## এলাদি ক্বাথঃ।

এলোপকুল্যা মধুকাশ্মভেদ কৌন্তী-
শ্বদংষ্ট্রা বৃষকোরুবূকৈঃ। শৃতং পিবেদশ্ম-
জতু প্রগাঢ়ং সশর্করে সাশ্মরী মূত্রকৃচ্ছ্রে॥

এলাইচ, পিপুল, যষ্টিমধু, পাষাণভেদী, রেণুকা, গোক্ষুর, বাসক এবং ভেরেণ্ডার মূল; ইহাদের ক্বাথে শিলাজতু মিশ্রিত করতঃ পান করিলে শর্করা, অশ্মরী ও মূত্রকৃচ্ছ্র নিবারণ হয়।

## বীরতর্বাদিগণ-ক্বাথঃ।

বীরতরু সহচরদ্বয় দর্ভ বৃক্ষাদনী গুন্দ্রানলকুশ-
কাশাশ্মভেদকাগ্নিমন্থ, মোরটা বসুক বসির ভল্লূক
কুরুণ্ট কেন্দীবর কপোতবঙ্কাঃ শ্বদংষ্ট্রা চেতি॥
বীরতর্বাদিরিত্যেষগণো বাতবিকারনুৎ।
অশ্মরী শর্করা মূত্রকৃচ্ছ্রাঘাতরুজাপহঃ॥

অর্জ্জুন, নীলঝিণ্টী, রক্তঝিণ্টী, দর্ভ, পরগাছা, মুথা, নল, কুশমূল, কেশেমূল, পাষাণভেদী, গণিয়ারী, ইক্ষুমূল, আকন্দ, গজপিপুল, সোণাছাল, পীতঝিণ্টী, নীলোৎপল, ব্রাহ্মীশাক ও গোক্ষুর; এই সকলের ক্বাথ বায়ুনাশক এবং অশ্মরী, শর্করা, মূত্রকৃচ্ছ্র ও মূত্রাঘাত প্রভৃতি রোগ বিনষ্ট করে

## ক্বাথ দ্বয়ম্।

সগুড়ো বরুণ ক্বাথ স্তৎ কল্কেনাথবান্বিতঃ।
শিগ্রু ক্বাথোঽথবাত্যুষ্ণো হন্ত্যাশু সরুগশ্মরীম্॥

বরুণ ছালের কাথ বা কল্কের সহিত পুরাতন গুড় মিশ্রিত করতঃ সেবন করিলে অথবা সজিনা মূলের ছালের উষ্ণ কাথ পান করিলে বেদনা সংযুক্ত অশ্মরী রোগ বিনষ্ট হয়

ইতি প্রমেহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাতাশ্মরী চিকিৎসা।

---

# উদর-প্লীহা-যকৃৎ ও শোথ-চিকিৎসা।

## দশমূলী ক্বাথঃ।

এরণ্ড তৈলং দশমূলী মিশ্রং গোমূত্র
যুক্তং স্ত্রিফলা রসোবা নিহন্তি বাতো-
দর শোথ শূলং ক্বাথঃ সমূত্রো দশ-
মূলজশ্চ ॥

দশমূলীর ক্বাথ এরণ্ড তৈল সহ, অথবা ত্রিফলার ক্বাথ গোমূত্র সহ কিম্বা দশমূলীর ক্বাথে গোমূত্র মিলিত করতঃ পান করিলে বাতোদর, শোথ ও শূল নষ্ট হয়

## পুনর্নবাদি ক্বাথঃ।

পুনর্নবা দারু নিশা সতিক্তা পটোল পথ্যা
পিচু মন্দ মুস্তা। সনাগর চ্ছিন্নরুহেতি
সর্ব্বৈঃ কৃতঃ কষায়ো বিধিনা বিধিজ্ঞৈঃ।
গোমূত্র যুক্ গুগ্গুলুনা চ যুক্তঃ পীতঃ
প্রভাতে নিয়তং নরাণ মৃ। সর্ব্বাঙ্গ শোথো-

দর কাস শূল শ্বাসান্বিতং পাণ্ডু গদং
নিহন্তি ॥

পুনর্নবা, দারুহরিদ্রা, কটকী, পলতা, হরীতকী, নিম, মুথা, শুঁঠ ও গুলঞ্চ, ইহাদের কাথে গোমূত্র ও গুগ্‌গুল প্রক্ষেপ দিয়া প্রাতঃকালে পান করিলে সর্বাঙ্গগত শোথ, উদর, শ্বাস, কাস, শূল ও পাণ্ডু রোগ নষ্ট হয়

## যবক্ষারাদিঃ।

ক্ষারং বিড়ঙ্গ কৃষ্ণাভ্যাং পূতীকস্যাম্বু নিঃসৃতম্।
পিবেৎ প্রাতর্যথাবিধি যকৃৎ প্লীহ প্রশান্তয়ে ॥

যবক্ষার, বিড়ঙ্গ, পিপুল ও নাটাকরঞ্জের মূল, ইহাদের কাথ পান করিলে যকৃৎ ও প্লীহা বিনষ্ট হয়

## রোহীতক্যাদিঃ।

রোহীতক্যাভয়া কাথং ভাবিত মূত্রসম্বুবা।।
প্লীহ যকৃৎ প্রশান্ত্যর্থং পিবেৎ প্রাতর্যথাবলম্ ॥

রোহীতক (রয়না) ও হরীতকীর কাথ গোমূত্রের সহিত প্রাতঃকালে সেবন করিলে প্লীহা ও যকৃৎ রোগ আরোগ্য হয়

## শোভাঞ্জনাদিঃ।

শোভাঞ্জনক নির্য্যূহং সৈন্ধবাগ্নিকণান্বিতম্।
পিবেৎ সুধীর্যথাবলং প্লীহনিচৈব যকৃতি ॥

সজিনা ছালের কাথ, সৈন্ধব, চিত ও পিপুলচূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে প্লীহা ও যকৃৎ আরোগ্য হয়।

## সিংহাস্যাদিঃ।

সিংহাস্যামৃত ভণ্টাকী ক্বাথং কৃত্বা সমাক্ষিকম্।
পীতং শোথং জয়েজ্জন্তুঃ শ্বাসং কাসং জ্বরংবমিম্॥

বাসক ছাল, গুলঞ্চ ও কণ্টকারী এই দ্রব্য ত্রয় দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া মধুসহ পান করিলে শোথ, শ্বাস, কাস, জ্বর ও বমি বিনষ্ট হয়

## পুনর্নবাষ্টকঃ।

পুনর্নবা নিম্ব পটোল শুণ্ঠী তিক্তামৃতা দার্ব্বভয়া কষায়ঃ। সর্ব্বাঙ্গ শোথোদর পার্শ্বশূল শ্বাসান্বিতং পাণ্ডু গদং নিহন্তি।

শ্বেত পুনর্নবা, নিম, পল্‌তা, শুঁঠ, কট্‌কী, গুলঞ্চ, দারু হরিদ্রা ও হরীতকী, এই ক্বাথ পান করিলে সর্ব্বাঙ্গগত শোথ, পার্শ্বশূল ও শ্বাস সমন্বিত পাণ্ডু রোগ বিনষ্ট হয়।

## শুণ্ঠী পুনর্নবাদিঃ।

শুণ্ঠী পুনর্ন বৈরণ্ড পঞ্চমূলী শৃতং জলম্।
বাতিকে শ্বয়থৌ শস্তং পানাহার পরিগ্রহে॥

শুঁঠ, পুনর্নবা, ভেরেণ্ডার মূল ও বৃহৎ পঞ্চমূলের ক্বাথ পান করিলে, অথবা উহার অর্দ্ধাবশিষ্ট জলদ্বারা পেয়াদি আহারীয় দ্রব্য প্রস্তুত করতঃ সেবন করিলে বাত জন্য শোথ বিনষ্ট হয়

### পটোলাদিঃ।

পটোল ত্রিফলারিষ্ট দার্ব্বীক্বাথঃ স গুগ্‌গুলুঃ।
ত্বদ্বৎ পিত্তকৃতং শোথং হন্ত শ্লেষ্মোদ্ভবং তথা।

পলতা, হরীতকী, আমলকী, বহেড়া, নিম ও দারুহরিদ্রার কাথে গুগ্‌গুলু প্রক্ষেপ দিয়া পান করিলে পৈত্তিক ও শ্লৈষ্মিক শোথ নষ্ট হয়।

### ত্রিফলাদিঃ।

ফলত্রিকোদ্ভবং ক্বাথং গোমূত্রেণৈব সাধিতম্।
বাতশ্লেষ্মোদ্ভবং শোথং হন্যাদ্ বৃষণ সম্ভবম্।

হরীতকী, আমলকী, ও বহেড়া, এই দ্রব্য ত্রয় গোমূত্র দ্বারা কাথ প্রস্তুত করতঃ পান করিলে বাতশ্লেষ্ম জনিত ও বৃষণ (অণ্ডকোষ) সংশ্রিত শোথ বিনষ্ট হয়।

### ক্বাথদ্বয়ম্।

পুনর্নবা মগধজা চ কটুত্রয়ঞ্চ নিম্বাভয়া চ কটুকা চ পটোল দার্ব্বী। ক্বাথঃ সুখোষ্ণঃ কথিতস্তু বিপাচনেন শোথো জহাতি জঠরঞ্চ নরস্য শীঘ্রম॥

পুনর্নবা, পিপুল ত্রিকটু, নিম, হরীতকী, কট্‌কী, পলতা ও দারুহরিদ্রা, ইহাদের উষ্ণ কাথ পানে শোথ আরোগ্য হয়

পুনর্নবা গুড়ুচী চ গুগ্‌গুলুঃ সমকল্পিতম্।
শোথ দোষাংশ্চ গুল্মঞ্চ হন্ত্যুদারং কফাময়ম্॥

পুনর্নবা, গুলঞ্চ ও গুগ্‌গুল, ইহাদের কাথ সেবন করিলে, শোথ, গুল্ম, উদর ও কফজ রোগ সমূহ বিনষ্ট হয়।

### পথ্যাদি ক্বাথঃ।

পথ্যানিশা ভার্গ্যমৃতাগ্নি দার্ব্বী পুনর্নবা দারু মহৌষধানাম্। ক্বাথঃ প্রসহোদরপাণিপাদ মুখাশ্রিতং হন্ত্যচিরেণ শোথম্।

হরীতকী, হরিদ্রা, বামনহাটী, গুলঞ্চ, চিতা, দারুহরিদ্রা, পুনর্নবা, দেবদারু ও শুঁঠ; এই সকল দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে হস্ত, পদ, উদর ও মুখ সংশ্রিত শোথ নষ্ট হয়

ইতি উদর, প্লীহা, যকৃৎ ও শোথ—চিকিৎসা

---

## বৃদ্ধিরোগ-চিকিৎসা।

### রাস্নাদিঃ।

রাস্না যষ্ট্যমৃতৈরণ্ড বলা গোক্ষুর সাধিতঃ
ক্বাথোঽন্ত্র বৃদ্ধিং হন্ত্যাশু রুবু তৈলেন মিশ্রিতঃ॥

রাস্না, যষ্টিমধু, গুলঞ্চ, ভেরেণ্ডারমূল, বেড়েলা ও গোক্ষুর এই দ্রব্য গুলি দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ উপযুক্ত মাত্রায় এরণ্ড তৈল মিশ্রিত করিয়া পান করিলে অন্ত্রবৃদ্ধি নিবারিত হয়

### ত্রিকট্বাদিঃ।

ত্রিকটু ত্রিফলা ক্বাথং সক্ষার লবণং পিবেৎ।
বিরোচনমিদং শ্রেষ্ঠং কফবৃদ্ধি বিনাশনম্॥

শুঠ, পিপুল, মরিচ, হরীতকী, আমলকী ও বহেড়া ইহা-দের কাথে যবক্ষার ও সৈন্ধব লবণ প্রক্ষেপ দিয়া পান করিলে কফজ বৃদ্ধি নষ্ট হয়

ক্কাথদ্বয়ম্।

তৈলমেরণ্ডজং পীত্বা বলাসিদ্ধ পয়োঽন্বিতম্।
পীত দারু কষায়ঞ্চ পিবেন্মূত্রেণ সংযুতম্।
আধ্মান শূলাগ্নিমান্দ্যমন্ত্রবৃদ্ধিং জয়েন্নরঃ॥

বেড়েলা মূল ও দুগ্ধ দ্বারা কাথ প্রস্তুত করতঃ এরণ্ড তৈল সহযোগে পান করিলে আধ্মান, শূল ও অন্ত্রবৃদ্ধি বিনষ্ট হয়

গোমূত্র সহযোগে দেবদারুর ক্কাথ প্রস্তুত করতঃ সেবন করিলে কফজ বৃদ্ধি নিবারিত হয়

ইতি বৃদ্ধিরোগ—চিকিৎসা।

---

# বিদ্রধি-চিকিৎসা।

## পুনর্নবাদিঃ।

পুনর্নবা দারুবিশ্ব দশমূলাভয়াম্ভসা।
গুগ্‌গুলুং রুবুতৈলং বা পিবেন্মারুত বিদ্রধৌ॥

পুনর্নবা, দেবদারু, শুঁঠ ও দশমূল; এই ক্কাথের সহিত উপযুক্ত মাত্রায় গুগ্‌গুল্ ও এরণ্ড তৈল মিশ্রিত করতঃ পান করিলে বাত জনিত বিদ্রধি রোগ প্রশমিত হয়।

### ক্বাথদ্বয়ম্।

শোভাঞ্জনক নির্য্যূহো হিঙ্গু সৈন্ধব সংযুতঃ।
অচিরাদ্ বিদ্রধীন্ হন্তি প্রাতঃ প্রাতর্নিষেবিতঃ॥

সজিনা মূলের ছালের ক্বাথের সহিত, হিং ও সৈন্ধবলবণ মিশ্রিত করতঃ প্রত্যহ প্রাতঃকালে পান করিলে বিদ্রধি রোগ অচিরে বিনষ্ট হয়

শ্বেত বর্ষাভুবো মূলং মূলং বরুণকস্য চ।
জলেন ক্বথিতং পীতমপক্বং বিদ্রধিং জয়েৎ॥

শ্বেত পুনর্নবার মূল ও বরুণ বৃক্ষের মূল দ্বারা ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে অপক্ব বিদ্রধি বিনষ্ট হয়

ইতি বিদ্রধি চিকিৎসা।

---

## উপদংশ-চিকিৎসা।

### পটোলাদিঃ।

পটোলনিম্ব ত্রিফলা গুড়ূচী ক্বাথং পিবেদ্ব। খদিরাশনাভ্যাং। স গুগ্গুলু ত্রিফলা যুতশ্চাসর্ব্বো-পদংশ হরঃ প্রয়োগঃ॥

পল্‌তা, নিমপত্র, হরীতকী, আমলকী, বহেড়া, গুলঞ্চ, খদির

ও শাল ; এই ক্বাথে গুগ্‌গুলু বা ত্রিফলা চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে সর্ব্ব প্রকার উপদংশ (গরমি) রোগ আরোগ্য হয়।

ইতি উপদংশ-চিকিৎসা।

---

# কুষ্ঠরোগ-চিকিৎসা।

## ধাত্র্যাদিঃ।

ধাত্রী খদিরয়োঃ ক্বাথং পীত্বা চ মধু সংযুতম্।
শঙ্খ কুন্দেন্দু ধবলং জয়েচ্ছিত্রং ন সংশয়ঃ॥

আমলকী ও খদির কাষ্ঠের ক্বাথের সহিত মধু কিম্বা সোমরাজী চূর্ণ মিশ্রিত করতঃ পান করিলে শ্বেত কুষ্ঠ বিনষ্ট হয়।

## ক্বাথদ্বয়ম্।

শুণ্ঠীকণা খদির পাটলিকা পটোলী
মঞ্জিষ্ঠিকেক্ষু বিষ বিল্ব যবানিকানাম্।
বাসাফলত্রিক জলেন কষায় সিদ্ধঃ
পানান্নিহন্তি মনুজস্য চ কুষ্ঠ দোষম্॥

শুঁঠ, পিপ্পলী, খদির কাষ্ঠ, পাকল, পলতা, মঞ্জিষ্ঠা, ইক্ষু মূল,—বিষ, যমানী, বাসক, হরীতকী, ও আমলকী, বহেড়া ; ইহাদের ক্বাথ পান করিলে সকল প্রকার কুষ্ঠরোগ আরোগ্য হব

বাসা বিড়ঙ্গ পিচুমর্দ্দ পটোল পাঠ শুণ্ঠী
সুরেন্দ্র তরু পঞ্চজত্নু মূল পথ্যা।
ক্কাথো নিহন্তি মরুৎ প্রভবঞ্চ কুষ্ঠং
ত্রিঃসপ্তকেঽহনি মহৌষধমেব যোজ্যম্॥

বাসক, বিড়ঙ্গ, নিম, পলতা, আকনাদি, শুঁঠ বট, অশ্বথ, আম্র, পাকুড়, বেতস, জত্নু মূল ও হরীতকী; ইহাদের ক্কাথ তিন সপ্তাহ পান করিলে বাতাত্মক কুষ্ঠ বিনষ্ট হয়।

## আরগ্বধাদি ক্কাথঃ।

আরগ্বধ ধাতকী কর্ণিকারধবার্জ্জুনৈঃ সজ্জক কিংশুকানাম্। কদম্ব নিম্বকুটজাটরূষাঃ খদিরেণ যুক্তা স্তথৈব মূর্ব্বা। মূলানি চৈষা মুপহৃত্য সম্যগষ্টাবশেষে ক্কথিতঃ কষায়ঃ। ঘৃতেন তুল্যং প্রতিমানমস্য নিহন্তি সর্ব্বাণি শরীর জানি। কুষ্ঠাণি সর্ব্বাণি বিসর্প দদ্রু বিচর্চ্চিকা হন্তি নরস্য শীঘ্রম্॥

সোঁদাল, ধাইফুল, পদ্মবীজ, ধব, অর্জ্জুন, শাল, কিংশুক, কদম্ব, নিম্ব, কুড়চি, বাসক, খদির ও মূর্ব্বা; ইহাদের সমভাগ মূল গ্রহণ পূর্ব্বক অষ্টমাংশাবশিষ্ট ক্কাথ ও উহার সমান ঘৃত মিশ্রিত করতঃ পান করিলে বিসর্প, দদ্রু ও বিচর্চ্চিকা প্রভৃতি সকল প্রকার কুষ্ঠ বিনষ্ট হয়।

### লঘু মঞ্জিষ্ঠাদি ক্বাথঃ।

মঞ্জিষ্ঠা ত্রিফলা তিক্তা বচা দারু নিশাভয়া।
নিম্বশ্চৈষ কৃতঃ ক্বাথঃ সর্ব্ব কুষ্ঠ বিনাশয়েৎ॥
বাতরক্তং তথা কণ্ডুং পামানং রক্ত মণ্ডলম্।
দদ্রুং বিসর্পং বিস্ফোটং পানাভ্যাসেন নাশয়েৎ॥

মঞ্জিষ্ঠা, হরীতকী, আমলকী, বহেড়া, কট্‌কী, বচ, দারু হরিদ্রা, হরীতকী ও নিম; এই ক্বাথ সেবনে সর্ব্ব প্রকার কুষ্ঠ বাতরক্ত, পামা (কুষ্ঠবিঃ) ও রক্ত মণ্ডল বিনষ্ট হয়।

### মধ্য মঞ্জিষ্ঠাদি ক্বাথঃ।

মঞ্জিষ্ঠা বাকুচী চক্রমর্দ্দশ্চ পিচুমর্দ্দকঃ।
হরীতকী হরিদ্রাচ ধাত্রী বাসা শতাবরী॥
ভল্লাতক সহস্রস্য মজ্জানং তত্র নিঃক্ষিপেৎ।
বলা নাগবলা যষ্টি মধুকং ক্ষুরকোঽপি চ॥
পটোলশ্চ সতোশীরং গুড়ূচী রক্তচন্দনম্।
মধ্য মঞ্জিষ্ঠাদি ক্বাথঃ কুষ্ঠানাং নাশনঃ পরঃ।
বাতরক্তস্য সংহর্ত্তা কণ্ডূ মণ্ডল নাশনঃ॥

মঞ্জিষ্ঠা, সোমরাজী, চাকুন্দে, নিম, হরীতকী, হরিদ্রা, আমলকী, বাসক, শতমূলী, সহস্র ভেলার মজ্জা, বেড়েলা, গোরক্ষ চাকুলে, যষ্টিমধু, গোক্ষুর, পল্‌তা, বেণার মূল, গুলঞ্চ ও রক্তচন্দন; ইহাদের ক্বাথ সেবনে কুষ্ঠ, বাতরক্ত, কণ্ডূ ও মণ্ডল প্রভৃতি রক্তদোষ জনিত বিবিধ প্রকার ব্যাধি নষ্ট হয়।

## বৃহন্মঞ্জিষ্ঠাদি ক্বাথঃ।

মঞ্জিষ্ঠা কুটজামৃতা ঘনবচা শুণ্ঠী হরিদ্রা দ্বয়ম্। ক্ষুদ্রারিষ্ট পটোল তিক্ত কটুকা ভার্গী বিড়ঙ্গাগ্নিকম্॥ মূর্ব্বা দারু কলিঙ্গ ভৃঙ্গ মগধাধায়ন্তি পাঠাম্বরী। গায়ত্রী ত্রিফলা কিরাতক মহা নিম্বা সমারগ্বধাঃ॥ শ্যামাবল্গুজ চন্দনং বরুণকং দন্তীক শাখোটকম্। বাসাপর্পট শারিবা প্রতিবিষানন্তা বিশালা জলম্॥ মঞ্জিষ্ঠা প্রথমং কষায় মিতিযঃ সংসেবতে তগ্ধ্রুতু। ত্বগ্ দোষান্ সুচিরেণ যান্তি বিলয়ং কুষ্ঠানি চাষ্টাদশঃ॥ নাশং গচ্ছতি বাতরক্ত মখিলা নশ্যন্তি রক্তাময়াঃ। বীসর্পস্তুচি শূন্যতা নয়নজা রোগ-প্রশাম্যন্তি চ॥

মঞ্জিষ্ঠা, কুড়চি, গুলঞ্চ, মুথ, বচ, শুঁঠ, হরিদ্রে, দারু হরিদ্রা, কণ্টকারী, নিম, পল্‌তা, কট্‌কী, বামনহাটী, বিড়ঙ্গ, তিন্তিড়ী, সূচীমুখী, দেবদারু, ইন্দ্রযব, ভৃঙ্গরাজ, পিপ্পলী, ধপাড়ুমুর, আকনাদি, শতমূলী, খদিরকাষ্ঠ, হরীতকী, আমলকী, বহেড়া, চিরতা, ঘোড়া নিম, বিজয়সার, সোঁদাল, প্রিয়ঙ্গু, সোমরাজী, রক্তচন্দন, বরুণ, দন্তী, সেওড়া, বাসক, ক্ষেত্‌পাপড়া, অনন্তমূল, আতইচ, দুরালভা, রাখালশশা ও বালা, ইহাদের ক্বাথ সেবন

করিলে ত্বক্ দোষ, অষ্টাদশ প্রকার কুষ্ঠ, সর্ব্ব প্রকার বাতরক্ত, রক্তদোষ, বিসর্প, এবং চক্ষুরোগ সত্বর প্রশমিত হয়।

ইতি কুষ্ঠরোগ-চিকিৎসা।

---

## বিসর্প ও বিস্ফোট-চিকিৎসা।

### ভূনিম্বাদিঃ।

ভূনিম্ব বাসা কটুকা পটোল ফলত্রয়ং চন্দন
নিম্ব সিদ্ধঃ। বিসর্প দাহ জ্বর শোথ কণ্ডু
বিস্ফোট তৃষ্ণা বমিহৃৎ কষায়ঃ॥

চিরতা, বাসক, কট্‌কী, পল্‌তা, হরীতকী, আমলকী, বহেড়া, রক্তচন্দন ও নিম্ব; ইহাদের ক্বাথ সেবনে বিসর্প, বিস্ফোট কণ্ডু, দাহ ও জ্বর প্রভৃতি রোগ বিনষ্ট হয়।

### মুস্তাদিঃ।

মুস্তারিষ্ট পটোলানাং ক্বাথং সর্ব্ব বিসর্পনুৎ।
ধাত্রী পটোল মুদ্গানামথবা ঘৃত সংপ্লুতঃ॥

মুথা, নিমছাল ও পল্‌তার ক্বাথ অথবা আমলকী, পল্‌তা ও মুগের ক্বাথ ঘৃতের সহিত পান করিলে সর্ব্ব প্রকার বিসর্প রোগ বিনষ্ট হয়

### নব কষায়ঃ।

অমৃত বৃষ পটোলং নিম্ব কল্কৈরুপেতং
ত্রিফল খদিরসারং ব্যাধিঘাতঞ্চ তুল্যম্।

ক্বথিতমিদ মশেষং গুগ্গুলোর্ভাগযুক্তং
জয়তি বিষ বিসর্পান্ কুষ্ঠ মষ্টাদশাখ্যম্ ॥

গুলঞ্চ, বাসক ছাল, পল্তা, নিমপাতা, হরীতকী, আমলকী, বহেড়া, খদিরসার ও সোঁদাল ; এই দ্রব্যগুলি দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া তাহাতে গুগ্গুল্ মিশ্রিত করতঃ পান করিলে বিসর্প ও অষ্টাদশ প্রকার কুষ্ঠ বিনষ্ট হয়

## অমৃতাদি কষায়ঃ।

অমৃত বৃষ পটোলং মুস্তকং সপ্তপর্ণং খদির
মসিত পত্রং নিম্বপত্রং হরিদ্রে বিবিধ
বিসর্পান্ কুষ্ঠ বিস্ফোট কণ্ডূরপনয়তি
মসূরীং শীত পিত্তং জ্বরঞ্চ ॥

গুলঞ্চ, বাসক ছাল, পল্তা, মুথ, ছাতিম ছাল, খদির কাষ্ঠ, কালিয়া লতার মূল, নিমপাতা, হরিদ্রা ও দারুহরিদ্রা ; এই ক্বাথের সহিত গুগ্গুল মিশ্রিত করতঃ পান করিলে বিসর্প ও কুষ্ঠাদি রোগ বিনষ্ট হয়

## পটোলাদিঃ।

পটোলামৃত ভূনিম্ব বাসকারিষ্ট পর্পটৈঃ।
খদিরাব্দ যুতৈঃ ক্বাথো বিস্ফোটার্ত্তি জ্বরাপহঃ ॥

পল্তা, গুলঞ্চ, চিরতা, বাসক ছাল, নিমছাল, ক্ষেত্পাপড়া, খদির কাষ্ঠ ও মুথা ; এই সকল দ্রব্য দ্বারা যথা নিয়মে ক্বাথ প্রস্তুত করতঃ পান করিলে বিস্ফোট, বেদনা, ও জ্বর বিনষ্ট হয়।

### ত্রিফলা দঃ।

ত্রিফলা পটোলারিষ্ট গুড়ূচী মুস্তচন্দনৈঃ।
সমূর্ব্বা রোহিণী পাঠা রজনী স দুরালভা ॥
কষায়ং পায়য়েদেতং শ্লেষ্মপিত্ত জ্বরাপহম্।
কণ্ডূ ত্বক্ দোষ বিস্ফোট বিষ বিসর্প নাশনম্ ॥

হরীতকী, আমলকী, বহেড়া, পল্‌তা, নিমছাল, গুলঞ্চ, মুথা, রক্তচন্দন, মূর্ব্বা, কটকী, আকনাদি, হরিদ্রা ও দুরালভা, ইহাদের ক্বাথ পান করিলে বিসর্প, বিস্ফোট, কণ্ডূ ও চর্ম্ম দোষ বিনষ্ট হয়।

ইতি বিসর্প ও বিস্ফোট-চিকিৎসা।

---

## অম্লপিত্ত-চিকিৎসা।

### ক্বাথ-চতুষ্টয়ম্।

ছিন্নোদ্ভবা নিম্ব পটোল পত্রং ফলত্রিকং
সুকথিতং সুশীতম্। ক্ষৌদ্রান্বিতং পীত-
মনেকরূপং সুদারুণং হন্তি তদম্লপিত্তম্ ॥

গুলঞ্চ, নিমছাল, পল্‌তা, হরীতকী, আমলকী ও বহেড়া, এই ক্বাথের সহিত মধু মিশ্রিত করতঃ পান করিলে অম্লপিত্ত রোগ বিনষ্ট হয়

ছিন্না খদির যষ্ট্যাহ্ব দার্ব্ব্যম্ভো মধুনা পিবেৎ।
নাশয়েদম্ল পিত্তঞ্চ জ্বরচ্ছর্দ্দি নিবারণম্॥

গুলঞ্চ, খদির কাষ্ঠ, যষ্টিমধু ও দারুহরিদ্রা, ইহাদের ক্বাথের সহিত মধু মিশ্রিত করতঃ পান করিলে অম্লপিত্ত, জ্বর ও বমি বিনষ্ট হয়।

পটোলং নাগরং ধান্যং ক্বাথয়িত্বা জলং পিবেৎ।
কণ্ডূপামার্ত্তি শূলঘ্নং কফপিত্তাগ্নি মান্দ্যজিৎ॥

পটোলপত্র, শুঁঠ ও ধনে, এই তিনটী দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে কণ্ডু, শূল, কফ ও পিত্ত বিনষ্ট হয়

## যবাদিঃ।

যবকৃষ্ণা পটোলানাং ক্বাথং ক্ষৌদ্রযুতং পিবেৎ।
নাশয়েদম্লপিত্তঞ্চারুচিঞ্চ বমনং তথা॥

যব, পিপুল ও পটোল পত্র দ্বারা ক্বাথ প্রস্তুত করিয়া সেই ক্বাথে মধু মিশ্রিত করতঃ পান করিলে অম্লপিত্ত, অরুচি ও বমি বিনষ্ট হয়

## পটোলাদিঃ।

পটোল বিশ্বামৃতা রোহিণী কৃতং জলং
পিবেৎ পিত্তকফাশ্রয়েষু। শূল ভ্রমারোচক
বহ্নিমান্দ্য দাহ জ্বরচ্ছর্দ্দি নিবারণং তৎ॥

পটোলপত্র, শুঁঠ, গুলঞ্চ ও কট্‌কী; এই ক্বাথ পান করিলে কফ, পিত্ত, শূল, ভ্রম, অগ্নিমান্দ্য, দাহ, জ্বর ও বমি বিনষ্ট হয়।

দশাঙ্গঃ।

বাসামৃতা পর্পটক নিম্ব ভূনিম্ব মার্কবৈঃ।
ত্রিফলা কুলকৈঃ ক্বাথঃ সক্ষৌদ্রশ্চাম্লপিত্তহাঃ॥

বাসক ছাল, গুলঞ্চ, ক্ষেতপাপড়া, নিম, চিরতা, ভীমরাজ, হরীতকী, আমলকী, বহেড়া ও পটোল পত্র; এই কাথের সহিত মধু মিশ্রিত করতঃ পান করিলে অম্লপিত্ত বিনষ্ট হয়।

ক্বাথত্রয়ম্।

পারিভদ্র দলানীতি আমলক্যা ফলানিচ।
ক্বাথ পানং প্রযোক্তব্য মম্লপিত্তং ব্যপোহতি॥
পটোল পাটল ক্বাথো ধান্য নাগরকান্বিতা।
জলেন হিতকঃ প্রোক্তশ্চাম্লপিত্ত নিবারণে॥

পালিধা মাদার পত্র ও আমলকীর ক্বাথ কিম্বা পটোল, পারুল, ধনে ও শুঁঠ; ইহাদের ক্বাথ সেবন করিলে অম্লপিত্ত রোগ প্রশমিত হয়।

পটোল বিশ্বামৃতাবল্লী তিক্তা পত্রাণি
নিম্বস্থ চ বৎসকানাম্। ক্বাথো বিসর্পো-
স্তুব মম্লপিত্তং বিনাশয়েন্মণ্ডলকানি দদ্রূন্॥

পল্‌তা, শুঁঠ, গুলঞ্চ, চিরতা, নিমপত্র ও কুড়চি, ইহাদের কাথ পান করিলে অম্লপিত্ত, বিসর্প ও দদ্রুরোগ আরোগ্য হয়

ইত্যম্লপিত্ত-চিকিৎসা।

# মসূরীরোগ-চিকিৎসা।

( বসন্ত )

## দশমূলাদিঃ।

দ্বেপঞ্চমূল্যৌ রাস্না চ ধাত্র্যশীরং দুরালভা।
সামৃত ধান্যকং মুস্তং জয়েদ্বাত মসূরিকান্ ॥

দশমূলী, রাস্না, আমলকী, বেণারমূল, দুরালভা, গুলঞ্চ, ধনে ও মুথা, এই ক্বাথ পান করিলে বাত জনিত মসূরিকা নষ্ট হয়.

## নিম্বাদিঃ।

নিম্ব পর্পটকং পাঠা পটোলশ্চন্দন দ্বয়ম্।
উশীরং কটুকা ধাত্রী তথা বাসা দুরালভা ॥
এষাং পানং শৃতং শীতমুক্তমং শর্করান্বিতম্।
মসূর্য্যাং পিত্তজায়াস্তু প্রয়োক্তব্যং বিজানতা ॥
দাহেজ্বরে বিসর্পেচ ব্রণে পিত্তাধিকেঽপিচ।
মসূর্য্যা রক্তজা নাশং যান্তিশোণিত মোক্ষণৈঃ ॥

নিম, ক্ষেত্‌পাপড়া, আকনাদি, পল্‌তা, শ্বেতচন্দন, রক্তচন্দন, বেণারমূল, কট্‌কী, আমলকী, বাসক ও দুরালভা; ইহাদের ক্বাথ শীতল করতঃ চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে পিত্তজ মসূরিকা, দাহ, জ্বর, বিসর্প প্রভৃতি রোগ বিনষ্ট হয়

বাসকাদিঃ।

বাসা মুস্তক ভূনিম্ব ত্রিফলেন্দ্রযবাসকম্।
পটোলারিষ্টকঞ্চাপি ক্বাথয়িত্বা সমাক্ষিকম্॥
পিবেত্তেন প্রশাম্যন্তি মসূর্য্যঃ কফসম্ভবাঃ॥

বাসক, মুথা, চিরত, হরীতকী, আমলকী, বহেড়া, ইন্দ্রযব দুরালভা, পল্তা ও নিম; ইহাদের কাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে শ্লৈষ্মিক মসূরিকা নিবারণ হয়

চন্দনাদিঃ।

চন্দনং বাসকো মুস্তং গুড়ূচী দ্রাক্ষয়া যুতাম্।
এষাং শীত কষায়স্তু শীতলাজ্বর নাশনম্॥

চন্দন, বাসক, মুথা, গুলঞ্চ ও কিসমিস্ ইহাদের শীতলকাথ পান করিলে শীতল-জ্বর প্রশমিত হয়।

পটোলাদিঃ।

পটোল কুণ্ডলী মুস্ত বৃষধন্বযবাসকৈঃ।
ভূনিম্ব নিম্ব কটুকা পর্পটৈশ্চ শৃতং জলম্॥
মসূরীং শময়েদামাং পক্কাশ্চৈব বিশোষয়েৎ।
নাতঃ পরতরং কিঞ্চিদ্ বিস্ফোট জ্বর শান্তয়ে॥

পটোলপত্র, গুলঞ্চ, মুথা, বাসকছাল, দুরালভা, চিরতা, নিমছাল; কট্‌কী ও ক্ষেৎপাপড়া, এই ক্বাথ পান করিলে অপক্ক বসন্ত প্রশমিত ও পক্ক বসন্ত শুষ্ক হয় এবং বিস্ফোট্ ও তজ্জনিত জ্বর বিনষ্ট হয়

ইতি মসূরীরোগ-চিকিৎসা।

# মুখরোগ-চিকিৎসা।

## পঞ্চযোগাঃ।

জাতীপত্রামৃতা দ্রাক্ষা পাঠা দার্ব্বী ফলত্রিকৈঃ।
ক্বাথঃ ক্ষৌদ্রযুতঃ শীতো গণ্ডূষো মুখপাকনুৎ॥
পটোল নিম্ব জম্বাম্র মালতী নব পল্লবাঃ।
পঞ্চ পল্লবজঃ শ্রেষ্ঠঃ কষায়োমুখ ধাবনে।
পঞ্চ বল্ক কষায়ো বা ত্রিফলাক্বাথ এব বা।
মুখপাকেষু স ক্ষৌদ্রঃ প্রয়োজ্যো মুখ ধাবনে॥
স্বরসঃ ক্বথিতো দার্ব্ব্যা ঘনীভূতো রসক্রিয়া।
সক্ষৌদ্রা মুখরোগাসৃগ্ দোষনাড়ী ব্রণাপহা॥

জাতী পত্র, গুলঞ্চ, কিস্‌মিস্, আকনাদি, দারুহরিদ্রা, হরীতকী, আমলকী ও বহেড়া; এই ক্বাথ শীতল হইতে মধু মিশ্রিত করতঃ গণ্ডূষ ধারণ করিলে মুখ পাক প্রশমিত হয়।

পল্‌তা, নিমপত্র, জামপত্র, আম্রপত্র ও মালতীপত্র; ইহাদের কচি নূতন পত্রের ক্বাথে মধু মিশ্রিত করতঃ মুখে ধারণ করিলে মুখরোগ প্রশমিত হয়।

বট, যজ্ঞডুমুর, অশ্বত্থ, পাকুড় ও বেতস; ইহাদের ছালের ক্বাথে অথবা হরীতকী, আমলকী ও বহেড়া; এই দ্রব্য ত্রয়ের ক্বাথে মধু মিশ্রিত করতঃ মুখ ধৌত করিলে মুখ পাকি প্রশমিত হয়।

দারু হরিদ্রার ক্বাথ অগ্নিসন্তাপে ঘনীভূত করিয়া মধুসহ-

যোগে মুখে ধারণ করিলে মুখরোগ, তজ্জনিত রক্তদোষ মুখের নালীঘা বিনষ্ট হয়।

## সপ্তচ্ছদাদিঃ।

সপ্তচ্ছদোশীর পটোল মুস্ত হরীতকী-তিক্তকরোহিণীভিঃ। যষ্ট্যাহ্ব রাজদ্রুম চন্দনৈশ্চ ক্বাথং পিবেৎ পাকহরং মুখস্থ।

ছাতিম ছাল, বেণার মূল, পল্‌তা, মুথা, হরীতকী, কট্‌কী, যষ্টিমধু, সোঁদাল ও রক্তচন্দন; ইহাদের কাথ পান করিলে মুখের পাক প্রশমিত হয়

## পটোলাদিঃ।

পটোল শুণ্ঠী ত্রিফলা বিশালা ত্রায়ন্তি তিক্তা দ্বিনিশামৃতানাম্। পীতঃ কষায়ো মধুনা নিহন্তি মুখেস্থিতশ্চাস্থ গদান-শেষান্॥

পটোলপত্র, শুঁঠ, হরীতকী, আমলকী, বহেড়া, রাখাল-শশার মূল, বলাডুমুর, কট্‌কী, হরিদ্রা, দারুহরিদ্রা ও গুলঞ্চ; ইহাদের কাথের সহিত মধু মিশ্রিত করতঃ পান বা মুখে ধারণ করিলে নানাপ্রকার মুখরোগ বিনষ্ট হয়।

ইতি মুখরোগ চিকিৎসা।

# নেত্ররোগ-চিকিৎসা।

## বাসকাদিঃ।

অটরূষাভয়া নিম্ব ধাত্রী মুস্তাক্ষ কুলকৈঃ।
রক্তস্রাবং কফং হন্তি চক্ষুষ্যং বাসকাদিকম্॥

বাসক ছাল, হরীতকী, নিমছাল, আমলকী, মুথা, বহেড়া, ও পটোলপত্র; এই ক্বাথ চক্ষে সেচন এবং উহাতে গুগ্‌গুল্ মিশ্রিত করতঃ পান করিলে চক্ষু হইতে রক্তস্রাব ও শ্লেষ্মা নিবারিত হয় এবং চক্ষু প্রদীপ্ত হয়।

## বৃহদ্বাসকাদিঃ।

বাসাঘনং নিম্ব পটোল পত্রং তিক্তামৃতা চন্দন বৎসকত্বক্। কলিঙ্গদার্ব্বী দহনানি শুণ্ঠী ভূনিম্ব ধাত্র্যাবভয়া বিভীতম্। শ্যামা-যব ক্বাথ মথাষ্টভাগং পিবেদিমং পূর্ব্বদিনে কষায়ম্। তৈমির্য্য কণ্ডূ পটলার্ব্বুদঞ্চ শুক্রং তথা সব্রণম ব্রণঞ্চ। নিহন্তি সর্ব্বান্নয়নাময়াংশ্চ ভৃগূপদিষ্টং নয়না-ময়েষু॥

বাসকছাল, মুথা, নিমছাল, পটোলপত্র, কট্‌কী, গুলঞ্চ, রক্তচন্দন, কুড়চিছাল, ইন্দ্রযব, দারুহরিদ্রা, চিতামূল, শুঁঠ, চিরতা, আমলকী, হরীতকী, বহেড়া, শ্যামালতা ও যব তণ্ডুল;

এই দ্রব্য গুলি দ্বারা অষ্টমাংশাবশিষ্ট ক্বাথ প্রস্তুত করতঃ প্রত্যহ প্রাতঃকালে পান করিলে তৈমির্য্য (তিমিরতা), কণ্ডু, পটলার্ব্বুদ ও শুক্রাদি নানাবিধ চক্ষু রোগ বিনষ্ট হয়।

ধাত্র্যাদিঃ।

ধাত্রী ফলং নিম্ব কপিত্থ পত্রং যষ্ট্যাহ্ব
লোধ্রং খদিরং তিলাশ্চ। ক্বাথঃ সুশীতো
নয়নে নিষিক্তঃ সর্ব্বপ্রকারং বিনিহন্তি
শুক্রম্॥

আমলকী, নিমপত্র, কয়েৎ বেলের পত্র, যষ্টি মধু, লোধ, খদির কাষ্ঠ ও তিল; এই সকল দ্রব্যের ক্বাথ শীতল করিয়া চক্ষু সেচন করিলে সকল প্রকার শুক্র রোগ বিনষ্ট হয়।

ইতি নেত্র রোগ-চিকিৎসা।

---

## স্ত্রীরোগ-চিকিৎসা।

আদৌ প্রদরে।

দার্ব্ব্যাদিঃ।

দার্ব্বী রসাঞ্জন বৃষাব্দ কিরাত বিল্ব
ভল্লাতকৈ রব কৃতো মধুনা কষায়ঃ।
পীতো জয়ত্যতি বলং প্রদরং সশূলং
পীতাসিতারুণ বিলোহিত নীলশুক্লম্॥

দারুহরিদ্রা, রসাঞ্জন, বাসক মূলের ছাল, মুথা, চিরতা,

বেলশুঁঠ ও ভেলা; এই ক্বাথের সহিত মধু মিশ্রিত করতঃ পান করিলে শূল সংযুক্ত পীত, কৃষ্ণ, লোহিত, নীল ও শুক্লবর্ণ প্রদর বিনষ্ট হয়

### অশোক-ক্বাথঃ

অশোক বল্কল ক্বাথ শৃতং দুগ্ধং সুশীতলম্।
যথাবলং পিবেৎ প্রাতস্তীব্রাসৃগ্দর নাশনঃ॥

অশোকছালের ক্বাথ সহ দুগ্ধ পাক করিয়া পান করিলে প্রদর রোগ প্রশমিত হয়

### প্রদরান্তকঃ।

কটঙ্ককেরী রসজাব্দ বাসা ভুনিম্ব ভল্লী
তিলজঃ কষায়ঃ। ক্ষৌদ্রান্বিতশ্চঞ্চল
লোচনানাং নানা বিধানি প্রদরাণিহন্যাৎ॥

দারুহরিদ্রা, রসাঞ্জন, মুথা বাসক, চিরতা, ভেলা ও তিল; এই সকল দ্রব্য দ্বারা ক্বাথ প্রস্তুত করিয় মধু প্রক্ষেপ দিয়া পান করিলে স্ত্রীদিগের নানাবিধ প্রদর রোগ বিনষ্ট হয়

---

## গর্ভিণী-চিকিৎসা।

### এরণ্ডাদিঃ

এরণ্ড মূলমমৃতা মঞ্জিষ্ঠা রক্তচন্দনম্।
দারুপদ্ম যুতোক্বাথো গর্ভিণ্যা জ্বর নাশনঃ।

এরণ্ড মূল, গুলঞ্চ, মঞ্জিষ্ঠা, রক্তচন্দন, দেবদারু ও পদ্ম

কাষ্ঠ; এই সকল দ্রব্যের কাথ পান করিলে গর্ভিণীর জ্বর নষ্ট হয়।

### হ্রীবেরাদিঃ।

হ্রীবেররুন্মু রক্তচন্দন বলা ধান্যাক বৎসাদনী মুস্তোশীর যবাস পর্পট বিষাক্কাথং পিবেদ্ গর্ভিণী। নানাবর্ণরুজাতিসার গদে রক্তস্রুতৌ বা জ্বরে যোগোহয়ং মুনিভিঃ পুরা নিগদিতঃ সূত্যা ময়েযুত্তমঃ॥

বালা, শোণাছাল্, রক্তচন্দন, বেড়েলা, ধনে, গুলঞ্চ, মুথা, বেণারমূল, দুরালভা, ক্ষেত্পাপড়া ও আতইষ; এই সকল দ্রব্য দ্বারা কাথ প্রস্তুত করতঃ পান করিলে নানাবর্ণ ও বেদনা সংযুক্ত অতিসার, রক্তস্রাব এবং জ্বর ও সূতিকা রোগ নষ্ট হয়।

### মধুকাদিঃ।

মধুক চন্দনোশীর সারিবাপদ্মপত্রকৈঃ।
শর্করা মধু সংযুক্তৈঃ কষায়ো গর্ভিণী জ্বরে॥

যষ্টিমধু, রক্তচন্দন, বেণার মূল, অনন্ত মূল, পদ্মকাষ্ঠ ও তেজপত্র; ইহার কাথে চিনি ও মধু প্রক্ষেপ দিয়া পান করিলে গর্ভিণীর জ্বর নষ্ট হয়।

### চন্দনাদিঃ।

চন্দনং সারিবালোধ্র মৃদ্বীকা শর্করান্বিতম্।
কাথং কৃত্বা প্রদাতব্যং গর্ভিণ্যা জ্বর নাশনম্॥

রক্তচন্দন, অনন্ত মূল, লোধ ও কিস্‌মিস্‌; ইহার ক্বাথে চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে গর্ভিণীর জ্বর নষ্ট হয়

ক্বাথদ্বয়ম্‌।

কুশ কাশো রুবুকানাং মূলৈঃ গোক্ষুরকস্য চ।
শৃতং দুগ্ধং সিতাযুক্তং গর্ভিণ্যাঃ শূলনুৎ পরম্‌॥

কুশমূল, কেশেমূল, এরণ্ডমূল ও গোক্ষুর মূল, ইহার ক্বাথের সহিত চিনি মিশ্রিত করতঃ পান করিলে গর্ভশূল বিনষ্ট হয়।

কশেরু শৃঙ্গাটক জীবনীয় পদ্মোৎ পলৈঃ-
রণ্ড শতাবরীভিঃ। সিদ্ধং পযঃ শর্করয়া
বিমিশ্রং সংস্থাপয়েদ্‌ গর্ভমুদীর্ণবেগম্‌॥

কেশুর, পানিফল, জীবক, ঋষভক, মেদ, মহামেদ, কাঁকোলী, ক্ষীর কাঁকোলী, মুগানি, মাষানি, জীবন্তী, যষ্টিমধু, পদ্ম কেশর, নীলোৎপল, এরণ্ড মূল ও শতমূলী, এই সকল দ্রব্যের ক্বাথের সহিত চিনি মিশ্রিত করতঃ পান করিলে গর্ভশূল নিবারিত হয়।

---

# সূতিকারোগ-চিকিৎসা।

## অমৃতাদিঃ।

অমৃতা নাগর সহচর ভদ্রোৎকট পঞ্চ মূল
জলদ জলম্‌। শীতং মধু সংযুক্তং নিবা-
রয়তি সূতিকাতঙ্কম্‌॥

গুলঞ্চ, শুঁঠ, ঝাঁটি মূল, গন্ধ ভাদুলে, শালপানি, চাকুলে

বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, ও মুথা ; এই ক্কাথের সহিত মধু মিশ্রিত করতঃ পান করিলে সূতিকারোগ বিনষ্ট হয়

## সূতিকা দশমূলম্।

শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতীদ্বয় গোক্ষুরম্।
দাসী প্রসারণী বিশ্ব গুড়ূচী মুস্তকং তথা॥
নিহন্তি সূতিকারোগং জ্বরং দাহ সমন্বিতম্॥

শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, নীলঝাঁটির মূল, গন্ধভাদুলে মূল, শুঁঠ, গুলঞ্চ ও মুথা ; এই ক্কাথ পান করিলে জ্বর ও দাহ সমন্বিত সূতিকারোগ বিনষ্ট হয়

## সহচরাদিঃ।

সহচরমুস্ত গুড়ূচী ভদ্রোৎকট বিশ্ববালকৈঃ
ক্কথিতম্। পেয়মিদং মধুমিশ্রং সদ্যো জ্বর
শূলনুৎ সূত্যাঃ॥

ঝাঁটিমূল, মুথা, গুলঞ্চ, গন্ধভাদুলে, শুঁঠ ও বালা ; এই ক্কাথের সহিত মধু মিশ্রিত করতঃ পান করিলে প্রসূতির জ্বর ও শূল বিনষ্ট হয়।

## দেবদার্ব্ব্যাদি ক্কাথঃ।

দেবদারু বচা কুষ্ঠং পিপ্পলী বিশ্বভেষজম্।
ভুনিম্ব কট্‌ফলং মুস্তং তিক্তা ধান্যা হরীতকী॥
গজকৃষ্ণা সদুঃস্পর্শা গোক্ষুরো যবযাসকঃ।
বৃহত্যতিবিষা ছিন্না কর্কটঃ কৃষ্ণজীরকঃ॥

সমভাগান্বিতৈরেতৈঃ সিন্ধু রামঠসংযুতম্।
ক্বাথমষ্টাবশেষং তু প্রসূতাং পায়য়েৎস্ত্রিয়ম্॥
শূলকাস জ্বর শ্বাস মূর্চ্ছা কম্প শিরোর্ত্তিভিঃ।
যুক্তং প্রলাপ তৃড়্ দাহ তন্দ্রাতীসার বান্তিভিঃ॥
নিহন্তি সূতিকারোগং বাতপিত্ত কফোদ্ভবম্।
কষায়ো দেবদার্ব্ব্যাদিঃ সূতায়াঃ পরমৌষধম্॥

দেবদারু, বচ, কুড়, পিপ্পলী, শুঁঠ, চিরতা, কট্‌ফল, মুথা, কট্‌কী, ধনে, হরীতকী, গজ পিপ্পলী, দুরালভা, গোক্ষুর, দুরালভা, বৃহতী, আতইষ, গুলঞ্চ, কাঁকড়া শৃঙ্গী ও কৃষ্ণজীরা; এই সকল দ্রব্য দ্বারা যথা নিয়মে ক্বাথ প্রস্তুত করিয়া সৈন্ধবলবণ ও হিংপ্রক্ষেপ দিয়া প্রসূতা নারী পান করিলে তাহার শূল, কাস, জ্বর, শ্বাস, মূর্চ্ছা, প্রলাপ, পিপাসা, অতিসার, বমি এবং বায়ুপিত্ত ও কফ জনিত সর্ব্ব প্রকার সূতিকা রোগ নষ্ট হয়।

## ক্বাথত্রয়ম্।

সহচর পুষ্কর বেতস মূলং বিকঙ্কত দারু
কুলত্থ সমম্। জলমাত্রে সসৈন্ধব হিঙ্গুযুতং
সদ্যো জ্বর সূতিক শূল হরম্।

ঝাঁটিমূল, কুড, বেতস বৃক্ষের মূল, বঁইচি মূল, দেবদারু ও কুলত্থ, কলাই; ইহাদের ক্বাথের সহিত সৈন্ধব লবণ ও হিং মিশ্রিত করতঃ পান করিলে সূতিকা জনিত জ্বর ও শূল নষ্ট হয়।

সহচর কৃতঃ ক্বাথঃ পিপ্পলী চূর্ণ সংযুতঃ।
দীপনো জ্বরদোষাম সূতিকারোগ নাশনঃ॥

ঝাঁটি মূলের কাথ, পিপুল চূর্ণসহ পান করিলে প্রসূতির অগ্নির দীপ্তি হইয়া জ্বর, দোষ ও আম বিনষ্ট হয়।

দশমূলী কৃতঃ ক্বাথঃ সাজ্যঃ সূতিরুজাপহঃ।

দশমূলের ক্বাথের সহিত ঘৃত মিশ্রিত করতঃ পান করিলে সূতিকা রোগ বিনষ্ট হয়।

ইতি স্ত্রীরোগ-চিকিৎসা।

---

# বালরোগ-চিকিৎসা।

## মুস্তকাদিঃ।

মুস্তকাতিবিষা শুণ্ঠী বালকেন্দ্র যবৈঃ কৃতম্।
ক্বাথং শিশুঃ পিবেৎ প্রাতঃ সর্ব্বাতীসার নাশনম্।

মুথা, আতইষ, শুঁঠ, বালা ও ইন্দ্রযব; এই ক্বাথ প্রাতঃকালে শিশুকে পান করাইলে সর্ব্ব প্রকার অতিসার বিনষ্ট হয়।

## হরিদ্রাদিঃ।

হরিদ্রাদ্বয় যষ্ট্যাহ্ব সিংহী শক্রযবৈঃ কৃতঃ।
শিশোর্জ্বরাতীসারঘ্নঃ কষায়ঃ স্তন্যদোষজিৎ॥

হরিদ্রা, দারুহরিদ্রা, যষ্টিমধু, চাকুলে ও ইন্দ্রযব; এই ক্বাথ প্রসূতিকে পান করাইলে শিশুর জ্বর ও অতিসার প্রশমিত হয় এবং মাতার স্তন্য বিশোধিত হয়।

### সমঙ্গাদিঃ।

সমঙ্গা ধাতকী লোধ্র শারিবাভিঃ শৃতং জলম্।
দুর্দ্ধরেঽপি শিশোর্দ্দেয় মতিসারে সমাক্ষিকম্॥

বরাহক্রান্তা, ধাইফুল, লোধ ও অনন্তমূল; এই ক্বাথ মধু সহ শিশুকে পান করাইলে অতিসার নিবারিত হয়।

### নাগরাদিঃ।

নাগরাতিবিষা মুস্তঃ বালকেন্দ্র যবৈঃ শৃতম্।
কুমারং পায়য়েৎ প্রাতঃ সর্ব্বাতীসার নাশনম্॥

শুঁঠ, আতইষ, মুথা, বালা ও ইন্দ্রযব; ইহাদের ক্বাথ শিশুকে প্রাতঃকালে পান করাইলে সর্ব্ব প্রকার অতিসার বিনষ্ট হয়

### বিল্বাদিঃ।

বিল্বচূত কষায়েণ লাজাংশ্চৈব সশর্করান্।
আলোড্য পায়য়েদ্বালং ছর্দ্দ্যতীসার নাশনম্॥

বেল শুঁঠ ও আম্রবৃক্ষের ছালের ক্বাথে খই চূর্ণ ও চিনি মিশ্রিত করতঃ শিশুকে পান করাইলে বমি ও অতিসার বিনষ্ট হয়

### পটোলাদিঃ।

পটোল ত্রিফলারিষ্ট হরিদ্রা ক্বথিতং পিবেৎ।
ক্ষত বিসর্প বিস্ফোট জ্বরানাং শান্তয়ে শিশুঃ॥

পলতা, হরীতকী, আমলকী, বহেড়া, নিম্বও হরিদ্রা; ইহাদের ক্বাথ পান করাইলে শিশুর বিসর্প, বিস্ফোট ও জ্বর বিনষ্ট হয়।

## পঞ্চমূল্যাদিঃ।

পঞ্চমূলী কষায়েন সঘৃতেণ পয়ঃশৃতম্।
সশৃঙ্গবেরং সগুড়ং শীতং হিক্কার্দ্দিতঃ পিবেৎ॥

বেল ছাল, শোণা ছাল, গাম্ভারী ছাল, পারুল ছাল ও গণি-য়ারী ছাল; এই দ্রব্যগুলি উপযুক্ত মাত্রায় গ্রহণ পূর্ব্বক জল ও দুগ্ধের সহিত সিদ্ধ করিয়া ক্বাথ প্রস্তুত করিবে উক্ত ক্বাথের সহিত আদার রস ও ইক্ষু গুড় মিশ্রিত করতঃ শিশুকে সেবন করাইবে। ইহা দ্বারা বালকদিগের হিক্কারোগ প্রশমিত হইবে।

## বিল্বাদিঃ। (২)

বিল্বশক্রাম্বু মোচাব্দ সিদ্ধমাজং পয়ঃশিশোঃ।
সমাং সরক্তাং গ্রহণীং শীতং হন্যা ত্রিরাত্রতঃ॥

বেল শুঁঠ, ইন্দ্রযব বালা, মোচরস ও মুথা; এই দ্রব্যগুলি উপযুক্ত মাত্রায় গ্রহণ পূর্ব্বক ছাগ দুগ্ধের সহিত সিদ্ধ করিয়া ক্বাথ প্রস্তুত করতঃ শিশুকে পান করাইলে তিন দিবসের মধ্যে সকল প্রকার গ্রহণীরোগ বিনষ্ট হয়

ইতি বালরোগ-চিকিৎসা।

---

সম্পূর্ণ।

LIBRARY.